# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

Jaistha 21, 1433 Bangla, June 04, 2026, Thursday, No. 149, 56th year

# H I G H L I G H T S

Prime Minister Tarique Rahman presides over a meeting on Dhaka-Narayanganj-Demra Embankment to find solutions to long-standing water-logging problem in embankment area. [Jago FM: 18]

United States has congratulated Bangladesh's Foreign Minister Dr Khalilur Rahman for being elected as President of 81st session of UNGA. [R. Today: 24]

Dr Khalilur Rahman has announced a six-point agenda to strengthen global peace, sustainable development & human rights in his address at UNGA. [R. Today: 23]

Health Minister has announced a set of plans to reach modern medical services to doorsteps of grassroot level people. [Jago FM: 21]

Government has withdrawn Joint Secretary A.K.M. Anisur Rahman, Member of Mongla Port Authority following death of his elderly mother at a flat in capital's Mirpur area. [BBC: 03]

US has proposed to impose additional tariffs on imports of goods from 60 countries, including Bangladesh. [BBC: 07]

Government probe committee has submitted its investigation report on deaths of six newborn babies in capital's Ad-din Medical College Hospital. [BBC: 03]

Government has increased electricity prices at wholesale & retail levels; effective from 1st June. [BBC: 03]

U.S. President Donald Trump has said, Iran has agreed not to have a nuclear weapon. [BBC: 14]

At least 21 people have been killed in a devastating fire at a restaurant in New Delhi. [BBC: 15]

| | | |
|---|---|---|
| **Director: 44813046** | **Deputy News Controller: 44813048<br>44813179** | **Assistant News Controller: 44813047<br>44813178** |

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**জ্যৈষ্ঠ ২১, বাংলা ১৪৩৩, জুন ০৪, ২০২৬, বৃহস্পতিবার, নং- ১৪৯, ৫৬তম বছর**

# শিরোনাম

ঢাকা-নারায়ণগঞ্জ-ডেমরা বাঁধ এলাকার দীর্ঘমেয়াদি জলাবদ্ধতা নিরসনে প্রধানমন্ত্রী তারেক রহমানের সভাপতিত্বে বৈঠক অনুষ্ঠিত । [জাগো নিউজ: ১৮]

জাতিসংঘ সাধারণ পরিষদের ৮১তম অধিবেশনের সভাপতি নির্বাচিত হওয়ায় বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমানকে যুক্তরাষ্ট্রের অভিনন্দন । [রে. টুডে: ২৪]

জাতিসংঘে দেওয়া বক্তব্যে বৈশ্বিক শান্তি, টেকসই উন্নয়ন, মানবাধিকার বিষয়ে ছয় দফা কর্মপরিকল্পনার ঘোষণা দিয়েছেন ড. খলিলুর রহমান। [রে. টুডে: ২৩]

দেশের তৃণমূলের মানুষের দোরগোড়ায় আধুনিক চিকিৎসাসেবা পৌঁছে দিতে একগুচ্ছ পরিকল্পনার কথা জানালেন স্বাস্থ্যমন্ত্রী। [জাগো এফএম: ২১]

রাজধানীর মিরপুরে নূরজাহান বেগমের মরদেহ উদ্ধারের ঘটনায় তার ছেলে, যুগ্ম সচিব এ কে এম আনিসুর রহমানকে তার বর্তমান দায়িত্ব থেকে প্রত্যাহার । [বিবিসি: ০৩]

বাংলাদেশসহ ৬০টি দেশের পণ্যের ওপর নতুন করে শুল্ক আরোপের প্রস্তাব দিয়েছে যুক্তরাষ্ট্র। [বিবিসি: ০৭]

ঢাকার আদ-দ্বীন হাসপাতালে ছয় নবজাতকের মৃত্যুর ঘটনায় প্রতিবেদন জমা দিয়েছে তদন্ত কমিটি ।[বিবিসি: ০৩]

বাংলাদেশে বিদ্যুতের পাইকারি ও খুচরা পর্যায়ে দাম বৃদ্ধি – ১লা জুন থেকে কার্যকর। [বিবিসি: ০৩]

ইরান পারমাণবিক অস্ত্র তৈরি না করার বিষয়ে সম্মত হয়েছে বলে জানিয়েছে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। [বিবিসি: ১৪]

ভারতের নতুন দিল্লিতে একটি রেস্তোরাঁয় অগ্নিকাণ্ডের ঘটনায় ২১ জন নিহত। [বিবিসি: ১৫]

# বিবিসি

## বাংলাদেশে বিদ্যুতের দাম বাড়ানো হয়েছে

বাংলাদেশে বিদ্যুতের পাইকারি ও খুচরা পর্যায়ের দাম বাড়ানো হয়েছে। ১ জুন থেকেই নতুন দাম কার্যকর হবে। আজ বুধবার ঢাকার রমনায় ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন, বাংলাদেশ (আইইবি) ভবনে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এ ঘোষণা দিয়েছে বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন (বিইআরসি)। বিইআরসি চেয়ারম্যান জালাল আহমেদ জানিয়েছেন, পাইকারিতে প্রতি ইউনিট বিদ্যুতের দাম ৭ টাকা থেকে ১ টাকা ৩৯ পয়সা বাড়িয়ে ৮ টাকা ৩৯ পয়সা নির্ধারণ করা হয়েছে। আর খুচরা পর্যায়ে প্রতি ইউনিট বিদ্যুতের দাম ৯ টাকা ১১ পয়সা থেকে ১ টাকা ৫২ পয়সা বাড়িয়ে ১০ টাকা ৬৩ পয়সা নির্ধারণ করা হয়েছে। এতে পাইকারি পর্যায়ে ১৯ দশমিক ৮৫ শতাংশ এবং গ্রাহক পর্যায়ে ১৬ দশমিক ৬৮ শতাংশ দাম বাড়ানো হয়েছে। এর আগে, বিদ্যুতের দাম বাড়ানোর বিষয়ে গত ২০ ও ২১ মে গণশুনানি করেছিল বিইআরসি। „(বিবিসি ওয়েব পেজ : ০৩.০৬.২০২৬ নারগীস)

## খানজাহান আলী মাজারের দিঘির কুমিরটিকে সরিয়ে নেওয়া হয়েছে

বাগেরহাটের খানজাহান আলী মাজার সংলগ্ন দীঘিতে থাকা কুমিরটিকে সরিয়ে নেওয়া হয়েছে। এটিকে সুন্দরবনের করমজল বন্যপ্রাণী প্রজনন কেন্দ্রে স্থানান্তরের সিদ্ধান্ত নিয়েছে জেলা প্রশাসন। বুধবার সকালে পুকুর থেকে কুমিরটিকে ফাঁদ পেতে ধরা হয়। এরপর সেটিকে জেলা প্রশাসনের তত্ত্বাবধানে সুন্দরবনে নিয়ে যাওয়া হয়। মাজারে আগত দেশি-বিদেশি দর্শনার্থী ও ভক্তদের নিরাপত্তা নিশ্চিত করতে গতকাল মঙ্গলবার গভীর রাতে অনুষ্ঠিত এক জরুরি সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়। খবর রাষ্ট্রীয় বার্তা সংস্থা বাসস-এর। বাগেরহাট জেলা প্রশাসক গোলাম মোহাম্মদ বাতেন জানান, সাম্প্রতিক মর্মান্তিক ঘটনার পর মাজার এলাকায় আগত দর্শনার্থীদের নিরাপত্তার বিষয়টি সর্বোচ্চ গুরুত্বের সঙ্গে বিবেচনা করা হয়েছে। পরিস্থিতি পর্যালোচনা করে দীঘিতে থাকা কুমিরটিকে করমজল বন্যপ্রাণী প্রজনন কেন্দ্রে হস্তান্তরের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। উল্লেখ্য, সোমবার রাত ৮টার দিকে মাজার সংলগ্ন দীঘিতে গোসল করতে নেমে আট বছর বয়সি ফাতেমা আক্তার কুমিরের আক্রমণের শিকার হয়। প্রত্যক্ষদর্শীদের ভাষ্য অনুযায়ী, কুমিরটি শিশুটির পা ধরে পানির নিচে টেনে নিয়ে যায়। পরে মঙ্গলবার ভোরে মাজার সংলগ্ন দিঘির মহিলা ঘাট এলাকা থেকে তার মরদেহ উদ্ধার করা হয়।(বিবিসি ওয়েব পেজ : ০৩.০৬.২০২৬ নারগীস)

## আদ-দ্বীনে ছয় শিশু মৃত্যুর ঘটনায় তদন্ত প্রতিবেদন জমা

বাংলাদেশের রাজধানী ঢাকার আদ-দ্বীন হাসপাতালে ছয় শিশু মৃত্যুর ঘটনায় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় গঠিত তদন্ত কমিটি তাদের প্রতিবেদন স্বাস্থ্যমন্ত্রীর কাছে জমা দিয়েছে। আজ বুধবার স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের জনসংযোগ কর্মকর্তা মাহমুদুল হাসান এ তথ্য জানিয়েছেন। স্বাস্থ্য অধিদপ্তর গঠিত পৃথক তদন্ত কমিটিও আগামীকাল তাদের প্রতিবেদন জমা দিবে। ঘটনার তদন্ত ও প্রাপ্ত তথ্য নিয়ে আগামীকাল বৃহস্পতিবার বিকেল ৪টায় গণমাধ্যমের সঙ্গে কথা বলবেন স্বাস্থ্যমন্ত্রী সরদার মো. সাখাওয়াত হোসেন। (বিবিসি ওয়েব পেজ : ০৩.০৬.২০২৬ নারগীস)

## মায়ের মরদেহ উদ্ধারের ঘটনার পর ছেলে যুগ্ম সচিবকে দায়িত্ব থেকে প্রত্যাহার

বাংলাদেশের রাজধানী ঢাকার মিরপুরে একটি বাসা থেকে ৭৫ বছর বয়সি এক নারীর মরদেহ উদ্ধারের পর তার সন্তানদের দায়িত্বহীনতা ও অবহেলার অভিযোগ সামনে আসায় ওই নারীর ছেলে মোংলাবন্দর কর্তৃপক্ষের সদস্য (যুগ্ম সচিব) এ কে এম আনিসুর রহমানকে তার বর্তমান দায়িত্ব থেকে প্রত্যাহার করা হয়েছে। আজ বুধবার জনপ্রশাসন মন্ত্রণালয়ের জারি করা এক প্রজ্ঞাপনে এ কথা জানানো হয়েছে। মোংলাবন্দর থেকে তাকে জনপ্রশাসন মন্ত্রণালয়ে সংযুক্ত করার কথা জানানো হয় প্রজ্ঞাপনে। সেখানে বলা হয়েছে, আনিসুর রহমানকে আগামীকাল ৪ জুনের মাঝে বর্তমান কর্মস্থল থেকে অবমুক্ত হয়ে নতুন কর্মস্থলে যোগদান করতে হবে। অন্যথায় ওইদিন অপরাহ্ণ তাকে বর্তমান কর্মস্থল থেকে তাৎক্ষণিকভাবে অবমুক্ত (স্ট্যান্ড রিলিজড) বলে গণ্য করা হবে। এর আগে, জনপ্রশাসন প্রতিমন্ত্রী মো. আব্দুল বারী বাংলাদেশের দৈনিক প্রথম আলো পত্রিকাকে বলেছেন, ”পিতা-মাতার ভরণপোষণ আইন আছে, আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে। এ বিষয়ে ওই কর্মকর্তার (যুগ্ম সচিব) বক্তব্য গ্রহণসহ প্রয়োজনীয় প্রক্রিয়া অনুসরণ করা হবে। ইতোমধ্যে প্রক্রিয়া শুরু করা হয়েছে।„ সম্প্রতি মিরপুরের একটি বাসা থেকে বৃদ্ধা নারীর মরদেহ উদ্ধারের পর বিষয়টি ব্যাপক আলোচনার জন্ম দেয়। গণমাধ্যমে প্রকাশিত প্রতিবেদনে ওই নারীর সন্তানদের অবহেলার অভিযোগ উঠে আসে।(বিবিসি ওয়েব পেজ : ০৩.০৬.২০২৬ নারগীস)

## দিল্লিতে রেস্তোরাঁয় অগ্নিকাণ্ডের ঘটনায় পাঁচ বাংলাদেশি আহত

ভারতের রাজধানী দিল্লির মালভিয়া নগরের একটি রেস্তোরাঁয় অগ্নিকাণ্ডের ঘটনায় এখন পর্যন্ত পাঁচজন বাংলাদেশি আহত হয়েছেন বলে জানিয়েছে দিল্লির বাংলাদেশ হাইকমিশন। দিল্লির বাংলাদেশ হাইকমিশনের ভেরিফায়েড অফিসিয়াল ফেসবুক পাতায় এক পোস্টে বলা হয়েছে, আহতদের মাঝে তিনজন সাকেতের ম্যাক্স হাসপাতালে ও বাকি দুইজন সফদারজাং হাসপাতালে চিকিৎসাধীন। এ ঘটনায় শোক প্রকাশ করে হাইকমিশন আরও জানায়, ভারতীয় কর্তৃপক্ষের

সঙ্গে সার্বক্ষণিক যোগাযোগ রাখা হচ্ছে এবং তাদের অবস্থা নিবিড়ভাবে পর্যবেক্ষণ করা হচ্ছে। স্থানীয় আজ বুধবার সকালে দিল্লির মালভিয়া নগরের লেমন গ্রিন রেস্তোরাঁয় আগুন লাগে। এ ঘটনায় ১০ জনের বেশি মানুষের প্রাণহানির খবর পাওয়া গেছে। প্রশাসন চারজনের মৃতদেহ উদ্ধারের বিষয়টি নিশ্চিত করলেও স্থানীয় বিজেপি বিধায়ক সতীশ উপাধ্যায় বলেছেন, নিহতের সংখ্যা ২১ জন এবং ৪৭ জনকে উদ্ধার করা হয়েছে।

(বিবিসি ওয়েব পেজ : ০৩.০৬.২০২৬ নারগীস)

## বাংলাদেশে ঠেলে দেওয়ার চেষ্টা, বেনাপোল সীমান্তে কী হচ্ছে

বাংলাদেশের যশোর অঞ্চলের বেনাপোল সীমান্তে একদল ব্যক্তিকে বাংলাদেশে ঠেলে পাঠানোর চেষ্টা ব্যর্থ হওয়ার পর তাদের 'নো ম্যানস ল্যান্ড' বা 'জিরো লাইনের' কাছেই জড়ো করে রাখা হয়েছে বলে ধারণা করা হচ্ছে। ঘটনাস্থলের কাছে বাংলাদেশ সীমান্তে থাকা বিবিসির সংবাদদাতা নাগিব বাহার জানিয়েছেন, জড়ো করা লোকজনকে খালি চোখে দেখা না গেলেও, তাদের ব্যবহৃত দ্রব্যাদি মঙ্গলবার বিকেলেও দেখা গেছে। যশোরের রঘুনাথপুরের বিজিবি কমান্ডার লে. কর্নেল সাইফুল আলম খান বিবিসি বাংলাকে বলেছেন, তারা অবৈধভাবে কাউকে 'জিরো লাইন' ক্রস করতে দেবেন না। তবে ভারতীয় কর্মকর্তারা কোনো ধরনের `পুশ-ইনের, খবর অস্বীকার করেছেন। তারা বলেছেন, "শুধু ওই পেট্রাপোল (বেনাপোলের দিকে ভারতীয় সীমান্ত) অঞ্চলে নয়, অন্য জায়গা দিয়েও কাউকে পাঠানো হয়নি।„ ওদিকে ঢাকায় মঙ্গলবার বাংলাদেশের স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ সচিবালয়ে প্রেস ব্রিফিংয়ে বলেছেন, "ভারতের কেন্দ্রীয় সরকার জাতীয় পরিচয়পত্র যাচাইয়ের মাধ্যমে কোনো তালিকা পাঠালে আইন অনুযায়ী রিপ্যাট্রিয়েশন প্রক্রিয়া অনুসরণ করা হবে কিন্তু এখন পর্যন্ত তেমন কোনো তালিকা সরকার পায়নি।„ তিনি আরও বলেছেন, "বর্ডারে আমাদের বিজিবি অ্যালার্ট আছে। আমরা যে-কোনো ধরনের ইল্লিগ্যাল `পুশ-ইন, বা `পুশ-ব্যাক,, এগুলোর বিপক্ষে।„ এদিকে, বাংলাদেশের সাতক্ষীরা জেলা সংলগ্ন ভারতের হাকিমপুর সীমান্তে অবৈধভাবে দেশটিতে যাওয়া কয়েকশ কথিত বাংলাদেশি ফেরার জন্য জড়ো হয়েছেন বলে জানা গেলেও তাদের রাজ্য পুলিশ সেখান থেকে বিভিন্ন হোল্ডিং সেন্টারে নিয়ে যাচ্ছে বলে জানিয়েছেন ভারতীয় কর্মকর্তারা।

### কী ঘটেছে, পরিস্থিতি এখন কেমন

বিজিবি সূত্র ও স্থানীয়দের সাথে কথা বলে বিবিসির সংবাদদাতা জানতে পেরেছেন যে, রবিবার গভীর রাতে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী বিএসএফ প্রায় ১৫ জনের একটি দলকে যশোরের বেনাপোলের রঘুনাথপুর ও সাদীপুর এলাকা দিয়ে বাংলাদেশে ঠেলে পাঠানোর চেষ্টা করেছিল। খবর পেয়ে বাংলাদেশের সীমান্তরক্ষী বাহিনী বিজিবি সতর্ক অবস্থান নেয় এবং এর নিন্দা জানায়। এই প্রেক্ষাপটে সোমবার বিজিবি-বিএসএফ পতাকা বৈঠক হলেও, সেই বৈঠকে বিএসএফ এমন কোনো কিছুর সাথে নিজেদের সংশ্লিষ্টতার খবর প্রত্যাখ্যান করে বলে বিজিবি সূত্র বলছে। ভারতীয় কর্মকর্তারা অবশ্য বলছেন, এটি ছিল একটি রুটিন বৈঠক। যদিও সোমবার দুই দেশের শূন্য রেখার কাছেই একদল ব্যক্তিকে অবস্থান করতে দেখা গেছে। বিবিসি সংবাদদাতা নাগিব বাহার বলছেন, মঙ্গলবার কোনো ব্যক্তিকে জিরো লাইনের কাছে সরাসরি দেখা না গেলেও, সেখানে ব্যবহৃত নানা দ্রব্যাদি পড়ে থাকতে দেখা যাচ্ছে। "সীমানা চৌকির কাছেই গাছপালা আছে। ধারণা করা হচ্ছে, বাংলাদেশে ঠেলে দেওয়ার জন্য জড়ো করা ব্যক্তিদের সেখানেই রাখা হয়েছে। তবে বাংলাদেশ সীমান্ত থেকে তাদের দেখা যাচ্ছে না,„ আজ মঙ্গলবার সন্ধ্যায় ঘটনাস্থল থেকে বলছিলেন মি. বাহার। তবে বিজিবির দিক থেকে পাওয়া তথ্য অনুযায়ী, বিএসএফ যাদেরকে বাংলাদেশে ঠেলে পাঠানোর চেষ্টা করছে, তাদের মধ্যে নারী, পুরুষ ও শিশু আছে। রঘুনাথপুর বিজিবি কমান্ডার লে. কর্নেল সাইফুল আলম খান বিবিসি বাংলাকে বলছেন, গোয়েন্দা তথ্য ও নজরদারি থেকে তারা জানতে পেরেছিলেন যে, বিএসএফ আনুমানিক ১০০ জনকে জড়ো করেছিল। "তাদের বাংলাদেশে ঠেলে দেওয়ার চেষ্টা হয়। এর মধ্যে বিজিবি সতর্ক হওয়ায় ওইসব ব্যক্তিরা নো ম্যানস ল্যান্ডে অবস্থান নেয়। কাউকে আমরা অবৈধভাবে জিরো লাইন ক্রস করতে দেবো না,„ বিবিসি বাংলাকে বলেছেন মি. খান। তবে বিভিন্ন সূত্র থেকে জানা যাচ্ছে যে, যশোর ও সাতক্ষীরা সীমান্ত দিয়ে গত কয়েকদিন ধরেই বাংলাদেশে ঠেলে দেওয়ার চেষ্টা করছিল বিএসএফ। এর মধ্যে কিছু 'পকেট' দিয়ে কিছু লোকজন বাংলাদেশে ঢুকে পড়েছে বলেও মনে করা হচ্ছে। যদিও বিজিবি বলছে, তারা কাউকে বাংলাদেশে প্রবেশ করার সুযোগ দেয়নি। রঘুনাথপুর এলাকায় বিবিসি বাংলার সাথে কথা হয়েছে নজরুল ইসলাম নামে এক ব্যক্তির। তিনি সাতক্ষীরার শ্যামনগর এলাকা থেকে এসেছেন বলে জানিয়েছেন। মি. ইসলাম বিবিসি বাংলাকে জানিয়েছেন যে, বিএসএফ যাদের বাংলাদেশে ঠেলে দেওয়ার চেষ্টা করছে, তাদের মধ্যে তার পিতাও আছেন। তার দাবি 'নো ম্যানস ল্যান্ডে' অবস্থান করা তার পিতা তার সাথে ভিডিও কলে কথাও বলেছেন। তিনি ৫/৬ বছর আগে চিকিৎসার জন্য ভারতে গিয়ে আর দেশে ফিরে আসতে পারেননি বলে জানান মি. ইসলাম। "তিনি ভারতে থেকেই চিকিৎসা নিচ্ছিলেন। বাংলাদেশে পাঠানোর জন্য তাকেও ধরে আনা হয়েছে,„ বিবিসি বাংলাকে বলেছেন তিনি। তার পিতার কাছ থেকে পাওয়া তথ্য উদ্ধৃত করে নজরুল ইসলাম জানান যে, এই দলটিতে মোট ৬০ জনের মতো ছিল, যাদের অনেকে বিভিন্ন পথে বাংলাদেশে ঢুকে পড়েছে।

তবে বিজিবির যশোর দক্ষিণ পশ্চিম জোন কমান্ডার বিগ্রেডিয়ার মাহমুদুল হাসান বলছেন, বিভিন্ন সূত্র থেকে পাওয়া তথ্য ও মিডিয়া রিপোর্ট হওয়ার পর তারা সীমান্ত নজরদারি বাড়িয়েছে।

রঘুনাথপুর কমান্ডার লে. কর্নেল সাইফুর আলম খান বলছেন, গোয়েন্দা তথ্য ও নজরদারি থেকে তারা জানতে পারেন যে, আনুমানিক ১০০ জনকে সীমান্তের ওপাড়ে জড়ো করা হয়েছিল। "তাদের বাংলাদেশে ঠেলে দেওয়ার চেষ্টা হয়। এর মধ্যে তারা সতর্ক হওয়ায় ওইসব ব্যক্তিরা `নো ম্যানস ল্যান্ডে, অবস্থান নেয়,„ বলছিলেন তিনি। ওদিকে বেনাপোল এলাকার সীমান্ত দিয়ে `পুশ-ইনের, চেষ্টা বিস্মিত করছে ওই এলাকার মানুষকে। সীমান্ত সংলগ্ন সাদীপুর গ্রামের বাসিন্দা ইসমাইল হোসেন বিবিসি বাংলাকে বলছেন, বেনাপোল এলাকার সীমান্তে এ ধরনের ঘটনা বিরল। "এই অঞ্চলে আগে বর্ডার দিয়ে গোপনে যাওয়া আসা হতো। কিন্তু বেনাপোল বন্দর থাকার কারণে এই অঞ্চলে উভয় দিকের কড়া নজরদারি থাকে। সাধারণত এই এলাকার সীমান্ত দিয়ে `পুশ-ইনের, এমন চেষ্টা খুব একটা দেখা যায় না,„ বিবিসি বাংলাকে বলেছেন তিনি। প্রসঙ্গত, এর আগে সাতক্ষীরা সীমান্তেও বিএসএফ-এর `পুশ-ব্যাক, চেষ্টা নিয়ে উত্তেজনা তৈরি হয়েছিল কয়েকদিন আগেই। ফলে ওই সীমান্তেও নজরদারি জোরদারের কথা জানিয়েছে বিজিবি। ভারতে অবৈধভাবে বসবাসকারী বাংলাদেশি সন্দেহে ধরপাকড় শুরু হওয়ার পর থেকে বাংলাদেশে `পুশ-ব্যাক, করে দেওয়ার বেশ কয়েকটি ঘটনা সামনে এসেছে। ভারতের দিক থেকে যেটা `পুশ-ব্যাক,, বাংলাদেশের চোখে সেটাই `পুশ-ইন,। সাম্প্রতিককালে গত এক বছর ধরে খাগড়াছড়ি, কুড়িগ্রাম, সিলেট, মৌলভীবাজার ও ব্রাহ্মণবাড়িয়ার বিজয়নগর সীমান্ত দিয়ে বাংলাদেশে লোকজনকে ঠেলে দেওয়ার খবর এসেছে। গতমাসে ভারতের পশ্চিমবঙ্গ রাজ্য বিজেপি ক্ষমতায় আসার পর 'অবৈধ বাংলাদেশি' ও 'অনুপ্রবেশকারীদের' আটক করে ফেরত পাঠানোর ঘোষণা দিয়েছেন শুভেন্দু অধিকারীর সরকার। তাদের আটক করতে হোল্ডিং সেন্টার তৈরিও ঘোষণা দিয়েছেন।

(বিবিসি ওয়েব পেজ : ০৩.০৬.২০২৬ আলী আহমেদ)

## ইসলামী ব্যাংকে অস্থিরতা কাটছে না কেন?

নতুন চেয়ারম্যান নিয়োগ নিয়ে আবারও আলোচনায় দেশের বেসরকারি ব্যাংকিং খাতের প্রতিষ্ঠান ইসলামী ব্যাংক পিএলসি। বিশেষ করে একটি ব্যাংকের চেয়ারম্যান নিয়োগ বাতিলের দাবিতে গ্রাহকদের আন্দোলনে নামার বিষয়টি নানা প্রশ্নের জন্ম দিয়েছে। ইসলামী ব্যাংকের নতুন চেয়ারম্যান মো. খুরশীদ আলমের নিয়োগ বাতিল করে পুরোনো ব্যবস্থাপনা পরিচালককে ফেরানোর দাবিতে দু-দিন ধরে আন্দোলন করছেন ব্যাংকটির গ্রাহক ও শেয়ার হোল্ডারদের একটি অংশ। সোমবার ঢাকার মতিঝিলে ব্যাংকটির প্রধান কার্যালয়ের সামনে 'ইসলামী ব্যাংকের সচেতন গ্রাহক ফোরাম'-এর ব্যানারে হওয়া এই বিক্ষোভ সমাবেশে পুলিশি অ্যাকশনের ঘটনাও ঘটেছে। আন্দোলনকারীদের ছত্রভঙ্গ করতে লাঠিচার্জ, জলকামান, টিয়ারগ্যাস এবং সাউন্ড গ্রেনেড ব্যবহার করা হয়। এই ঘটনায় কয়েকজন আহত হওয়ার খবরও পাওয়া গেছে। দাবি আদায় না হওয়া পর্যন্ত মাঠ না ছাড়ার ঘোষণা দিয়েছেন আন্দোলনকারীরা। যদিও মাঠের আন্দোলনে সিদ্ধান্ত পরিবর্তন না করার কথা জানিয়েছে বাংলাদেশ ব্যাংক। "বাইরে যে-কোনো ব্যানারে যে-কোনো ব্যক্তি সংক্ষুব্ধ হলে বা স্বার্থে আঘাত হানলে তারা আন্দোলন করতে পারে, এই ধরনের আন্দোলনে কেন্দ্রীয় ব্যাংকের সিদ্ধান্ত পরিবর্তন হওয়ার সুযোগ কম,„ বিবিসি বাংলাকে বলেন বাংলাদেশ ব্যাংকের মুখপাত্র। কিন্তু একটি ব্যাংকের চেয়ারম্যান নিয়োগকে কেন্দ্র করে গ্রাহকদের এমন আন্দোলন নানা আলোচনার জন্ম দিয়েছে। চলমান আন্দোলন নিয়ে অনেকেই যেমন প্রশ্ন তুলেছেন, তেমনি ব্যাংকিং খাতে রাজনৈতিক বিবেচনায় সিদ্ধান্ত গ্রহণের বিষয়টি নিয়েও সমালোচনা হচ্ছে।

অর্থনীতিবিদ এবং ব্যাংকিং খাত সংশ্লিষ্টরা বলছেন, দেশের রাজনৈতিক ক্ষমতা পরিবর্তনের সঙ্গে যেন দখল-পাল্টা দখলের কেন্দ্রে পরিণত হয়েছে প্রতিষ্ঠানটি। রাজনৈতিক বিবেচনায় সিদ্ধান্ত বাংলাদেশের আর্থিক খাতে ক্ষতির অন্যতম কারণ বলেও মনে করেন তারা। "পেশাগত দৃষ্টিকোণ থেকে চালানো হয়নি বলেই বাংলাদেশের ব্যাংকিং খাত এতটা ভঙ্গুর অবস্থায় পৌঁছেছে,„ বিবিসি বাংলাকে বলেন বেসরকারি গবেষণা প্রতিষ্ঠান সেন্টার ফর পলিসি ডায়ালগ বা সিপিডি-এর নির্বাহী পরিচালক ড. ফাহমিদা খাতুন।

### চেয়ারম্যান নিয়োগে আন্দোলন কেন?

২০১৭ সালের পর থেকেই ইসলামী ব্যাংক নিয়ন্ত্রণ করেছে বাংলাদেশের আলোচিত শিল্পগোষ্ঠী এস আলম গ্রুপ। আওয়ামী লীগ সরকারের আমলে ব্যবসায়ী মো. সাইফুল আলম (এস আলম) ও তার পরিবারের সদস্যরাই ব্যাংকটির ৮২ শতাংশ শেয়ারের মালিক ছিলেন। ১০ হাজার ৪৭৯ কোটি টাকা আত্মসাৎ ও বিদেশে পাচারের অভিযোগে এস আলম গ্রুপের চেয়ারম্যান মোহাম্মদ সাইফুল আলমসহ ৬৭ জনের বিরুদ্ধে ২০২৫ সালের মে মাসে মামলাও করেছিল দুর্নীতি দমন কমিশন বা দুদক। আওয়ামী লীগ সরকার পতনের পর ইসলামী ব্যাংকের পরিচালনা পর্ষদ পুনর্গঠন করে তৎকালীন অন্তর্বর্তীকালীন সরকার। ওই সময় পুরোনো কর্মকর্তারা ব্যাংকটিকে 'এস আলম মুক্ত' করার দাবিতে আন্দোলনও করেছিলেন। ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে বিএনপি ক্ষমতায় আসার পর ইসলামী ব্যাংক ইস্যুটি আবারও আলোচনায় আসে। দায়িত্ব নিয়েই ইসলামী ব্যাংকের পরিচালনা পর্ষদে বেশ কিছু পরিবর্তন আনে নতুন

সরকার। গত এপ্রিলে দেড় মাসের ছুটিতে পাঠানো হয় ব্যাংকটির চেয়ারম্যান এম জুবাইদুর রহমানকে। সেই সাথে তিন মাসের ছুটিতে পাঠানো হয় ব্যবস্থাপনা পরিচালক (এমডি) মো. ওমর ফারুক খানকে। সব মিলিয়ে সরকারের এমন পদক্ষেপের কারণে বড়ো পরিবর্তনের ইঙ্গিত মিলছিল। শেষমেষ ঈদুল আজহার আগে শেষ কর্মদিবসে, অর্থাৎ গত ২৪ মে পদত্যাগ করেন ইসলামী ব্যাংকের চেয়ারম্যান অধ্যাপক এম জুবায়দুর রহমান। সেদিন তার পদত্যাগের দাবিতে ব্যাংকের সামনে আন্দোলন করেছিলেন গ্রাহক ও কর্মকর্তা পরিচয়ে একদল ব্যক্তি। ওইদিনই নতুন চেয়ারম্যান হিসেবে বাংলাদেশ ব্যাংকের সাবেক ডেপুটি গভর্নর মো. খুরশীদ আলমকে নিয়োগ দেওয়া হয়।

**ইসলামী ব্যাংক নিয়ে রাজনীতি**

ইসলামী ব্যাংক নিয়ে পুরোনো রাজনীতিই এখনও চলছে বলে মনে করেন ব্যাংকিং খাত সংশ্লিষ্টদের অনেকে। তারা বলছেন, এক সময় এই ব্যাংকটি জামায়াতে ইসলামীর ব্যাংক হিসেবেও পরিচিতি পেয়েছিল। পরে ক্ষমতায় এসে ব্যাংকটির দখল নিয়েছিল আওয়ামী লীগ। অভিযোগ রয়েছে, ওই সময় ব্যাংকটি দখলে নিতে আইনশৃঙ্খলা বাহিনীকেও ব্যবহার করেছিল তৎকালীন সরকার। শুরুতে বিদেশি বিনিয়োগ নিয়ে যাত্রা শুরু করা ব্যাংকটি ২০১৭ সালের পর থেকেই বাংলাদেশের আলোচিত শিল্পগোষ্ঠী এস আলম গ্রুপ নিয়ন্ত্রণ করছিল। আওয়ামী লীগ সরকারের পতনের পর ব্যাংকটিতে ব্যাপক পরিবর্তন আনে অন্তর্বর্তীকালীন সরকার। প্রতিষ্ঠানটির পরিচালনা পর্ষদে পরিবর্তন আনার পাশাপাশি সারা দেশে প্রায় পাঁচ হাজার কর্মীকে চাকরিচ্যুত করা হয়। অভিযোগ রয়েছে, ওই সময় আবারও ব্যাংকটিতে আবার নিজেদের নিয়ন্ত্রণ নিয়েছিল বাংলাদেশ জামায়াতে ইসলামী সমর্থকরা। নিজেদের মতো করে পর্ষদ সাজিয়েছিল তারা। অর্থনীতিবিদদের অনেকে মনে করেন, ক্ষমতায় আসার পর ব্যাংকটিকে এবার নিজেদের মতো সাজাতে চাইছে বিএনপি সরকার। মূলত, এ কারণেই ব্যাংকটির দায়িত্বশীল পদগুলোতে আবারও পরিবর্তন আনা হচ্ছে। গত মাসের ২৪ তারিখে তৎকালীন চেয়ারম্যান পদত্যাগের পর রাতারাতি নতুন চেয়ারম্যানকে নিয়োগে দেয় বাংলাদেশ ব্যাংক। আর আগে থেকেই দেড় মাসের বাধ্যতামূলক ছুটিতে রয়েছেন ব্যবস্থাপনা পরিচালক। ঈদের ছুটি শেষে সোমবার ইসলামী ব্যাংকের নতুন চেয়ারম্যানের কাজে যোগ দেওয়ার কথা ছিল। কিন্তু এবার 'ইসলামী ব্যাংক সচেতন গ্রাহক ফোরাম'-এর ব্যানারে নতুন চেয়ারম্যানের নিয়োগ বাতিলের দাবিতে আন্দোলনে নেমেছে একটি পক্ষ।

এর পেছনে রাজনৈতিক উদ্দেশ্য রয়েছে বলেই মনে করেন ব্যাংকিং খাত সংশ্লিষ্টরা। তারা বলছেন, ইসলামী ব্যাংক নিজেদের নিয়ন্ত্রণে রাখার লড়াই এখনও চলছে। যদিও ইসলামী ব্যাংক সচেতন গ্রাহক ফোরামের ব্যানারে আন্দোলনরতরা বলছেন, নতুন চেয়ারম্যানের নেতৃত্বে ব্যাংকটি আবারও একটি বিশেষ গোষ্ঠীর নিয়ন্ত্রণে চলে যেতে পারে, এই শঙ্কা থেকেই আন্দোলনে নেমেছেন তারা। "নানা অপকৌশলের মাধ্যমে বাংলাদেশ ব্যাংকের গভর্নর জনগণের সঙ্গে যুদ্ধ ঘোষণা করছে। আমরা সবাই গ্রাহক, ইসলামী ভাবধারার এই ব্যাংককে দলীয় রূপ দেওয়ার কোনো সুযোগ নেই,„ বিবিসি বাংলাকে বলেন মি. খান। মঙ্গলবারও সাত দফা দাবিতে ইসলামী ব্যাংক প্রধান কার্যালয়ের সামনে কর্মসূচি পালন করেছে ইসলামী ব্যাংক সচেতন গ্রাহক ফোরাম। এদিন ঢাকার বাইরেও রাজশাহী, পাবনা এবং নোয়াখালীতেও কর্মসূচি হয়েছে বলে জানা গেছে। এদিকে, ব্যাংক খাতের একটি বিষয় নিয়ে আন্দোলন হলেও ইসলামী ব্যাংকের নতুন চেয়ারম্যানের পদত্যাগের দাবিতে ব্যাংকের প্রধান কার্যালয়ের সামনে আন্দোলনরত গ্রাহকদের ওপর পুলিশের হামলার নিন্দা ও প্রতিবাদ জানিয়েছে বাংলাদেশ জামায়াতে ইসলামী। দলের সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার সোমবার এক বিবৃতিতে বলেন, ঢাকার মতিঝিলে ইসলামী ব্যাংকের প্রধান কার্যালয়ের সামনে 'ইসলামী ব্যাংক গ্রাহক ফোরাম'-এর ব্যানারে সাধারণ গ্রাহকেরা শান্তিপূর্ণভাবে অবস্থান কর্মসূচি পালন করছিলেন। কিন্তু কোনো উসকানি ছাড়াই পুলিশ তাদের ওপর বলপ্রয়োগ করে। সাধারণ গ্রাহকদের ওপর পুলিশের লাঠিচার্জ, টিয়ারগ্যাস ও জলকামান ব্যবহারের ঘটনার নিন্দা ও প্রতিবাদ জানিয়ে তিনি বলেন, গ্রাহকদের যৌক্তিক দাবির প্রতি তার পূর্ণ সমর্থন রয়েছে।

**বাংলাদেশ ব্যাংকের অবস্থান**

ইসলামী ব্যাংকের আন্দোলনরত গ্রাহকরা সাত দফা দাবি জানিয়েছেন। তারা বলছেন, দাবি না মানা পর্যন্ত কর্মসূচি চালিয়ে যাবেন তারা। যদিও সিদ্ধান্ত পরিবর্তন না করার কথা জানিয়েছেন বাংলাদেশ ব্যাংকের মুখপাত্র আরিফ হোসেন খান। তিনি বলছেন, মাঠের আন্দোলনের বিষয়টি বাংলাদেশ ব্যাংকের দেখার বিষয় নয়। "যদি বাংলাদেশ ব্যাংক এই আন্দোলনের কারণে কোনো সিদ্ধান্ত নেয়, তারপর যদি সেই সিদ্ধান্তের কাউন্টারে আরেক গ্রুপ আন্দোলন করে, তখন বাংলাদেশ ব্যাংক কী করবে?„ বিবিসি বাংলাকে বলেন তিনি। ইসলামী ব্যাংকের নতুন চেয়ারম্যান নিয়োগ পাওয়ার পর আন্দোলনের মুখে পরিচালনা পর্ষদের বৈঠক করতে না পারলেও, ওই রাতে অনলাইনে যে বৈঠক অনুষ্ঠিত হয়েছে, সেটি বাংলাদেশ ব্যাংকের অনুমতিতেই করা হয়েছে বলে জানান মি. খান। "তারা যে রাতে জুম মিটিং করেছে, বাংলাদেশ ব্যাংককে অবহিত করেই সেটা করেছে। সেখানে পরিচালনা পর্ষদের সকল সদস্যই উপস্থিত ছিলেন। সবার সম্মতিতেই ব্যবস্থাপনা পরিচালকের পদত্যাগপত্র গ্রহণ করা হয়,„ বিবিসি বাংলাকে বলেন তিনি। এদিকে, আওয়ামী লীগ সরকারের পতনের পর দায়িত্ব থেকে পদত্যাগ করা ব্যক্তিকে ইসলামী ব্যাংকের চেয়ারম্যান হিসেবে নিয়োগ

দেওয়ার বিষয়টি নিয়ে বিতর্ক তৈরির সুযোগ রয়েছে কিনা? এমন প্রশ্নের জবাবে মি. খান বলছেন, "বাংলাদেশ ব্যাংক এমনটি মনে করে না। কারণ স্বাভাবিক প্রক্রিয়ায় যদি তার বিরুদ্ধে কোনো অভিযোগ আসত, তার প্রেক্ষিতে উনি পদত্যাগ করতেন। তবে একটা বিষয় ছিল কিন্তু ওই সময় তো একটা মবের স্বীকার হয়ে তিনি পদত্যাগে বাধ্য হয়েছিলেন।„ এছাড়া, পরবর্তী দুই বছরেও তার বিরুদ্ধে বাস্তবিক কোনো অভিযোগ প্রমাণ নেই বা তদন্ত হচ্ছে বলেও দেখা যায়নি বলেও মন্তব্য করেন বাংলাদেশ ব্যাংকের মুখপাত্র। উল্লেখ্য, ২০২৪ সালের আগস্টে আওয়ামী লীগ সরকার পতনের পর বাংলাদেশ ব্যাংকের কর্মকর্তাদের চাপের মুখে পদত্যাগ করেছিলেন ওই সময় ডেপুটি গভর্নরের দায়িত্বে থাকা মি. খুরশীদ আলম।

**ব্যাংক খাতে শৃঙ্খলা ফিরবে?**

আওয়ামী লীগ সরকার পতনের পর থেকেই দেশের ব্যাংকিং খাতে অস্থিরতা চলছে। খেলাপি ঋণের বিশাল অঙ্ক এই খাতের টিকে থাকা নিয়েই বড়ো প্রশ্ন তৈরি করেছে। এমন প্রেক্ষাপটে ইসলামী ব্যাংকে চলমান এই অস্থিরতা দেশের আর্থিক খাতকে আরো ঝুঁকিপূর্ণ পরিস্থিতিতে ফেলতে পারে বলেই মনে করেন অর্থনীতিবিদ এবং ব্যাংকিং খাত সংশ্লিষ্টরা। তারা বলছেন, আওয়ামী লীগ সরকার পতনের পর থেকে ব্যাংকিং খাত সংস্কারে যে-সব পদক্ষেপ নেওয়া হয়েছে, তার কোনোটিই খুব একটা কাজে আসেনি। এক্ষেত্রে কেবল ইসলামী ব্যাংক নয়, ক্ষতিগ্রস্ত পাঁচটি ব্যাংকের সমন্বয়ে গঠিত সম্মিলিত ইসলামী ব্যাংক গঠনের উদ্যোগের বিষয়টিও সামনে আনছেন বিশ্লেষকরা। ইসলামী ব্যাংকে চেয়ারম্যান নিয়োগের পর শুরু হওয়া আন্দোলন নিয়ে প্রশ্ন তুলেছেন বাংলাদেশ ইনস্টিটিউট অব ব্যাংক ম্যানেজমেন্ট এর অধ্যাপক ড. আহসান হাবীব। তিনি বলছেন, "বাংলাদেশের মানুষ যদি মনে করে যে, সব সিদ্ধান্ত রাস্তায় হবে, তাহলে ব্যাংক চলবে না, অন্য কিছু চলতে পারে। আন্দোলনকারীদের দাবির ন্যায্যতা থাকলে, সেটা নির্দিষ্ট ফোরামে, সরকারের কাছে দাবিগুলো জানাতে হবে।„ এছাড়া আর্থিক প্রতিষ্ঠানে রাজনৈতিক প্রভাবের বিষয়টি নিয়ে প্রশ্ন তুলেছেন বেসরকারি গবেষণা প্রতিষ্ঠান সেন্টার ফর পলিসি ডায়ালগ বা সিপিডি এর নির্বাহী পরিচালক ড. ফাহমিদা খাতুন। তিনি বলছেন, পেশাগত দৃষ্টিকোণ থেকে চালানো হয়নি বলেই বাংলাদেশের ব্যাংকিং খাত এতটা ভঙ্গুর অবস্থায় পৌঁছেছে। "যত দ্রুত এই খাত শৃঙ্খলার মধ্যে আসবে, ততই ভালো। কারণ এখানে অনেক আমানতকারীর ভাগ্য জড়িত। ব্যাংকে রাজনৈতিক সংশ্লিষ্টতা বা হস্তক্ষেপ থাকা কোনোভাবেই কাম্য নয়„ বিবিসি বাংলাকে বলেন তিনি। দেশের ব্যাংকিং সেক্টরে শৃঙ্খলা ফেরাতে সময় দেওয়ার কথা বলছেন বাংলাদেশ ইনস্টিটিউট অব ব্যাংক ম্যানেজমেন্ট এর অধ্যাপক ড. আহসান হাবীব। "ইসলামী ব্যাংকে যে নিয়োগ সরকার দিচ্ছে, সেদিকে আমরা নজর রাখবো, আমরা কখনই চাইবো না যারা দখল, লুটপাট করেছিল, তারা ফেরত আসুক, একই সাথে যারা কাজ করছে, তাদেরকেও একটু সময় দিতে হবে," বিবিসি বাংলাকে বলেন মি. হাবীব। তিনি বলছেন, দেশের অর্থনীতিতে ব্যাংকিং খাত অনেক বেশি গুরুত্বপূর্ণ। তাই এই খাতে শৃঙ্খলা ফেরানো না গেলে সার্বিক অর্থনীতিই ভেঙে পড়তে পারে।

(বিবিসি ওয়েব পেজ : ০৩.০৬.২০২৬ আলী আহমেদ)

## জোরপূর্বক শ্রম; বাংলাদেশসহ ৬০ দেশে নতুন শুল্ক আরোপের প্রস্তাব যুক্তরাষ্ট্রের

জোরপূর্বক শ্রমের মাধ্যমে তৈরি পণ্যের বাণিজ্য রোধে ব্যর্থ হওয়ায় বাংলাদেশসহ ৬০টি দেশের পণ্যের ওপর নতুন করে শুল্ক আরোপের প্রস্তাব দিয়েছে যুক্তরাষ্ট্র। দেশটির এই সিদ্ধান্ত বাস্তবায়ন হলে বাংলাদেশ থেকে যুক্তরাষ্ট্রে রপ্তানি হওয়া পণ্য, বিশেষ করে বাংলাদেশের পোশাক শিল্প বড়ো ধরনের ক্ষতির মুখে পড়তে পারে বলেই মনে করা হচ্ছে। ইউনাইটেড স্টেটস ট্রেড রিপ্রেজেন্টেটিভ বা ইউএসটিআর দাবি করেছে যে, দেশগুলো শ্রমিক ও তাদের কর্মপরিবেশের ওপর চালানো অনুসন্ধানে পাওয়া তথ্যের ভিত্তিতেই এই প্রস্তাব দেওয়া হয়েছে। তারা বলছে, "যুক্তরাষ্ট্রের ট্রেড রিপ্রেজেন্টেটিভ বা ইউএসটিআর-এর কার্যালয়ের এই প্রস্তাবটি অন্যায্য বাণিজ্য অনুশীলন তদন্তের সর্বশেষ ফলাফল।„ ইউএসটিআর-এর এই প্রস্তাবনায় বাংলাদেশ ছাড়াও চীন, ভারত, পাকিস্তান, কানাডা, ইউরোপীয় ইউনিয়ন, ইন্দোনেশিয়া, মেক্সিকো, কম্বোডিয়া, মালয়েশিয়া, জাপানসহ ৬০টি দেশের নাম উল্লেখ করা হয়েছে। নতুন প্রস্তাবনা অনুযায়ী, এই দেশগুলোর ওপর ১০ শতাংশ অথবা ১২ দশমিক ৫ শতাংশ পর্যন্ত শুল্ক আরোপ করা হতে পারে। মূলত পণ্য উৎপাদনের ক্ষেত্রে শ্রমিকদের অধিকারের বিষয়টিকেই গুরুত্ব দিয়েছে যুক্তরাষ্ট্র। তারা বলছে, বাণিজ্য অংশীদার দেশগুলো জোরপূর্বক শ্রমের মাধ্যমে পণ্য উৎপাদন বন্ধ করতে না পারার কারণেই এই সিদ্ধান্ত নিয়েছে তারা। যুক্তরাষ্ট্রের ট্রেড রিপ্রেজেন্টেটিভ জেমসন গ্রিয়ার এক বিবৃতিতে বলেছেন, "জোরপূর্বক শ্রমের মাধ্যমে তৈরি পণ্য আমদানির বিষয়টি মোকাবিলায় আমাদের গুরুত্বপূর্ণ বাণিজ্য অংশীদারদের ব্যর্থতা অগ্রহণযোগ্য।„ "এটি এমন একটি পরিস্থিতির সৃষ্টি করে যেখানে আমেরিকান শ্রমিকরা বিশ্ববাজারে অসম প্রতিযোগিতার মুখে পড়তে বাধ্য হন,„ বলেও উল্লেখ করেন তিনি।

উল্লেখ্য, বাংলাদেশসহ বেশ কিছু দেশের উৎপাদন খাতে অতিরিক্ত সক্ষমতা কিংবা অতিরিক্ত উৎপাদন করা হচ্ছে কি-না এবং পণ্য উৎপাদনে জোরপূর্বক শ্রম ব্যবহারের বিরুদ্ধে কতটা কার্যকর ব্যবস্থা নেওয়া হচ্ছে, চলতি বছরের মার্চে তার তদন্ত শুরু করেছিল যুক্তরাষ্ট্র।

**কোন দেশে কত শুল্ক**

মার্কিন বাণিজ্য ক্ষতিগ্রস্ত হচ্ছে- এমন যুক্তি দেখিয়ে মঙ্গলবার ৬০টি দেশের আমদানি পণ্যের ওপর ১০ শতাংশ অথবা ১২ দশমিক ৫ শতাংশ অতিরিক্ত শুল্ক আরোপের প্রস্তাব দেয় ট্রাম্প প্রশাসন। বার্তা সংস্থা রয়টার্স বলছে, মূলত যুক্তরাষ্ট্র তাদের জরুরি শুল্ক ব্যবস্থা পুনর্গঠনের প্রক্রিয়ার অংশ হিসেবে এই সিদ্ধান্ত নিয়েছে, যা গত ফেব্রুয়ারিতে দেশটির সুপ্রিম কোর্টের এক রায়ে বাতিল হয়ে গিয়েছিল। এক্ষেত্রে কোন দেশের ওপর কত শুল্ক আরোপ করা হতে পারে, সেটিও ওই প্রস্তাবনায় উল্লেখ করেছে ইউএসটিআর। তারা জানিয়েছে, যে-সব দেশ ইতোমধ্যেই জোরপূর্বক শ্রমের ওপর নিষেধাজ্ঞা আরোপ করেছে অথবা পারস্পরিক বাণিজ্য চুক্তির মাধ্যমে এমন নিষেধাজ্ঞা কার্যকর করার প্রতিশ্রুতি দিয়েছে বা আংশিক নিয়ম বিদ্যমান তাদের ক্ষেত্রে ১০ শতাংশ অতিরিক্ত শুল্ক আরোপের প্রস্তাব দেওয়া হয়েছে। এছাড়া অন্য সব দেশের ক্ষেত্রে ১২ দশমিক ৫ শতাংশ অতিরিক্ত শুল্ক আরোপ করা হতে পারে। বার্তা সংস্থা রয়টার্স বলছে, বাংলাদেশ, কানাডা, ইকুয়েডর, ইউরোপীয় ইউনিয়ন, ইন্দোনেশিয়া, মেক্সিকো, পাকিস্তান, আর্জেন্টিনা, কম্বোডিয়া, এল সালভাদর, গুয়াতেমালা, মালয়েশিয়া, তাইওয়ান এবং ব্রিটেনের ওপর ১০ শতাংশ শুল্ক আরোপ হতে পারে। বাকি ৪৫টি দেশের ওপর তারা ১২ দশমিক ৫ শতাংশ হারে অতিরিক্ত শুল্ক আরোপ করবে।

এছাড়া, একটি টেক্সটাইল মেকানিজমও প্রস্তাব করছে যুক্তরাষ্ট্র, যা নির্দিষ্ট পরিমাণ পোশাক ও টেক্সটাইল পণ্যকে হ্রাসকৃত শুল্ক হারে যুক্তরাষ্ট্রে প্রবেশের অনুমতি দেবে, যদিও এর হার বা পরিমাণ এখনো প্রকাশ করা হয়নি। রয়টার্স বলছেন, এমন একটি সময়ে এই ঘোষণাটি দেওয়া হলো, যখন ট্রাম্প প্রশাসনের ২০ ফেব্রুয়ারি আরোপ করা ১০ শতাংশ অস্থায়ী শুল্কের সময়সীমা আগামী ২৪ জুলাই শেষ হওয়ার কথা রয়েছে। দেশটির সুপ্রিম কোর্টের সিদ্ধান্ত অনুযায়ী, ওই দিনের পর থেকে আন্তর্জাতিক জরুরি অর্থনৈতিক ক্ষমতা আইনের অধীনে ট্রাম্পের শুল্ক আরোপের ক্ষমতা বাতিল করেছে। এদিকে, ইউএসটিআর শিগ্গিরই চীনসহ ১৬টি বাণিজ্য অংশীদার দেশের অতিরিক্ত শিল্প সক্ষমতা বৃদ্ধির ওপর তদন্তের ফলাফল প্রকাশ করবে বলেও জানানো হয়েছে। বার্তা সংস্থা রয়টার্সের তথ্য অনুযায়ী, জোরপূর্বক শ্রম সংক্রান্ত শুল্কের ক্ষেত্রে, জ্বালানি, বিরল মৃত্তিকা এবং অন্যান্য নির্দিষ্ট কিছু ধাতু, গরুর মাংস, কফি, নির্দিষ্ট কিছু ফল ও সবজি, ঔষধ, জৈব রাসায়নিক এবং বিমানের যন্ত্রাংশ এই শুল্কের আওতামুক্ত থাকবে বলে জানিয়ে ইউএসটিআর।(বিবিসি ওয়েব পেজ : ০৩.০৬.২০২৬ আলী আহমেদ)

## জাতিসংঘ সাধারণ পরিষদের সভাপতির কাজ কী?

জাতিসংঘের সাধারণ পরিষদের ৮১তম অধিবেশনের সভাপতি নির্বাচিত হয়েছেন বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী খলিলুর রহমান। এই পদের কাজ কী বা এই দায়িত্ব কতটা গুরুত্বপূর্ণ, সেটা নিয়ে মানুষের মাঝে বেশ আগ্রহ রয়েছে। জাতিসংঘের সদস্য ১৯০টি দেশের গোপন ভোটাভুটিতে ৯৯ ভোট পেয়ে এই পদে জয়লাভ করেছেন মি. রহমান। তার প্রতিদ্বন্দ্বী সাইপ্রাসের পররাষ্ট্রমন্ত্রীর বিশেষ দূত আন্দ্রেয়াস এস কাকোরিস পেয়েছেন ৯১ ভোট। অর্থাৎ আট ভোটে জিতেছেন বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী। এর মধ্যদিয়ে ৪০ বছর পরে সাধারণ পরিষদের সভাপতির আসনে দ্বিতীয়বারের মতো বাংলাদেশের প্রতিনিধি বসতে যাচ্ছেন। এর আগে, ১৯৮৬ সালে সাধারণ পরিষদের ৪১তম অধিবেশনে সভাপতির দায়িত্ব পালন করেছিলেন বাংলাদেশের সাবেক পররাষ্ট্রমন্ত্রী হুমায়ুন রশিদ চৌধুরী। আগামী ৮ সেপ্টেম্বর থেকে শুরু হতে যাওয়া ৮১তম অধিবেশনের এক বছরের মেয়াদে দায়িত্ব পালন করবেন মি. রহমান। মি. রহমান নির্বাচিত হওয়ার পরে ইউনাইটেড নেশনস নিউজ (ইউএন নিউজ)-এর এক প্রতিবেদনে বলা হয়েছে, ”এর মাধ্যমে তিনি ক্রমবর্ধমান বৈশ্বিক সংকট, জাতিসংঘের সংস্কার প্রচেষ্টা এবং বড়ো ধরনের নেতৃত্ব পরিবর্তনের মধ্যদিয়ে যাওয়া একটি গুরুত্বপূর্ণ বছরে এই বিশ্ব সংস্থাটিকে নেতৃৎব দেওয়ার দায়িত্বে এলেন।„ ফলে কৌতূহল তৈরি হয়েছে যে, জাতিসংঘের সাধারণ পরিষদের ৮১তম অধিবেশনের সভাপতি হিসেবে মি. রহমান কী কাজ করবেন? তার দায়িত্ব কী কী? এই দায়িত্বই বা কতটুকু গুরুত্বপূর্ণ? জাতিসংঘের মানব উন্নয়ন প্রতিবেদনের সাবেক মুখ্য লেখক ও পরিচালক ড. সেলিম জাহান বলছেন, আপাতদৃষ্টিতে এই পদের ভূমিকা আলঙ্করিক মনে হলেও এই পদের কতগুলো বৈশিষ্ট্য আছে। বর্তমানে বাংলাদেশের বেসরকারি ব্রাক বিশ্ববিদ্যালয়ের প্রফেসর ইমেরিটাস হিসেবে কর্মরত রয়েছেন এই অর্থনীতিবিদ। ”মোটামুটিভাবে ১৯৩টি দেশ যেখানে সাধারণ পরিষদের সদস্য, যেখানে বিভিন্ন বিষয়ে বিতর্ক-আলোচনা হয়, কিন্তু সেটাকে একটা পথের দিকে বা একটা উপসংহারের দিকে নিয়ে যাওয়ার ক্ষেত্রে সভাপতির একটা বিশেষ ভূমিকা থাকে,„ বলেন মি. জাহান।

**সভাপতির কাজ কী?**

ইউএন নিউজের এক প্রতিবেদনে বলা হয়েছে, জাতিসংঘের পাঁচটি আঞ্চলিক গোষ্ঠী পর্যায়ক্রমে এই সভাপতি পদে প্রতিনিধিত্ব করেন। এবারে সাধারণ পরিষদের এই ৮১তম অধিবেশনে সভাপতিত্বের দায়িত্ব পড়েছে এশিয়া-প্রশান্ত মহাসাগরীয় গোষ্ঠীর ভাগে। সেই হিসেবেই আগামী ৮ সেপ্টেম্বর থেকে শুরু হতে যাওয়া অধিবেশনে এক বছর দায়িত্ব পালন করবেন মি. রহমান। জাতিসংঘের সাধারণ পরিষদের সভাপতির প্রধান কাজ হলো, সাধারণ পরিষদের অধিবেশন পরিচালনা করা এবং সদস্য রাষ্ট্রগুলোর মধ্যে আলোচনাকে সমন্বয় করা। নির্মোহ ও নিরপেক্ষভাবে সকল

রাষ্ট্রকে আস্থায় এনে চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়ার ক্ষেত্রে ভূমিকা রাখেন সাধারণ পরিষদের সভাপতি। জাতিসংঘের সাবেক পরিচালক মি. জাহান বলেন, ''সভাপতির দায়িত্বের একটা বিশেষ দিক হচ্ছে, সভাপতি অত্যন্ত নির্মোহভাবে, নিরপেক্ষভাবে সাধারণ পরিষদের কার্যপ্রণালি সামনে নেবে। কখনোই যেন এটা মনে না হয় যে, সভাপতি একটি দিকে বা একটা গোষ্ঠীর দিকে কোনো রকমের পক্ষপাত দেখাচ্ছেন।„ ''এই জাতীয় নির্মোহ ও বস্তুনিষ্ঠ একটা নেতৃত্ব যখন তিনি দেন, তখন কিন্তু তার যে নৈতিক ভার, সেটা কিন্তু অত্যন্ত বেড়ে যায় এবং সেই নৈতিক ভারের কারণে বহুক্ষেত্রে বিভিন্ন বিবদমান গোষ্ঠীকে একই জায়গায় নিয়ে আসতে পারেন এবং জাতিসংঘ যেদিকে যেতে চায়, সেদিকে নিয়ে যেতে পারেন,„ বলেন মি. জাহান। এদিকে, জাতিসংঘের ক্যালেন্ডার অনুযায়ী, একটি গুরুত্বপূর্ণ সময়ে মি. রহমান এই এক বছরের দায়িত্ব পালন করবেন। কেননা এ সময়ে জাতিসংঘের সেক্রেটারি-জেনারেল আন্তোনিও গুতেরেসের উত্তরসূরি নির্বাচন অনুষ্ঠিত হবে। মি. গুতেরেসের মেয়াদ এ বছরের ৩১ ডিসেম্বর শেষ হচ্ছে। সাধারণ পরিষদের সভাপতি জাতিসংঘের প্রধান নির্বাহী নন। জাতিসংঘের প্রশাসনিক প্রধান হলেন সংস্থাটির মহাসচিব আন্তোনিও গুতেরেস।

**আর্থিক দুইটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে হয়**

প্রতি বছরের সেপ্টেম্বর মাসে জাতিসংঘের অধিবেশন অনুষ্ঠিত হয়। এই অধিবেশনে ১৬৫টির মতো 'অ্যাজেন্ডা বা আলোচ্য সূচি' থাকে বলে জানান বাংলাদেশের সাবেক কূটনীতিক এম হুমায়ুন কবির। ''এখানে তার কাজ হলো (সাধারণ পরিষদের সভাপতি) এই অ্যাজেন্ডাগুলোর ওপর ডিসকাশন করে সিদ্ধান্ত গ্রহণ করে। সেটা ভোটাভুটিতে হয় কনসেনশাসেও হয়,„ বলেন মি. কবির। এই অধিবেশনে বিভিন্ন রাষ্ট্রপ্রধান, সরকারপ্রধান ও আন্তর্জাতিক সংস্থার প্রধানরা অংশ নেন। তাদের সঙ্গে যোগাযোগ রক্ষা করা ও আলোচনার পরে সিদ্ধান্তে উপনীত হওয়ার কাজটিও করেন সভাপতি। সাধারণ পরিষদের গ্রহণ করা দুইটি সিদ্ধান্ত খুবই গুরুত্বপূর্ণ বলে জানান সাবেক এই কূটনীতিক। ''একটা সিদ্ধান্ত মূলত খুব গুরুত্বপূর্ণ, সেটা হচ্ছে জাতিসংঘের যে পিস কিপিং বাজেট হয়, সেটা হয় সাধারণ পরিষদে। এটা সাধারণত কনসেনশাস বেইজড হয়,„ বলেন মি. কবির। মি. কবির বলছেন, জাতিসংঘের সাধারণ পরিষদের সভাপতির এই কাজ খুব গুরুত্বপূর্ণ এই কারণে যে, এটার ম্যান্ডেটটা হয় সিকিউরিটি কাউন্সিলে, তারপর বাজেটিংটা হয় সাধারণ পরিষদে। ''এটা সাধারণ পরিষদের খুবই শক্তিশালী একটা ক্ষমতা। এই পরিষদের যিনি সভাপতি থাকেন, এখানে তার একটা গুরুত্বপূর্ণ ভূমিকা থাকে,„ বলেন মি. কবির। প্রতি দুই বছর পর পর জাতিসংঘের বাজেট অধিবেশন অনুষ্ঠিত হয়। পুরো জাতিসংঘের অর্থাৎ এর অধীনে থাকা ছয়টি সংস্থার মোট বাজেট পরিচালনার কাজও করে থাকে সাধারণ পরিষদ। ''অর্থাৎ জাতিসংঘের অর্থ পরিচালনার কাজটা পুরোটাই মোটাদাগে সাধারণ পরিষদ করে এবং এখানে যিনি সভাপতি হন, তার একটা গুরুত্বপূর্ণ ভূমিকা থাকে। এই দুটো ম্যান্ডেটরি বিষয় মানতে বাধ্য জাতিসংঘের সকল সদস্য রাষ্ট্র,„ বলেন বাংলাদেশের সাবেক এই কূটনীতিক। এছাড়া সাধারণ পরিষদের বাকি অন্যান্য কাজগুলো সুপারিশ করার কাজ বলে জানান তিনি। এছাড়াও সাধারণ পরিষদের আরেকটি ক্ষমতা আছে, যখন নিরাপত্তা পরিষদ কোনো সিদ্ধান্ত নিতে ব্যর্থ হয়, তখন সদস্য রাষ্ট্ররা সেই প্রস্তাবটিকে সাধারণ পরিষদে নিয়ে আসে। ''শান্তি ও নিরাপত্তা যেটা জাতিসংঘের সিকিউরিটি কাউন্সিলের কাজ, তারা ব্যর্থ হলে সেখানে জাতিসংঘের সাধারণ পরিষদ একটা ভূমিকা পালন করতে পারে। এটা রেয়ার হয় কিন্তু এরকম অবস্থা হলে সাধারণ পরিষদের সভাপতির একটা গুরুত্বপূর্ণ ভূমিকা নিতে হয়,„ বলেন কূটনীতিক মি. কবির। অর্থাৎ এই তিনটি জায়গায় সাধারণ পরিষদের সভাপতির 'ম্যান্ডেটরি ও গুরুত্বপূর্ণ' ভূমিকা হয় বলে জানান তিনি। আর্থিক বিষয়ে নেওয়া এই সিদ্ধান্ত মানতে বাধ্য থাকে জাতিসংঘের সদস্য রাষ্ট্রগুলো।

**সভাপতি হিসেবে খলিলুর রহমানকে যে-সব চ্যালেঞ্জ মোকাবিলা করতে হবে**

জাতিসংঘের বর্তমান সাধারণ পরিষদের সভাপতি আনালেনা বেয়ারবক বলেছেন, এই নির্বাচন এমন এক পরিস্থিতিতে অনুষ্ঠিত হলো, যখন বহুপাক্ষিক কূটনীতির জন্য একটি ব্যতিক্রমী কঠিন সময়। ইউএন নিউজের প্রতিবেদনটিতে বলা হয়েছে, ভোটের পর সদস্য রাষ্ট্রগুলোর উদ্দেশ্যে দেওয়া বক্তব্যে মিজ বেয়ারবক বলেন, জাতিসংঘ কেবল "প্রতিকূল পরিস্থিতিরই মুখোমুখি হচ্ছে না, বরং প্রচণ্ড চাপের মধ্যে রয়েছে।" মিজ বেয়ারবক বলেছেন, "সাধারণ পরিষদের সভাপতির ভূমিকা এখন আর কেবল আনুষ্ঠানিক বা পদ্ধতিগত কাজের মধ্যে সীমাবদ্ধ নেই।" তিনি সতর্ক করে বলেন, আগামী বছরে আন্তর্জাতিক পরিস্থিতি সহজ হওয়ার সম্ভাবনা কম। এর কারণ উল্লেখ করে মিজ বেয়ারবক বলেন, সাধারণ পরিষদ প্যাক্ট ফর দ্য ফিউচার বা ভবিষ্যতের চুক্তি বাস্তবায়ন, 'ইউএন৮০' উদ্যোগের মাধ্যমে সংস্কার প্রচেষ্টা এগিয়ে নেওয়া এবং ব্যাপক ভূ-রাজনৈতিক বিভাজন কাটিয়ে ওঠার কাজ চালিয়ে যাচ্ছে। অর্থাৎ সাধারণ পরিষদের ৮১তম অধিবেশনের নবনির্বাচিত সভাপতি মি. রহমানকে তার কাজের ক্ষেত্রে বেশ কিছু চ্যালেঞ্জও মোকাবিলা করতে হবে বলে ইঙ্গিত দিয়েছেন বর্তমান সভাপতি ও জাতিসংঘ মহাসচিব। সেক্রেটারি জেনারেল আন্তোনিও গুতেরেসও এই চ্যালেঞ্জগুলোর কথা উল্লেখ করেছেন। টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনে ধীরগতি, মানবিক কার্যক্রম ও উন্নয়নের জন্য তহবিল কমে যাওয়ার কথাও তিনি উল্লেখ করেন। একইসঙ্গে আন্তর্জাতিক প্রতিষ্ঠানগুলো "আজকের বিশ্বের পরিবর্তে ১৯৪৫ সালের মতো সেই পুরোনো বিশ্বেই আটকে রয়েছে" বলেও শঙ্কা প্রকাশ করেন জাতিসংঘ মহাসচিব।

**এই পদ কতখানি গুরুত্বপূর্ণ?**

বিশ্লেষকরা বলছেন, এই পদ অত্যন্ত সম্মানের ও গুরুত্বপূর্ণ। জাতিসংঘের কর্মকর্তা মি. জাহিদ বলছিলেন, এই পদ অত্যন্ত মর্যাদামূলক, কারণ মনে রাখতে হবে যে, ১৯০টি দেশ সবাই তাকে ভোট দেয়নি কিন্তু ৯৯টি দেশ অর্থাৎ সংখ্যাগুরু দেশ বাংলাদেশের ওপর আস্থা রেখেছে। "এর আগে, বাংলাদেশ সাধারণ পরিষদের সভাপতিত্ব করেছিলেন যখন হুমায়ুন রশীদ চৌধুরী বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী ছিলেন। আমার মনে হয়, এটার অন্য রকমের একটা মর্যাদামূলক দিক আছে এবং এটা আসলে আমি মনে করি যে, বাংলাদেশের যে অবস্থান এবং বাংলাদেশের নীতি-নেতৃত্ব সেটারই একটা প্রতিফলন," বলেন মি. জাহিদ। একই ধরনের মন্তব্য করেন সাবেক কূটনীতিক মি. কবিরও। "ভাবমূর্তির দিক থেকে অবশ্যই এটা প্রেস্টিজিয়াস। এটার জন্য হাড্ডাহাড্ডি লড়াই হয়। কাজেই এটার একটা ভাবমূর্তিগত ইতিবাচকতা আছে, দেশের সম্মান রক্ষার্থে এটা গুরুত্বপূর্ণ," বলেন তিনি।

**যে ছয়টি লক্ষ্যে কাজ করবেন খলিলুর রহমান**

সভাপতি পদে প্রার্থিতার সময় বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী খলিলুর রহমান তার ভিশন স্টেটমেন্টে ছয়টি লক্ষ্যের কথা জানিয়েছেন। তার এই ভিশন স্টেটমেন্টের শিরোনাম, "রিস্টোরিং ট্রাস্ট, ম্যানেজিং ট্রান্সফরমেশন : এ ইউনাইটেড ন্যাশনস দ্যাট ডেলিভারস ফর অল।" সভাপতি নির্বাচনের আগে দেওয়া এই স্টেটমেন্টে মি. রহমান জানিয়েছেন, শান্তি, নিরাপত্তা ও সকলের জন্য ন্যায়বিচার, টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রার (এসডিজিএস) অগ্রগতি ত্বরান্বিত করা এবং জলবায়ু পদক্ষেপ ও পরিবেশ সুরক্ষার বিষয়ে কাজ করবেন তিনি। একইসঙ্গে, মানবিক সহায়তা কার্যক্রম, অভিবাসী ও শরণার্থী এবং মানবাধিকার, অন্তর্ভুক্তিমূলক উদ্ভাবনের আওতায় ডিজিটাল গভর্নেন্স, কৃত্রিম বুদ্ধিমত্তাসহ উদীয়মান প্রযুক্তির নিয়ন্ত্রণ এবং জাতিসংঘের সংস্কার করার কথাও জানিয়েছিলেন মি. রহমান। শান্তিরক্ষা কার্যক্রমে বাংলাদেশের অভিজ্ঞতাকে কাজে লাগিয়ে প্রতিরোধমূলক কূটনীতি, শান্তি বিনির্মাণ এবং বেসামরিক নাগরিকদের সুরক্ষায় সমর্থন দেওয়ার প্রতিশ্রুতি দেন তিনি। (বিবিসি ওয়েব পেজ : ০৩.০৬.২০২৬ আলী আহমেদ)

## যুক্তরাষ্ট্রের নতুন শুল্ক প্রস্তাব নিয়ে বাংলাদেশে যে প্রতিক্রিয়া

'জোরপূর্বক শ্রম' ইস্যুতে বাংলাদেশসহ ৬০টি দেশের পণ্যের ওপর নতুন করে শুল্ক আরোপের প্রস্তাব দিয়েছে যুক্তরাষ্ট্রের বাণিজ্য প্রতিনিধির দপ্তর। ট্রাম্প প্রশাসনের এই পদক্ষেপ নিয়ে বাংলাদেশে নানা প্রতিক্রিয়া তৈরি হয়েছে। চলতি বছরের ফেব্রুয়ারিতে যুক্তরাষ্ট্রের সঙ্গে হওয়া 'অ্যাগ্রিমেন্ট অন রেসিপ্রোকাল ট্রেড' চুক্তির আওতায় দেশটিতে পণ্য রপ্তানির ক্ষেত্রে ১৯ শতাংশ বাড়তি শুল্ক দিতে হবে বাংলাদেশকে। কিন্তু মার্কিন উচ্চ আদালত 'ইউনিভার্সাল বেসলাইন ট্যারিফ' দেশটির সংবিধান পরিপন্থি এবং আইনিভাবে অবৈধ বলে ঘোষণা দেওয়ার পর, ট্যারিফ ইস্যুতে ভিন্ন পথে হাঁটে ট্রাম্প প্রশাসন। বাংলাদেশসহ বেশ কিছু দেশে পণ্য উৎপাদনে জোরপূর্বক শ্রম এবং অতিরিক্ত উৎপাদন ইস্যুতে তদন্তের ঘোষণা দেয় যুক্তরাষ্ট্র। অভিযোগগুলো প্রমাণিত হলে বাড়তি শুল্ক আরোপের ঘোষণাও দেওয়া হয়। মঙ্গলবার সেই তদন্তের কারণ দেখিয়ে 'জোরপূর্বক শ্রম' ব্যবহারের অভিযোগ এনে বাংলাদেশসহ ৬০ দেশে নতুন করে বাড়তি শুল্ক আরোপের প্রস্তাব দিয়েছে যুক্তরাষ্ট্রের বাণিজ্য প্রতিনিধির দপ্তর। দেশটির ট্রেড রিপ্রেজেন্টেটিভ জেমসন গ্রিয়ার এক বিবৃতিতে বলেছেন, "জোরপূর্বক শ্রমের মাধ্যমে তৈরি পণ্য আমদানির বিষয়টি মোকাবিলায় আমাদের গুরুত্বপূর্ণ বাণিজ্য অংশীদারদের ব্যর্থতা অগ্রহণযোগ্য।" "এটি এমন একটি পরিস্থিতির সৃষ্টি করে, যেখানে আমেরিকান শ্রমিকরা বিশ্ববাজারে অসম প্রতিযোগিতার মুখে পড়তে বাধ্য হন," বলেও উল্লেখ করেছেন তিনি। যুক্তরাষ্ট্রের এই পদক্ষেপকে একতরফা শুল্ক আরোপের 'কৌশল' হিসেবেই দেখছেন অর্থনীতিবিদ এবং খাত সংশ্লিষ্টরা।

এর ফলে বাংলাদেশ থেকে যুক্তরাষ্ট্রে রপ্তানি হওয়া পণ্য- বিশেষ করে বাংলাদেশের পোশাক শিল্প বড়ো ধরনের ক্ষতির মুখে পড়তে পারে বলেও মনে করেন তারা। বাংলাদেশের পোশাক খাতের ব্যবসায়ীরা বলছেন, ট্রাম্প প্রশাসনের শুল্ক বা গ্লোবাল ট্যারিফ নীতিকে দেশটির সুপ্রিম কোর্ট অবৈধ ঘোষণার পরই শুল্ক ইস্যুতে নিজের কৌশলে পরিবর্তন এনেছিলেন মার্কিন প্রেসিডেন্ট। তাদের মতে, যে-কোনো উপায়েই নিজেদের সিদ্ধান্ত বাস্তবায়ন করতে চায় যুক্তরাষ্ট্র। অবশ্য শুল্ক নিয়ে ট্রাম্প প্রশাসনের সিদ্ধান্তকে একতরফা বললেও বাংলাদেশে শ্রম অধিকারের বিষয়ে যদি কোনো প্রশ্ন থাকে, সেদিকেও নজর দেওয়ার কথাও বলছেন অর্থনীতিবিদদের অনেকে। এদিকে, যুক্তরাষ্ট্রের বাণিজ্য প্রতিনিধির দপ্তরের নতুন এই প্রস্তাব নিয়ে এখনও কোনো আনুষ্ঠানিক মন্তব্য করেনি বাংলাদেশ সরকার।

**নতুন প্রস্তাবে যা আছে**

জোরপূর্বক শ্রমের মাধ্যমে তৈরি পণ্যের বাণিজ্য রোধে ব্যর্থ হওয়ায় বাংলাদেশসহ ৬০টি দেশের পণ্যের ওপর নতুন করে শুল্ক আরোপের প্রস্তাব দিয়েছে ইউনাইটেড স্টেটস ট্রেড রিপ্রেজেন্টেটিভ বা ইউএসটিআর। যুক্তরাষ্ট্রের বাণিজ্য প্রতিনিধির দপ্তর বা ইউএসটিআর বলছে, তাদের বাণিজ্য অংশীদার যে ৬০টি দেশ পণ্য তৈরির ক্ষেত্রে জোরপূর্বক শ্রমের বিষয়টি মোকাবিলা করতে পারেনি, তাদের ওপর ১০ শতাংশ থেকে ১২ দশমিক ৫ শতাংশ পর্যন্ত শুল্ক আরোপ করা হবে। ইউএসটিআর-এর এই প্রস্তাবনায় বাংলাদেশ ছাড়াও চীন, ভারত, পাকিস্তান, কানাডা, ইউরোপীয় ইউনিয়ন, ইন্দোনেশিয়া, মেক্সিকো, কম্বোডিয়া, মালয়েশিয়া, জাপানসহ ৬০টি দেশের নাম উল্লেখ করা হয়েছে। মূলত, পণ্য উৎপাদনের ক্ষেত্রে শ্রমিকদের অধিকারের বিষয়টিকেই গুরুত্ব দিয়েছে যুক্তরাষ্ট্র। তারা বলছে, বাণিজ্য অংশীদার দেশগুলো জোরপূর্বক শ্রমের মাধ্যমে পণ্য উৎপাদন বন্ধ করতে না পারায় তাদের এই সিদ্ধান্ত। বার্তা সংস্থা রয়টার্স বলছে, যুক্তরাষ্ট্র তাদের জরুরি শুল্ক ব্যবস্থা পুনর্গঠনের প্রক্রিয়ার অংশ হিসেবে এই সিদ্ধান্ত নিয়েছে, যা গত ফেব্রুয়ারিতে দেশটির সুপ্রিম কোর্টের এক রায়ে বাতিল হয়ে গিয়েছিল। এক্ষেত্রে কোন দেশের ওপর কত শুল্ক আরোপ করা হবে, সেটিও ওই প্রস্তাবনায় উল্লেখ করেছে ইউএসটিআর। তারা জানিয়েছে, যে-সব দেশ ইতোমধ্যেই জোরপূর্বক শ্রমের ওপর নিষেধাজ্ঞা আরোপ করেছে অথবা পারস্পরিক বাণিজ্য চুক্তির মাধ্যমে এমন নিষেধাজ্ঞা কার্যকর করার প্রতিশ্রুতি দিয়েছে বা আংশিক নিয়ম বিদ্যমান তাদের ক্ষেত্রে ১০ শতাংশ অতিরিক্ত শুল্ক আরোপের প্রস্তাব দেওয়া হয়েছে। এছাড়া, অন্য সব দেশের ক্ষেত্রে ১২ দশমিক ৫ শতাংশ অতিরিক্ত শুল্ক আরোপ করা হতে পারে।

বার্তা সংস্থা রয়টার্স বলছে, কানাডা, ইকুয়েডর, ইউরোপীয় ইউনিয়ন, ইন্দোনেশিয়া, মেক্সিকো, পাকিস্তান, আর্জেন্টিনা, বাংলাদেশ, কম্বোডিয়া, এল সালভাদর, গুয়াতেমালা, মালয়েশিয়া, তাইওয়ান এবং ব্রিটেনের ওপর ১০ শতাংশ শুল্ক আরোপ হতে পারে। এছাড়া, বাকি ৪৫টি দেশের ওপর তারা ১২ দশমিক ৫ শতাংশ হারে অতিরিক্ত শুল্ক আরোপ করবে। এছাড়া, একটি টেক্সটাইল মেকানিজমও প্রস্তাব করছে যুক্তরাষ্ট্র, যা নির্দিষ্ট পরিমাণ পোশাক ও টেক্সটাইল পণ্যকে হ্রাসকৃত শুল্ক হারে যুক্তরাষ্ট্রে প্রবেশের অনুমতি দেবে, যদিও এর হার বা পরিমাণ এখনো প্রকাশ করা হয়নি। বার্তা সংস্থা রয়টার্সের তথ্য অনুযায়ী, জোরপূর্বক শ্রম সংক্রান্ত শুল্কের ক্ষেত্রে, জ্বালানি, বিরল মৃত্তিকা এবং অন্যান্য নির্দিষ্ট কিছু ধাতু, গরুর মাংস, কফি, নির্দিষ্ট কিছু ফল ও সবজি, ঔষধ, জৈব রাসায়নিক এবং বিমানের যন্ত্রাংশ এই শুল্কের আওতামুক্ত থাকবে বলে জানিয়ে ইউএসটিআর।

**ট্রাম্প প্রশাসনের ভিন্ন কৌশল**

২০২৫ সালের ২ এপ্রিল একটি নির্বাহী আদেশের মাধ্যমে বাংলাদেশসহ বিশ্বের বিভিন্ন দেশের উপর বিভিন্ন হারে রেসিপ্রোকাল ট্যারিফ বা পালটা শুল্ক আরোপ করেছিল ট্রাম্প প্রশাসন। যেটি বিশ্ব অর্থনীতিতে অস্থিরতা সৃষ্টি করেছিল। বাংলাদেশের উপর শুরুতে ৩৫ শতাংশ পালটা শুল্ক আরোপ করা হলেও, শেষ পর্যন্ত দরকষাকষি শেষে উভয়পক্ষ 'অ্যাগ্রিমেন্ট অন রেসিপ্রোকাল ট্রেড' নামে একটি বাণিজ্য চুক্তিতে স্বাক্ষর করে। যুক্তরাষ্ট্রের সঙ্গে হওয়া এই চুক্তি নিয়ে বাংলাদেশে নানা আলোচনা-সমালোচনা রয়েছে। ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের মাত্র কদিন আগে এই চুক্তিতে সই করেছিল অন্তর্বর্তীকালীন সরকার। এমনকি যুক্তরাষ্ট্রের সঙ্গে আলোচনা করে চুক্তিতে পরিবর্তন আনা যায় কিনা বাংলাদেশের নতুন সরকারের প্রতি সেই দাবিও রয়েছে। ওই সময় বাংলাদেশ ছাড়াও আরও বেশ কয়েকটি দেশের সঙ্গে চুক্তি করেছিল যুক্তরাষ্ট্র। কিন্তু ডোনাল্ড ট্রাম্পের এই শুল্ক যুদ্ধে হঠাৎই বড়ো বাধা হয়ে দাঁড়ায় দেশটির সুপ্রিম কোর্ট। মার্কিন প্রেসিডেন্টের বহুল আলোচিত 'ইউনিভার্সাল বেসলাইন ট্যারিফ' যুক্তরাষ্ট্রের সংবিধানের পরিপন্থি এবং আইনিভাবে অবৈধ বলে ঘোষণা করেন যুক্তরাষ্ট্রের প্রধান বিচারপতি জন রবার্টসের নেতৃত্বাধীন বেঞ্চ। যুক্তরাষ্ট্রের উচ্চ আদালতের এই সিদ্ধান্তের ফলে বাংলাদেশসহ বিভিন্ন দেশের সঙ্গে হওয়া চুক্তি এক রকম অনিশ্চয়তায় পড়ে। যদিও ওই সময় বিকল্প হিসেবে 'সেকশন ১২২' নামে একটি আইনের আওতায় নতুন ১০ শতাংশ শুল্ক আরোপের ঘোষণা দিয়েছিলেন ট্রাম্প। এর পাশাপাশি বাংলাদেশসহ বেশ কিছু দেশের উৎপাদন খাতে অতিরিক্ত সক্ষমতা কিংবা অতিরিক্ত উৎপাদন করা হচ্ছে কি-না এবং পণ্য উৎপাদনে জোরপূর্বক শ্রম ব্যবহারের বিরুদ্ধে কতটা কার্যকর ব্যবস্থা নেওয়া হচ্ছে, এরকম একটি তদন্ত শুরু করে যুক্তরাষ্ট্রের বাণিজ্য প্রতিনিধির দপ্তর। ইউএসটিআর ওই সময় জানিয়েছিল যে, পণ্য উৎপাদনে জোরপূর্বক শ্রম ব্যবহারের বিষয়ে সংশ্লিষ্ট দেশগুলোর আইন, নীতি ও বাস্তব প্রয়োগ কেমন, সেটিই

তদন্ত করে দেখা হবে। একইসঙ্গে দেখা হবে যে, এসব বিষয়ে দেশগুলোর নীতি বা চর্চা যুক্তরাষ্ট্রের বাণিজ্যের ওপর কোনো ধরনের বোঝা বা প্রতিবন্ধকতা সৃষ্টি করছে কি না। মূলত যুক্তরাষ্ট্রের বাণিজ্য আইনের ৩০১ নম্বর ধারা অনুযায়ী, কোনো বিদেশি সরকারের নীতি বা কর্মকাণ্ড যুক্তরাষ্ট্রের বাণিজ্যের জন্য অযৌক্তিক বা বৈষম্যমূলক হলে যুক্তরাষ্ট্র প্রতিক্রিয়ামূলক ব্যবস্থা নিতে পারে। চলতি বছরের মার্চে শুরু করা এই তদন্তের একটি অংশ অর্থাৎ জোরপূর্বক শ্রম ইস্যুতেই মঙ্গলবার নতুন করে ৬০টি দেশের ওপর এই শুল্ক আরোপের প্রস্তাব দিয়েছে যুক্তরাষ্ট্রের বাণিজ্য প্রতিনিধির দপ্তর।

**বাংলাদেশে এই সিদ্ধান্ত নিয়ে প্রতিক্রিয়া**

জোরপূর্বক শ্রম এবং অতি উৎপাদন ইস্যুকে সামনে রেখে যুক্তরাষ্ট্র যখন ৬০টি দেশের বিরুদ্ধে তদন্ত শুরুর ঘোষণা দিয়েছিল, তখনই এ নিয়ে বাংলাদেশে প্রতিক্রিয়া তৈরি হয়েছিল। এর মধ্যদিয়ে, ট্রাম্প প্রশাসন ভিন্ন কৌশলে বাড়তি শুল্ক আরোপের পথই খোলা রাখছে বলেও সমালোচনা হয়েছিল। মঙ্গলবার নতুন শুল্ক আরোপের যে প্রস্তাবনা যুক্তরাষ্ট্রের বাণিজ্য প্রতিনিধির দপ্তর দিয়েছে তার মধ্যদিয়ে সেই কৌশলেরই বাস্তবায়ন দেখছেন অর্থনীতিবিদ এবং রপ্তানি খাত সংশ্লিষ্টরা। বাংলাদেশের তৈরি পোশাক শিল্পের মালিকদের শীর্ষ সংগঠন বিজিএমইএর সাবেক পরিচালক মহিউদ্দিন রুবেল বলছেন, এটি ট্রাম্প প্রশাসনের নতুন কোনো পরিকল্পনা নয়, বৃহৎ পরিকল্পনারই অংশ। তিনি বলছেন, "ট্যারিফ আদায়ের যে পরিকল্পনা ট্রাম্প প্রশাসন শুরুতে নিয়েছিল, সেটিই আইনের মারপ্যাঁচে ভিন্ন আঙ্গিকে নতুনভাবে সামনে এনেছে।„ অতীতে ট্রাম্প প্রশাসনের নেওয়া ট্যারিফের সিদ্ধান্ত আদালতে বাতিল হলেও, সেটাকেই আবার শক্ত করে আইনি প্রক্রিয়ায় আনা হচ্ছে। "ওরা বলছে যে, আপনি ফোর্স লেবার এবং এক্সেস প্রোডাকশনের জন্য দায়ী, এগুলোতো খুবই আপেক্ষিক ব্যাপার। এগুলো আপনি প্রমাণ করতে পারবেন না, ওরাও পারবে না। আসলে ওরা যে মাত্রায় ট্যারিফ কালেকশনের সিদ্ধান্ত নিয়েছিল, আইনের মারপ্যাঁচে সেটাই করছে,„ বিবিসি বাংলাকে বলেন মি. রুবেল। এছাড়া যে দেশগুলো এখনও যুক্তরাষ্ট্রের সঙ্গে কোনো চুক্তি করেনি, তাদেরকেও চুক্তিতে আনার ক্ষেত্রে এটি একটি আইনি ভিত্তি হিসেবেও কাজ করবে।

জোরপূর্বক শ্রম ইস্যুতে যে-সব দেশে বাড়তি শুল্ক আরোপের প্রস্তাব করা হয়েছে, সেখানে বাংলাদেশের নাম থাকায় এর প্রতিবাদ জানিয়েছে বাংলাদেশের ব্যবসায়ীদের বিভিন্ন সংগঠন। বুধবার দুপুরেই সংবাদ সম্মেলন করেছে বাংলাদেশের নিট পোশাকশিল্প মালিকদের সংগঠন বিকেএমইএ। সংগঠনটির সভাপতি মোহাম্মদ হাতেম বলছেন, মার্কিন আদালত আগের ট্যারিফ বাতিল করলেও নতুন অজুহাতে আরও ট্যারিফ আরোপের চেষ্টা করছে। "জোরপূর্বক শ্রমের যে অজুহাত তারা দিয়েছে, এর একটা প্রমাণও কি তারা দিতে পারবে? বাংলাদেশের শ্রমিকদের জোর করে কাজ করানো হচ্ছে, প্রশ্নই আসেনা,„ বলেন তিনি। মি. হাতেম দাবি করেন, শ্রমিকদের অধিকার রক্ষা করেই কাজ হচ্ছে বাংলাদেশে। "আইএলও'র আন্তর্জাতিক শ্রম কনভেনশনের দশটি কোর কনভেনশনেই বাংলাদেশ সই করেছে। আমেরিকা মাত্র দুটিতে করেছে। মূলত তাদের আদালত বাতিল করে দেওয়াতে ভিন্ন একটি ক্লজে গিয়ে এটি করার চেষ্টা করছে তারা,„ বলেন বিকেএমইএ সভাপতি। যুক্তরাষ্ট্রের সঙ্গে ট্যারিফ ইস্যুতে বাংলাদেশের যে চুক্তি হয়েছে, সেটি আবারও পর্যালোচনার কথা বলছেন বেসরকারি গবেষণা প্রতিষ্ঠান সেন্টার ফর পলিসি ডায়ালগ বা সিপিডি এর গবেষণা পরিচালক খন্দকার গোলাম মোয়াজ্জেম। বিবিসি বাংলাকে তিনি বলছেন, "স্বাভাবিক শুল্কের ওপর লেবার স্ট্যান্ডার্ডের ইস্যু এনে তারা বাড়তি শুল্ক আরোপের চেষ্টা করছেন, কিন্তু আগেই এই ধরনের শুল্কের বিষয়টি অগ্রহণযোগ্য বলে সিদ্ধান্ত দিয়েছিল মার্কিন আদালত, এবারও বিষয়টি মার্কিন আদালতে প্রশ্নের মুখে পড়বে।„ যদিও তিনি মনে করেন, মার্কিন ট্যারিফের দিকে না তাকিয়ে বাংলাদেশের বরং উচিত হবে শ্রম অধিকারের বিষয়ে যদি কোনো প্রশ্ন থাকে সেখানে নজর দেওয়া। "শ্রমিকদের অধিকার নিশ্চিতের বিষয়টি নিয়ে অনেকদিন আগে থেকেই আমাদের ওপর চাপ রয়েছে, আমাদের উচিত হবে ট্যারিফের দিকে না তাকিয়ে এক্ষেত্রে কোনো প্রশ্ন তোলার সুযোগ থাকলে নিজেদের তাগিদেই সেটি ঠিক করা,„ বিবিসি বাংলাকে বলেন মি. মোয়াজ্জেম।

(বিবিবি ওয়েব পেজ : ০৩.০৬.২০২৬ আলী আহমেদ)

## 'বাংলাদেশের খুন' নিয়ে মমতা ব্যানার্জীর বক্তব্য নিয়ে ঢাকার দলগুলোতে কী প্রতিক্রিয়া

ভারতের পশ্চিমবঙ্গের সাবেক মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর 'বাংলাদেশে কাকে দিয়ে খুন করিয়েছিলেন জানি' মন্তব্যে কৌতূহল তৈরি হয়েছে বাংলাদেশের রাজনৈতিক দলগুলোর মধ্যে। ক্ষমতাসীন বিএনপি সরকারের দিক থেকে সতর্ক প্রতিক্রিয়া আসলেও জামায়াতে ইসলামী ও জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) মনে করছে, মিজ ব্যানার্জী বাংলাদেশের ওসমান হাদি হত্যাকাণ্ডের দিকেই ইঙ্গিত করে কথাগুলো বলেছেন। সে কারণে এনসিপি মনে করে, মমতা ব্যানার্জীর ওই বক্তব্যে ভারতীয় স্বরাষ্ট্রমন্ত্রীর নাম উদ্ধৃত থাকায় বাংলাদেশ সরকারের উচিত, ভারত সরকারের কাছে ব্যাখ্যা দাবি করা। অন্যদিকে জামায়াতে ইসলামী বলছে, মিজ ব্যানার্জীর বক্তব্য থেকে 'বাংলাদেশের রাজনীতি নিয়ে ভারতীয় খেলার' একটা ইঙ্গিত পাওয়া যাচ্ছে। রাজনৈতিক বিশ্লেষক মহিউদ্দিন আহমদ বলছেন, বাংলাদেশের নাম আসায় এবং মমতা ব্যানার্জীর মন্তব্যে ভারতীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের নাম থাকায় বাংলাদেশ সরকার একটি ব্যাখ্যা চাইতে পারে,

যদিও নির্বাচনে পর পরস্পরকে দোষারোপ করে পাল্টাপাল্টি বক্তব্য, অভিযোগের সংস্কৃতি বাংলাদেশের মতো ভারতেও আছে। অন্যদিকে সরকারের দিক থেকে পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ বলেছেন, মমতা ব্যানার্জী তার দেশের সরকারকে উদ্দেশ্য করে কথা বলেছেন, যা নিয়ে বাংলাদেশের মন্তব্য করা উচিত হবে না বলে মনে করেন তিনি।

**কী বলেছিলেন মমতা**

কলকাতার ধর্মতলায় মঙ্গলবার ২ জুন একটি ধর্না মঞ্চ থেকে বক্তব্যটি দিয়েছিলেন সাবেক মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী। পশ্চিমবঙ্গ পুলিশের স্পেশাল টাস্ক ফোর্সের প্রশংসা করে তিনি বলেন, "বাংলাদেশ থেকে একটা বড়ো খুনিকে এসটিএফ অ্যারেস্ট করেছিল জেনে রাখুন, যা নিয়ে বাংলাদেশে অনেক রেভল্যুশন হয়েছিল। অন্য দেশের কথা আমি বলছি না, আমার সেই অধিকার নেই, কিন্তু আমার মুখ্য বক্তব্য হলো, তারা মেঘালয় দিয়ে বাংলায় চলে আসে। তখন আমাদের এসটিএফ তাদের ধরে।„ সাবেক মুখ্যমন্ত্রী বলেন, "তার পরে হোম মিনিস্টার নিজে আমাকে ফোন করে বলেন, আপনি বেঙ্গল পুলিশকে বলে দিন, এই কথা যেন বাইরে না যায়। এটা দেশের স্বার্থে।„ মমতা ব্যানার্জী বলেন, "কাকে দিয়ে খুন করিয়েছিলেন? কার কার নাম বেরিয়েছিল? আজ গভর্নমেন্ট চেঞ্জ হলেও আমি তো সবটাই জানি। আমার হৃদয়টাই একটা কথা ভাণ্ডার, তথ্য ভাণ্ডার, সত্য ভাণ্ডার।„ প্রসঙ্গত, চলতি বছরেরই মার্চ মাসে পশ্চিমবঙ্গ পুলিশের স্পেশাল টাস্ক ফোর্স বাংলাদেশে ওসমান হাদির হত্যাকাণ্ডের সঙ্গে যুক্ত থাকার অভিযোগে দুই মূল অভিযুক্তকে গ্রেফতার করে। তাদের নাম ফয়সাল করিম মাসুদ ওরফে রাহুল এবং আলমগীর হোসেন। এই দুই অভিযুক্ত মেঘালয় হয়ে পশ্চিমবঙ্গে ঢুকেছিল বলে জানিয়েছিল পশ্চিমবঙ্গ পুলিশ। এর পরে অভিযুক্ত ফিলিপ সাংমা নামে একজনকে নদিয়ার শান্তিপুরের কাছ থেকে গ্রেফতার করে এসটিএফ। এর আগে, ফয়সাল করিম মাসুদকে ওসমান হাদি হত্যাকাণ্ডের মূল অভিযুক্ত বলে ঘোষণা দিয়েছিল ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশ। তবে এই ঘটনটির দিকেই তিনি নির্দেশ করছেন কিনা, তা স্পষ্ট জানাননি সাবেক মুখ্যমন্ত্রী মিজ ব্যানার্জী। গত বছরের ১২ ডিসেম্বর ঢাকায় গুলিবিদ্ধ হয়ে পরে চিকিৎসাধীন অবস্থায় মারা গিয়েছিলেন ওসমান হাদি। বাংলাদেশের ২০২৪ সালের আগস্টে রাজনৈতিক পটপরিবর্তনের পর নিজের বক্তব্য আর কর্মকাণ্ডের মাধ্যমে আলোচনা-সমালোচনায় এসে পরিচিত হয়ে উঠেছিলেন শরিফ ওসমান হাদি। ‵ইনকিলাব মঞ্চ, নামে একটি 'রাজনৈতিক-সাংস্কৃতিক প্লাটফর্ম' তৈরির মাধ্যমে নিজের কর্মকাণ্ড চালাচ্ছিলেন তিনি।

**ঢাকায় প্রতিক্রিয়া**

মমতা ব্যানার্জীর বক্তব্য সংবাদ মাধ্যমে আসতেই এ নিয়ে শোরগোল শুরু হয় সামাজিক মাধ্যমে। ওসমান হাদি হত্যাকাণ্ড, ভারত, বাংলাদেশ ইস্যুতে নানা ধরনের পোস্ট আর মন্তব্য দেখা যায় সেখানে। তবে মূল ধারার রাজনৈতিক দলগুলো এ নিয়ে আনুষ্ঠানিকভাবে কোনো বিবৃতি বা বক্তব্য সংবাদ মাধ্যমে পাঠায়নি। সরকারের দিক থেকে বাংলাদেশের পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ পররাষ্ট্র মন্ত্রণালয়ে সাংবাদিকদের প্রশ্নের জবাবে বলেছেন, "পাশের দেশে একটি নির্বাচন হয়েছে। সেখানে তিনি পরাজিত হয়েছে তিনি তাদের সরকারকে উদ্দেশ্য করে কিছু কথা বলেছেন। সেটি আমাদের আলোচনার বিষয় নয়।„ তিনি আরও বলেন, "ভারত সরকার যদি বাংলাদেশকে হাদি হত্যার বিষয়ে বলে, এটি নিয়ে স্বরাষ্ট্র ও পররাষ্ট্র মন্ত্রণালয় কাজ করছে। হাদির হত্যাকারীদের ফিরিয়ে এনে বিচার করতে হবে। আমরা এ বিষয়ে আন্তরিকভাবে কাজ করছি এবং অগ্রগতিও হয়েছে। ভারত সরকারের সাথে কূটনৈতিক সম্পর্কের মাধ্যমেই কাজ করতে হবে।„ বিএনপির অন্য নেতারা এ নিয়ে আর কোনো মন্তব্য করতে রাজি হননি। তবে বিএনপি ও জামায়াতের কয়েকজন নেতার সাথে কথা বলে তাদের দলের ভেতরে বিভিন্ন ধরনের প্রতিক্রিয়া এবং কৌতূহল সম্পর্কে ধারণা পাওয়া যাচ্ছে। বিএনপি নেতারা কেউ কেউ অনানুষ্ঠানিক আলোচনায় মিজ ব্যানার্জীর মন্তব্যে বিরক্তি প্রকাশ করেছেন। জামায়াতের মধ্যেও কেউ কেউ মনে করেন যে বিজেপি ও মমতা ব্যানার্জীর নির্বাচনি দ্বন্দ্বের কারণেই বাংলাদেশকে জড়িয়ে এমন মন্তব্য আসতে পারে। জামায়াতে ইসলামীর সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার বলছেন, মমতা ব্যানার্জী কারও নাম বলেননি, তবে এটি ইঙ্গিত দিচ্ছে যে, ভারত বাংলাদেশ ও পশ্চিমবঙ্গকে মিলিয়ে রাজনীতির নাটাই হাতে রাখতে চাইছে। "তার কথা থেকে বোঝা যায় যে, ওসমান হাদি হত্যাকাণ্ড নিয়ে ভারত ষড়যন্ত্রে লিপ্ত এবং আধিপত্যবাদী চিন্তা থেকে এদেশের সরকারে ওঠা-নামার রাজনীতিতে ভারত যে খেলা খেলে বলে বলা হয়, সেই খেলাতেই তারা মেতে উঠেছে,„ বিবিসি বাংলাকে বলেছেন তিনি। মি. পরওয়ার বলেন, "সবকিছু মিলিয়ে মমতা ব্যানার্জীর এ বক্তব্য সহজভাবে নেওয়ার সুযোগ নেই। তার বক্তব্যের সূত্র ধরে ভারত সরকারের বক্তব্য সরকার জানতে চাইতে পারে।„

**ভারত সরকারের ব্যাখ্যা দাবি এনসিপির**

অন্যদিকে এনসিপির সদস্য সচিব আখতার হোসেন বলছেন, মমতা ব্যানার্জী যেভাবে বলেছেন, সেটি ওসমান হাদির হত্যাকাণ্ডকেই ইঙ্গিত করে। তিনি মনে করেন, বাংলাদেশ সরকারের উচিত এখনই এ বিষয়ে ভারত সরকারের ব্যাখ্যা দাবি করা। "হাদির যে অ্যাক্টিভিজম ও সেই সময়ের যে প্রেক্ষাপট, খুনিদের ভারতে পালিয়ে যাওয়া এসব কিছু বিবেচনা করতে হবে। কড়াকড়ি ছিল সীমান্তে তারপরেও কীভাবে খুনিরা দ্রুত সময়ে ভারতে চলে যেতে পারল? মমতা ব্যানার্জীর বক্তব্য থেকে অনুমান করা যায় যে, খুব অল্প সময়ে তাদের কীভাবে ভারতে আশ্রয় দেওয়া হলো। আমরা মনে করি,

এসব প্রশ্নের জবাব সরকারের চাওয়া উচিত,„ বিবিসি বাংলাকে বলেছেন মি. হোসেন। রাজনৈতিক বিশ্লেষক মহিউদ্দিন আহমদ বলছেন, নির্বাচনে হারলে কিংবা নির্বাচনের পর যে-কোনো ঘটনায় একে অন্যকে দায়ী করার প্রবণতা বাংলাদেশ ও ভারতে আছে। "এখন মমতার বক্তব্যের কোনো ভিত্তি আছে কি-না, সেটি প্রমাণ ছাড়া বলা কঠিন। মমতা যা বলেছেন নির্বাচনে হারার পর বলেছেন। এর সূত্র ধরে এদেশেও কিছু লোক এ নিয়ে রাজনীতি করছে। তবে দেখতে হবে, ভারতের স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের দিক থেকে কোনো জবাব আসে কি-না,„ বিবিসি বাংলাকে বলেছেন তিনি।
(বিবিসি ওয়েব পেজ : ০৩.০৬.২০২৬ আলী আহমেদ)

## কেমন থাকবে জুন মাসে বাংলাদেশের আবহাওয়া?

জুন মাসে দেশে স্বাভাবিকের তুলনায় কম বৃষ্টিপাত হতে পারে বলে পূর্বাভাস দিয়েছে আবহাওয়া অধিদপ্তর। আবহাওয়া অধিদপ্তরের এক মাসের দীর্ঘমেয়াদি পূর্বাভাসে বলা হয়েছে, এ মাসে বঙ্গোপসাগরে এক থেকে দুটি লঘুচাপ সৃষ্টি হতে পারে, যার মধ্যে একটি মৌসুমি নিম্নচাপে পরিণত হওয়ার সম্ভাবনা রয়েছে। আর, জুনের প্রথমার্ধে দক্ষিণ-পশ্চিম মৌসুমি বায়ু বা বর্ষা দেশের সব এলাকায় বিস্তার লাভ করতে পারে। পূর্বাভাস অনুযায়ী, এ মাসে দেশে পাঁচ থেকে সাত দিন হালকা থেকে মাঝারি ধরনের হতে পারে। তাপমাত্রার ক্ষেত্রে বলা হয়েছে, জুন মাসে দিন ও রাতের তাপমাত্রা স্বাভাবিকের তুলনায় কিছুটা বেশি থাকতে পারে। এ সময় দেশের ওপর দিয়ে দুই থেকে তিনটি বিচ্ছিন্ন তাপপ্রবাহ বয়ে যেতে পারে। এসব তাপপ্রবাহ মৃদু (৩৬-৩৭.৯ ডিগ্রি সেলসিয়াস) থেকে মাঝারি (৩৮-৩৯.৯ ডিগ্রি সেলসিয়াস) ধরনের হতে পারে। এদিকে, এ মাসে বাংলাদেশের প্রধান নদ-নদীর পানি সমতল বৃদ্ধি পেলেও বড়ো ধরনের বন্যার আশঙ্কা নেই বলে জানিয়েছে আবহাওয়া অধিদপ্তর। তবে ভারী বৃষ্টিপাতের কারণে দেশের উত্তরাঞ্চল, উত্তর-পূর্বাঞ্চল ও দক্ষিণ-পূর্বাঞ্চলের কিছু স্থানে সাময়িকভাবে পানি সমতল বৃদ্ধি পেতে পারে। (বিবিসি ওয়েব পেজ : ০৩.০৬.২০২৬ নারগীস)

## দিল্লির মালভিয়া নগরে রেস্তোরাঁয় ভয়াবহ আগুন, বহু মানুষের হতাহতের খবর

ভারতের রাজধানী দিল্লির মালভিয়া নগর এলাকায় লেমন গ্রিন নামের একটি রেস্তোরাঁয় অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে। এ ঘটনায় ১০ জনের বেশি মানুষের প্রাণহানির খবর পাওয়া গেছে। প্রশাসন চারজনের মৃতদেহ উদ্ধারের বিষয়টি নিশ্চিত করলেও স্থানীয় বিজেপি বিধায়ক সতীশ উপাধ্যায় বলেছেন, নিহতের সংখ্যা ২১ জন এবং ৪৭ জনকে উদ্ধার করা হয়েছে। এদিকে, ভারতের অন্যতম প্রধান জাতীয় রাজনৈতিক দল আম আদমি পার্টির নেতা সৌরভ ভরদ্বাজ বলেছেন, "এই আগুনে ২১ জন জীবন্ত পুড়ে মারা গেছেন। মৃতের সংখ্যা আরও বাড়তে পারে।„ ফায়ার কর্মকর্তা এ কে মালিক সংবাদ সংস্থা এএনআই-কে জানিয়েছেন যে, বুধবার সকাল ৮টা ৫০ মিনিটে ঘটনার খবর পাওয়া যায়। তিনি জানান যে, এটি একটি বহুতল ভবন। এতে একটি বেসমেন্ট, নিচতলা এবং তার ওপরে পাঁচটি তলা রয়েছে। তার মতে, "ঘটনাস্থলে উপস্থিত লোকজনকে জিজ্ঞাসাবাদ করে আমরা জানতে পেরেছি যে, এই ভবনটি কেবল আবাসিক এলাকা হিসেবে ব্যবহৃত হচ্ছিল না। মনে হচ্ছে, এখানে থাকা অধিকাংশ মানুষই সেইসব রোগীদের আত্মীয় বা পরিচিত ছিলেন, যাদের চিকিৎসা রাস্তার ঠিক সামনে অবস্থিত ম্যাক্স হাসপাতালে চলছিল।„ মালিক জানান, "এখানে থাকা মানুষের মধ্যে বিদেশি নাগরিকরাও ছিলেন। আগুন বেশ দ্রুত নিয়ন্ত্রণে আনা হয়েছিল। অত্যন্ত কম সময়ের মধ্যে এটি নিয়ন্ত্রণে আসে। এখন আমরা ভবনটি পুরোপুরি খালি করে দিয়েছি এবং পরবর্তী ব্যবস্থার জন্য তা পুলিশের কাছে হস্তান্তর করেছি।„ এ ঘটনায় শোক প্রকাশ করেছেন ভারতের প্রধানমন্ত্রীর কার্যালয় (পিএমও), দিল্লির মুখ্যমন্ত্রী রেখা গুপ্ত এবং লেফটেন্যান্ট গভর্নর তারণজিৎ সিং সান্ধু। সামাজিক যোগাযোগ মাধ্যম এক্সে দেওয়া এক পোস্টে পিএমও জানিয়েছে, নিহতদের পরিবারের জন্য দুই লাখ রুপি এবং আহতদের জন্য ৫০ হাজার রুপি আর্থিক সহায়তা দেওয়া হবে। দক্ষিণ দিল্লির দিল্লি দুর্যোগ ব্যবস্থাপনা কর্তৃপক্ষের এসডিএম জিতেন্দ্র কুমার বলেন, "ইমারতের নিচে একটি রেস্তোরাঁ চালানো হচ্ছিল এবং আগুন লাগার কারণ এখনও জানা যায়নি। ধারণা করা হচ্ছে, রেস্তোরাঁ থেকেই হয়ত ভবনে আগুন লেগেছে।„ তিনি বলেন, "আমাদের কাছে সুনির্দিষ্ট বিস্তারিত তথ্য নেই, তবে এখন পর্যন্ত চারটি মরদেহ উদ্ধার করা হয়েছে। সাত-আটজন আহতকে হাসপাতালে নিয়ে যাওয়া হয়েছে।„ জিতেন্দ্র কুমার জানান, এই ধরনের ঘটনা যাতে পুনরায় না ঘটে, সেজন্য এ ধরনের ভবনের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া প্রয়োজন। মালভিয়া নগরের সাবেক বিধায়ক এবং আম আদমি পার্টির নেতা সোমনাথ ভারতী সংবাদ সংস্থা এএনআই-কে বলেন, "বুধবার সকাল ৮টায় এই আগুন লেগেছে কারণ এলাকায় তারের জট লেগে রয়েছে।„ তিনি বলেন, "সকাল ৮টায় আগুন লাগে। তারের জটলা রয়েছে, যেখান থেকে সম্ভবত শর্ট সার্কিটের কারণে আগুন লেগেছে। পাশেই একটি হোটেল রয়েছে, যেখানে ২০ থেকে ২৫টি রুম আছে। সামনেই ম্যাক্স হাসপাতাল। সেখানে যারা চিকিৎসা করাতে আসেন, তাদের পরিবার এই হোটেলে থাকেন।„ "শর্ট সার্কিট থেকে প্রথমে রান্নাঘরে আগুন লাগে, যা উপরের তলাগুলোতে ছড়িয়ে পড়ে। সামনে একটি লেপ-তোশকের দোকান রয়েছে, সেই দোকানি তার সব লেপ বিছিয়ে দিয়েছিলেন, যার ওপর লাফিয়ে পড়ে মানুষ বাইরে বেরিয়েছেন।„(বিবিসি ওয়েব পেজ : ০৩.০৬.২০২৬ নারগীস)

## যুক্তরাষ্ট্র-ইরান আলোচনায় ভূমিকা রাখছেন মোজতবা খামেনি, দাবি ট্রাম্পের

মার্কিন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বলেছেন, ইরান পারমাণবিক অস্ত্র তৈরি না করার বিষয়ে সম্মত হয়েছে। একইসঙ্গে তিনি দাবি করেছেন, মার্কিন যুক্তরাষ্ট্রের সঙ্গে চলমান আলোচনায় ইরানের সর্বোচ্চ নেতা আয়াতুল্লাহ আলী খামেনির ছেলে মোজতবা খামেনিও ভূমিকা রাখছেন। ”পড ফোর্স ওয়ান„ নামের একটি পডকাস্টে ট্রাম্প বলেন, ”আমি তার (মোজতবা খামেনি) সঙ্গে দেখা করতে চাই। পরিস্থিতি কীভাবে এগোয়, তার ওপর নির্ভর করে কোনো এক সময় হয়ত আমাদের দেখা হবে।„ ট্রাম্প আরও স্বীকার করেন, ইসরায়েলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহুর সঙ্গে তার কথা কাটাকাটি হয়েছিল। তিনি বলেন, ”হ্যাঁ, কথা হয়েছে। আমি বলবো না যে আমি রাগান্বিত ছিলাম, তবে লেবাননে তার অব্যাহত সামরিক তৎপরতা আমাকে কিছুটা বিরক্ত করেছে।„ তবে একইসঙ্গে ট্রাম্প বলেন, ইসরায়েলি প্রধানমন্ত্রীর সঙ্গে তার সম্পর্ক ভালো। এদিকে, সংবাদমাধ্যম অ্যাক্সিওস জানিয়েছে, রোববার রাতে ফোনালাপে ট্রাম্প নেতানিয়াহুকে ”পাগল„ বলেছেন। প্রতিবেদন অনুযায়ী, ট্রাম্প নেতানিয়াহুকে বলেন, ”তুমি পাগল হয়ে গেছ। আমি না থাকলে এখন তুমি জেলে থাকতে। এখন সবাই তোমাকে ঘৃণা করে। এই ঘটনার কারণে সবাই ইসরায়েলকে ঘৃণা করছে।„ অ্যাক্সিওসের এই প্রতিবেদন ইসরায়েলেও ব্যাপক আলোচনার জন্ম দিয়েছে।
(বিবিসি ওয়েব পেজ : ০৩.০৬.২০২৬ নারগীস)

## দিল্লির অগ্নিকাণ্ডে নিহত ২১, নিহতদের মধ্যে ১১ জন বিদেশি নাগরিক

ভারতের রাজধানী দিল্লির মালভিয়া নগর এলাকায় একটি ভবনে ভয়াবহ অগ্নিকাণ্ডে অন্তত ২১ জন নিহত হয়েছেন। নিহতদের মধ্যে ১১ জন বিদেশি নাগরিক এবং ১০ জন ভারতীয় নাগরিক রয়েছেন। সরকারি তথ্য অনুযায়ী, এ ঘটনায় আরও ৩৭ জন আহত হয়েছেন। তাদের মধ্যে ২৩ জন বিদেশি ও ১৪ জন ভারতীয় নাগরিক। আহত বিদেশি নাগরিকদের মধ্যে পাঁচজন আহত অবস্থায় চিকিৎসাধীন রয়েছেন এবং ১৬ জনের অবস্থা আশঙ্কাজনক। এদের মধ্যে ১০ জনকে ভেন্টিলেটরে রাখা হয়েছে, আর ছয়জন ভেন্টিলেটর ছাড়াই চিকিৎসা নিচ্ছেন। এ ছাড়া নেপালের দুই নাগরিক চিকিৎসা শেষে হাসপাতাল থেকে ছাড়পত্র পেয়েছেন। অন্যদিকে, আহত ভারতীয়দের মধ্যে ১০ জনই হলেন দিল্লি পুলিশের সদস্য। আরও তিন ভারতীয় নাগরিকের অবস্থা গুরুতর বলে জানানো হয়েছে, যদিও তাদের কাউকেই ভেন্টিলেটরে রাখা হয়নি। এদিকে, বার্তা সংস্থা রয়টার্স ভারতের স্থানীয় গণমাধ্যমের বরাতে জানিয়েছে, নিহত বিদেশি নাগরিকদের মধ্যে বাংলাদেশের নাগরিকসহ নাইজেরিয়া, মোজাম্বিক ও লাইবেরিয়ার নাগরিকও রয়েছে।
(বিবিসি ওয়েব পেজ : ০৩.০৬.২০২৬ নারগীস)

# রেডিও তেহরান

## বাংলাদেশে বিদ্যুতের দাম পাইকারিতে ১৯.৮৫% এবং খুচরাতে ১৭% বাড়ল

বাংলাদেশ অ্যানার্জি রেগুলেটরি কমিশন (বিইআরসি) পাইকারি, সঞ্চালন ও খুচরা পর্যায়ে বিদ্যুতের দাম বাড়িয়েছে। পাইকারিতে বিদ্যুতের দাম ১৯.৮৫ শতাংশ বাড়ানো হয়েছে। অন্যদিকে গ্রাহক পর্যায়ে দাম বাড়ানো হয়েছে গড়ে ১৬.৬৮ শতাংশ। এছাড়া সঞ্চালন চার্জ ২৩.৯৬ শতাংশ বাড়িয়েছে বাংলাদেশ অ্যানার্জি রেগুলেটরি কমিশন (বিইআরসি)। গ্রাহক পর্যায়ে সর্বনিম্ন লাইফলাইন গ্রাহকের ১৫ শতাংশ থেকে সর্বোচ্চ ১৯.৯৪ শতাংশ দাম বাড়ানো হয়েছে। নতুন দর বিলিং মাস জুন থেকেই কার্যকর হবে। আজ (বুধবার) বাংলাদেশ অ্যানার্জি রেগুলেটরি কমিশনের (বিইআরসি) চেয়ারম্যান জালাল আহমেদ এক সংবাদ সম্মেলনে আনুষ্ঠানিকভাবে বিদ্যুতের নতুন দর বৃদ্ধির এ ঘোষণা দেন। পাইকারিতে বর্তমানে ইউনিটপ্রতি দর ৭.০৪ টাকা থেকে বাড়িয়ে গড় দাম ৮.৩৯ টাকা করা হয়েছে। অন্যদিকে সঞ্চালন খরচ (গড়) ইউনিটপ্রতি ৩১ পয়সা থেকে বাড়িয়ে প্রায় ৩৯ পয়সা করা হয়েছে। কমিশন বলেছে, বিদ্যুৎ উৎপাদন, ক্রয় ও আমদানি ব্যয়, সঞ্চালন ও বিতরণ ব্যয়, পাইকারি পর্যায়ে পিডিবিকে সরকারের ভর্তুকি এবং সামগ্রিক অবস্থা বিবেচনায় নিয়ে নতুন দাম নির্ধারণ করা হয়েছে। দাম বাড়ানোর পরও পিডিবির অবশিষ্ট ঘাটতি মেটাতে বছরে সরকারকে প্রায় ৪১ হাজার কোটি টাকা ভর্তুকি দিতে হবে বলে জানিয়েছে বিইআরসি।

বিদ্যুতের একমাত্র সঞ্চালন কোম্পানি পিজিসিবি (পাওয়ার গ্রিড বাংলাদেশ পিএলসি), প্রতি ইউনিটে যথাক্রমে ৩০ ও ৩১ পয়সা থেকে বাড়িয়ে ৪৮ ও ৪৯ পয়সা করার আবেদন করেছিল। অন্যদিকে, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বিপিডিবি) পাইকারি পর্যায়ে ইউনিট প্রতি ১.২০ টাকা (১৭ শতাংশ) থেকে ১.৫০ টাকা (২১ শতাংশ) দাম বাড়ানোর আবেদন করে। দাম বৃদ্ধির আবেদনে বলা হয়, ২০২৬-২৭ অর্থবছরে বিদ্যুতের সম্ভাব্য উৎপাদন খরচ পড়বে প্রায় ১ লাখ ৪৩ হাজার ১০৮ কোটি টাকা। প্রতি ইউনিট বিদ্যুতের দাম পড়বে ১২.৯১ টাকার মতো। সর্বশেষ ২০২৪ সালের ২৯ ফেব্রুয়ারি নির্বাহী আদেশে গ্রাহক পর্যায়ে বিদ্যুতের দাম ৮.৫০ শতাংশ বাড়ানো হয়। একইসঙ্গে পাইকারি দর ৬.৭০ টাকা থেকে ৫ শতাংশ বাড়িয়ে ৭.০৪ টাকা করা হয়। দাম বৃদ্ধির প্রস্তাবের উপর গত ২০ ও ২১ মে গণশুনানি হয়। (রেডিও তেহরান ওয়েব পেজ : ০৩.০৬.২০২৬ নারগীস)

## মিরপুরে বৃদ্ধা মায়ের প্রতি অবহেলা, যুগ্ম সচিব ছেলেকে পদ থেকে সরাল সরকার

বাংলাদেশের রাজধানীর মিরপুরে ৭৫ বছর বয়সি নূরজাহান বেগমের মরদেহ উদ্ধারের ঘটনায় তার ছেলে, যুগ্ম সচিব এ কে এম আনিসুর রহমানকে মোংলাবন্দর কর্তৃপক্ষের সদস্য (প্রকৌশল ও উন্নয়ন) পদ থেকে সরিয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ে সংযুক্ত করা হয়েছে। আজ (বুধবার) জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে এ সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করা হয়। প্রজ্ঞাপনে বলা হয়, তাকে আগের পদ থেকে প্রত্যাহার করে জনপ্রশাসন মন্ত্রণালয়ে সংযুক্ত করা হয়েছে এবং দ্রুত নতুন কর্মস্থলে যোগ দিতে বলা হয়েছে। নির্ধারিত সময়ের মধ্যে যোগ না দিলে তাৎক্ষণিকভাবে অবমুক্ত (স্ট্যান্ড রিলিজড) হিসেবে গণ্য হবে। এর আগে, জনপ্রশাসন প্রতিমন্ত্রী মো. আব্দুল বারী জানান, পিতা-মাতার ভরণপোষণ আইন অনুযায়ী এ ঘটনায় প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে। সংশ্লিষ্ট কর্মকর্তার বক্তব্য গ্রহণসহ বিষয়টি খতিয়ে দেখা হচ্ছে। গত ৩১ মে মিরপুর-১১ এলাকার একটি বাসা থেকে নূরজাহান বেগমের মরদেহ উদ্ধার করে পুলিশ। ৯৯৯ নম্বরে ফোন পেয়ে ঘটনাস্থলে গিয়ে মরদেহটি উদ্ধার করা হয়। পরে জানা যায়, মরদেহটি কয়েক দিন ধরে পড়ে ছিল এবং তা পচে গিয়েছিল। পুলিশ জানায়, নূরজাহান বেগম তার মেয়ের বাসায় থাকতেন। ওই বাসাটি দীর্ঘদিন ধরে অগোছালো ও অস্বাস্থ্যকর অবস্থায় ছিল। তার এক ছেলে প্রশাসনের উচ্চপদস্থ কর্মকর্তা, আরেক ছেলে বুয়েট শিক্ষক এবং এক মেয়ে স্থানীয় স্কুলশিক্ষক। স্থানীয়দের অভিযোগ, বৃদ্ধা নারীর এমন মৃত্যু সন্তানদের অবহেলার কারণে ঘটেছে। বিষয়টি সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়ার পর ব্যাপক সমালোচনা শুরু হয়। এদিকে, পিতা-মাতার ভরণপোষণ আইন অনুযায়ী, প্রত্যেক সন্তানকে তার পিতা-মাতার দেখ-ভালের দায়িত্ব নিতে হবে। আইন লঙ্ঘনের ক্ষেত্রে জরিমানা ও কারাদণ্ডের বিধান রয়েছে। এ ঘটনায় আইনগত প্রক্রিয়া শুরু করেছে প্রশাসন। ঘটনাটি নিয়ে এলাকায়ও ক্ষোভের সৃষ্টি হয়েছে। স্থানীয়রা এ ধরনের মৃত্যুকে অমানবিক বলে মন্তব্য করেছেন এবং বিষয়টির সুষ্ঠু তদন্ত দাবি করেছেন। (রেডিও তেহরান ওয়েব পেজ : ০৩.০৬.২০২৬ নারগীস)

## এনএইচকে

### যুক্তরাষ্ট্র-ইরান আলোচনায় পারমাণবিক কর্মসূচি অন্তর্ভুক্ত করতে হবেঃ রুবিও

মার্কিন পররাষ্ট্রমন্ত্রী মার্কো রুবিও বলেছেন , তেহরানের নেতারা তাদের পারমাণবিক কর্মসূচি নিয়ে আলোচনায় সম্মত হতে পারেন। তার এই মন্তব্য এমন এক সময়ে এলো যখন যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে আলোচনা থমকে গেছে বলে মনে হচ্ছে। মঙ্গলবার সিনেটের পররাষ্ট্র বিষয়ক কমিটিতে আইনপ্রণেতাদের রুবিও বলেন যে , হরমুজ প্রণালি পুনরায় খুলে দেওয়াই `এক নম্বর শর্ত,। তিনি বলেন, জাহাজগুলো যাতে নিরাপদে ও অবাধে চলাচল করতে পারে, তা নিশ্চিত করাই সামনে এগিয়ে যাওয়ার ভিত্তি। তবে তিনি জোর দিয়ে বলেছেন যে , সমুদ্রপথটি পুনরায় খুলে দিলেই কেবল ইরানের ওপর থেকে নিষেধাজ্ঞা শিথিল করা হবে না। রুবিও বলেছেন , ”যে-কোনো নিষেধাজ্ঞা শিথিলকরণ শর্তসাপেক্ষ , যার অর্থ হলো, যে কারণে প্রথমত নিষেধাজ্ঞাগুলো আরোপ করা হয়েছিল, অর্থাৎ তাদের পারমাণবিক কর্মসূচির কারণে , তার বিনিময়েই তা করতে হবে।„ ইরানের ফার্স সংবাদ সংস্থা জানিয়েছে যে, তেহরান ও ওয়াশিংটনের মধ্যে আলোচনা অন্তত বেশ কয়েক দিনের জন্য বন্ধ রয়েছে। এই অচলাবস্থার পেছনে একটি সম্ভাব্য কারণ হলো লেবানন ও ইসরায়েলের মধ্যকার উত্তেজনা। লেবাননের কর্মকর্তারা ঘোষণা করেছেন যে , ইরান-সমর্থিত শিয়া মুসলিম গোষ্ঠী হিজবুল্লাহ ইসরায়েলের ওপর হামলা স্থগিত করতে সম্মত হয়েছে। এর বিনিময়ে ইসরায়েলি বাহিনী বৈরুতের উপকণ্ঠে তাদের হামলা বন্ধ করবে বলে তারা এক বিবৃতিতে জানান। (এনএইচকে ওয়েব পেজঃ ০৩.০৬.২০২৬ রুবাইয়া)

## ডয়চে ভেলে

### ভারত, চীন নয় তারেক রহমানের প্রথম বিদেশ সফর মালয়েশিয়ায়

প্রধানমন্ত্রী তারেক রহমানের প্রথম বিদেশ সফরের আমন্ত্রণ এসেছিল ভারত থেকে। গত ফেব্রুয়ারিতে নির্বাচনের পরপরই ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী তাকে দিল্লি সফরের আমন্ত্রণ জানিয়ে চিঠি পাঠান। আমন্ত্রণ ছিল মালয়েশিয়ার প্রধানমন্ত্রী আনোয়ার ইব্রাহিমের পক্ষ থেকেও। এর পরে চীনের প্রধানমন্ত্রী লি কিয়াংয়েরও আমন্ত্রণপত্র আসে বেইজিং সফরের জন্য। শেষ পর্যন্ত ভারত বা চীন নয়, সরকারপ্রধান হিসেবে নিজের প্রথম বিদেশ সফরের জন্য মালয়েশিয়াকে বেছে নিয়েছেন তারেক রহমান। ২১ ও ২২ জুন, দুইদিনের রাষ্ট্রীয় সফরে প্রধানমন্ত্রীর কুয়ালালামপুর যাওয়ার প্রস্তুতি শুরু হয়েছে বলে সরকারের উচ্চপর্যায়ের এক কর্মকর্তা ডিডাব্লিউর কনটেন্ট পার্টনার প্রথম আলোকে নিশ্চিত করেছেন। তিনি বলেন, মালয়েশিয়ার প্রধানমন্ত্রী আনোয়ার ইব্রাহিমের আমন্ত্রণে তারেক রহমান এই সফরে যাচ্ছেন। কুয়ালালামপুরে বাংলাদেশ হাইকমিশনে যোগাযোগ করে জানা গেছে, মালয়েশিয়া সরকার গত সোমবার প্রধানমন্ত্রী তারেক রহমানের সফরের বিষয়টি আনুষ্ঠানিকভাবে নিশ্চিত করে চিঠি দিয়েছে। দুইদিনের সফরের দ্বিতীয় দিনে অর্থাৎ ২২ জুন দুই শীর্ষ নেতার মধ্যে দ্বিপক্ষীয় বৈঠকটি আয়োজনের বিষয়ে কথা চলছে।
(ডয়চে ভেলে ওয়েব পেজ: ০৩.০৬.২০২৬ রনি)

### বাংলাদেশসহ ৬০ `অর্থনীতির, পণ্যে অতিরিক্ত শুল্কের প্রস্তাব ইউএসটিআরের

৬০টি দেশ থেকে আমদানি করা পণ্যের ওপর ১০% কিংবা ১২.৫% অতিরিক্ত শুল্ক আরোপের প্রস্তাব করেছে ট্রাম্প প্রশাসন। গতকাল মঙ্গলবার এ প্রস্তাব রাখা হয়। প্রস্তাবে বলা হয়, জোরপূর্বক শ্রম ব্যবহার করে তৈরি পণ্যের বাণিজ্য নিয়ন্ত্রণে ইউরোপীয় ইউনিয়নসহ ৬০টি অর্থনীতির ব্যর্থতা ছিল। যুক্তরাষ্ট্রের বাণিজ্য প্রতিনিধির কার্যালয় (ইউএসটিআর) থেকে পাঠানো প্রস্তাবটি সেকশন ৩০১-এর অধীনে পরিচালিত `অন্যায্য বাণিজ্য চর্চা, বিষয়ক তদন্তের সর্বশেষ ফলাফল। গত ফেব্রুয়ারিতে যুক্তরাষ্ট্রের সুপ্রিম কোর্টের এক রায়ে জরুরি এ শুল্ক ব্যবস্থা বাতিল হয়ে যায়। ট্রাম্প প্রশাসন যখন সেই শুল্ক ব্যবস্থা পুনরুজ্জীবিত করার চেষ্টা করছে, তখনই প্রকাশ করা হলো এ প্রস্তাব। ইউএসটিআর জানায়, জোরপূর্বক শ্রম বিষয়ক তদন্তের সূত্র ধরে ক্যানাডা, ইকুয়েডর, ইউরোপীয় ইউনিয়ন, ইন্দোনেশিয়া, মেক্সিকো, পাকিস্তান, আর্জেন্টিনা, বাংলাদেশ, কম্বোডিয়া, এল সালভাদর, গুয়াতেমালা, মালয়েশিয়া, তাইওয়ান এবং যুক্তরাজ্য থেকে আমদানি করা পণ্যের ওপর ১০% শুল্ক আরোপের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। বাণিজ্য সংস্থাটি আরো জানায়, তাদের তদন্তের আওতাভুক্ত বাকি ৪৫টি দেশ থেকে আমদানি করা পণ্যের ওপর ১২.৫% হারে অতিরিক্ত শুল্ক আরোপ করা হতে পারে। যুক্তরাষ্ট্রের বাণিজ্য প্রতিনিধি জেমিসন গ্রিয়ার এক বিবৃতিতে বলেন, ”আমাদের সবচেয়ে গুরুত্বপূর্ণ বাণিজ্য অংশীদারদের জোরপূর্বক শ্রম ব্যবহার করে পণ্য তৈরি রোধে ব্যর্থতা কোনোভাবেই গ্রহণযোগ্য নয়।„ তিনি আরো বলেন, ”এর ফলে এমন পরিস্থিতির সৃষ্টি হয়, যেখানে যুক্তরাষ্ট্রের শ্রমিকরা বিশ্বমঞ্চে এক অসম প্রতিযোগিতার ময়দানে লড়তে বাধ্য হন।„ ইউএসটিআর জানিয়েছে, একটি বস্ত্র-সংক্রান্ত কার্যপদ্ধতিরও প্রস্তাব করছে তারা। এ কর্মপদ্ধতির আওতায় নির্দিষ্ট পরিমাণ পোশাক ও বস্ত্র পণ্য হ্রাসকৃত শুল্ক হারে যুক্তরাষ্ট্রে প্রবেশের সুযোগ পাবে বলেও জানিয়েছে যুক্তরাষ্ট্রের বাণিজ্য প্রতিনিধির কার্যালয়। তবে শুল্কের হার এবং পণ্যের পরিমাণ সম্পর্কে বিস্তারিত জানানো হয়নি। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ০৩.০৬.২০২৬ রনি)

### বিএসএফের গুলিতে সাতক্ষীরা সীমান্তে দুই বাংলাদেশি আহত হওয়ার দাবি

সাতক্ষীরার সীমান্ত এলাকায় ভারতের সীমান্তরক্ষী বাহিনী (বিএসএফ)-এর গুলিতে দুই বাংলাদেশি যুবকের আহত হওয়ার অভিযোগ পাওয়া গেছে। আহত ব্যক্তিরা হলেন- কালীগঞ্জ উপজেলার শীতলপুর গ্রামের মো. শাহীন (২৮) ও মো. মহিউদ্দিন (৪০)। মহিউদ্দিনের হাতে এবং শাহীনের পিঠে গুলি লেগেছে। আহত ব্যক্তিদের একাধিক স্বজন ও স্থানীয় বাসিন্দাদের ভাষ্য, গতকাল মঙ্গলবার রাত দেড়টার দিকে শাহীন ও মহিউদ্দিন সীমান্ত এলাকায় ঘোরাফেরা করছিলেন। এ সময় তাদের লক্ষ্য করে গুলি চালান বিএসএফের সদস্যরা। এতে দু-জনই গুলিবিদ্ধ হন। পরে স্থানীয় লোকজন তাদের উদ্ধার করে কালীগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করেন। এক পর্যায়ে অবস্থার অবনতি হলে তাদের সাতক্ষীরা মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়। কালীগঞ্জ স্বাস্থ্য কমপ্লেক্সের চিকিৎসক সুজায়েত হোসেন জানান, আজ বুধবার ভোরে একজন ওই দুই ব্যক্তিকে গুলিবিদ্ধ অবস্থায় হাসপাতালে ভর্তি করান। প্রাথমিক চিকিৎসা দিয়ে তাদের সাতক্ষীরা মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়েছে। সাতক্ষীরা ১৭ বিজিবির নীলডুমুর ব্যাটালিয়নের অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল রাজীব হোসেন মুঠোফোনে আজ সকালে ডয়চে ভেলের কন্টেন্ট পার্টনার প্রথম আলোকে বলেন, ”আমার আওতাধীন সীমান্তে এ ধরনের ঘটনা ঘটেছে বলে এখন পর্যন্ত জানা নেই। বিষয়টি খোঁজ নিয়ে দেখা হবে।„ কালীগঞ্জ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) জুয়েল হোসেন বলেন, প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে, ওই দুই যুবক অবৈধভাবে ভারত থেকে বাংলাদেশে প্রবেশের সময় বিএসএফের গুলির শিকার হয়েছেন। তবে কোন সীমান্তে এই ঘটনা ঘটেছে, এ বিষয়ে নিশ্চিত হওয়া যায়নি। ঘটনাটি তদন্ত করে দেখা হচ্ছে। সাতক্ষীরা ৩৩ বিজিবির অধিনায়ক

লেফটেন্যান্ট কর্নেল কাজী আশিকুর রহমান জানান, ওই দু-জন কোন এলাকায় গুলিবিদ্ধ হয়েছেন, সে বিষয়ে খোঁজ-খবর নেওয়া হচ্ছে। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ০৩.০৬.২০২৬ রনি)

## জাগো নিউজ

### প্রধানমন্ত্রীর সঙ্গে জাপানের প্রতিনিধিদলের সাক্ষাৎ

প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গে সাক্ষাৎ করেছেন জাপানের অন্যতম বৃহৎ ট্রেডিং ও বিনিয়োগ প্রতিষ্ঠান মিতসুই অ্যান্ড কোং-এর একটি প্রতিনিধিদল। বুধবার (৩ জুন) বাংলাদেশ সচিবালয়ে মন্ত্রিপরিষদ বিভাগে প্রধানমন্ত্রীর কার্যালয়ে এ সাক্ষাৎ অনুষ্ঠিত হয়। মিতসুই বৈশ্বিক পর্যায়ে লজিস্টিকস, অবকাঠামো, ধাতু, জ্বালানি ও খাদ্য বাণিজ্যসহ বিভিন্ন খাতে কার্যক্রম পরিচালনা করে। বৈঠকে খাদ্য, কৃষি, জ্বালানি ও তথ্যপ্রযুক্তিসহ বিভিন্ন খাতে বিনিয়োগের সম্ভাবনা এবং বিনিয়োগ সম্প্রসারণের বিষয় নিয়ে আলোচনা হয়। এ সময় সরকার প্রতিনিধিদলকে জানায়, বর্তমান সরকার বিনিয়োগবান্ধব নীতি অনুসরণ করছে এবং বিদেশি বিনিয়োগ আকর্ষণ ও সম্প্রসারণে সর্বোচ্চ সহযোগিতা দেবে। পাশাপাশি বিনিয়োগকারীদের জন্য ব্যবসা পরিচালনা ও অনুমোদন প্রক্রিয়া আরও সহজ করতে সরকারের বিভিন্ন সংস্থার সেবা `ওয়ান-স্টপ সার্ভিস,-এর আওতায় একীভূত করার উদ্যোগ নেওয়া হয়েছে বলেও জানানো হয়। এর ফলে বিনিয়োগ কার্যক্রম দ্রুত ও নির্বিঘ্নে সম্পন্ন করা সম্ভব হবে। (রেডিও টুডে ওয়েব পেজ: ০৩.০৬.২০২৬ এলিনা)

### প্রধানমন্ত্রীর সভাপতিত্বে ডিএনডি বাঁধবিষয়ক সভা অনুষ্ঠিত

প্রধানমন্ত্রী তারেক রহমানের সভাপতিত্বে ঢাকা -নারায়ণগঞ্জ-ডেমরা ডিএনডি বাঁধবিষয়ক সভা অনুষ্ঠিত হয়েছে। বুধবার বিকেলে বাংলাদেশ সচিবালয়ের মন্ত্রিপরিষদ বিভাগে প্রধানমন্ত্রীর দফতরে এই সভা অনুষ্ঠিত হয়। তিনি বলেন, বৈঠকে ঢাকা-নারায়ণগঞ্জ-ডেমরা বাঁধ এলাকার দীর্ঘমেয়াদি জলাবদ্ধতা সমস্যা এবং তা থেকে উত্তরণের উপায় নিয়ে বিস্তারিত আলোচনা হয়। বৈঠক শেষে পানিসম্পদ মন্ত্রী শহীদউদ্দীন চৌধুরী এ্যানি বলেন, ডিএনডি বাঁধ এলাকায় দীর্ঘদিনের জলাবদ্ধতা সমস্যা এখনও অনেকাংশে রয়ে গেছে। ২০১৬ সালে এ সংক্রান্ত একটি প্রকল্প হাতে নেওয়া হয়েছিল, সেটি ২০২৪ সালে শেষ হয়। কিন্তু দুর্ভাগ্যবশত প্রকল্পের সুফল এখন পর্যন্ত সাধারণ মানুষ খুব একটা পায়নি। পানিসম্পদ মন্ত্রণালয়ের সমাপ্ত করা প্রজেক্টটি আগামী দুই সপ্তাহের মধ্যে সিটি করপোরেশনের কাছে হস্তান্তর করা হবে বলেও জানান তিনি। এ্যানি বলেন, ডিএনডি এলাকার ড্রেনেজ ব্যবস্থার আরও উন্নয়নে নতুন পরিকল্পনা নেওয়া হচ্ছে। এলাকা জুড়ে ও ৩০ কিলোমিটার নতুন ড্রেনেজ ব্যবস্থা উন্নত করার বিষয়টি প্রধানমন্ত্রীর নজরেও আনা হয়েছে। তিনি আশাবাদ ব্যক্ত করে বলেন, সিটি করপোরেশনের ব্যবস্থাপনায় এবং সবার সম্মিলিত উদ্যোগে এবার কাঙ্ক্ষিত ফলাফল পাওয়া যাবে। (রেডিও টুডে ওয়েব পেজ:০৩.০৬.২০২৬ আসাদ)

### ঋণনির্ভরতা কমিয়ে বিনিয়োগনির্ভর অর্থনীতি গড়তে হবে: অর্থমন্ত্রী

দেশের অর্থনীতিকে টেকসই ও শক্তিশালী ভিত্তির ওপর দাঁড় করাতে ঋণনির্ভরতা কমিয়ে বিনিয়োগনির্ভর অর্থনীতি গড়ে তোলার ওপর গুরুত্বারোপ করেছেন অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী। তিনি বলেছেন, অতীতে দেশকে যে ঋণনির্ভর প্রবৃদ্ধির পথে নেওয়া হয়েছিল, সেখান থেকে বেরিয়ে এসে উৎপাদন, কর্মসংস্থান ও বেসরকারি বিনিয়োগকে কেন্দ্র করে অর্থনীতিকে এগিয়ে নিতে হবে। বুধবার (৩ জুন) সচিবালয়ে প্রধানমন্ত্রীর সঙ্গে জরুরি বৈঠক শেষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে এসব কথা বলেন অর্থমন্ত্রী। তিনি বলেন, বিগত সময়ে দেশকে যে ঋণনির্ভরতার দিকে নিয়ে যাওয়া হয়েছে, সেখান থেকে ঋণনির্ভরতা কমিয়ে বিনিয়োগনির্ভরতা বাড়াতে হবে। অর্থনীতির দীর্ঘমেয়াদি স্থিতিশীলতা নিশ্চিত করতে বিনিয়োগ বৃদ্ধির কোনো বিকল্প নেই বলেও মন্তব্য করেন তিনি।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৩.০৬.২০২৬ রিহাব)

### এবার বেনাপোলে নাসীরুদ্দীন পাটওয়ারীর গাড়িবহরে ডিম নিক্ষেপ-হামলা

যশোরের বেনাপোল বাজারে জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) মুখ্য সমন্বয়ক নাসীরুদ্দীন পাটওয়ারীর গাড়িবহরে হামলার অভিযোগ উঠেছে। বুধবার (৩ জুন) দুপুর সোয়া ১টার দিকে এ হামলার ঘটনা ঘটে। এনসিপির পক্ষ থেকে জানানো হয়েছে, বেনাপোলের সাদিপুর সীমান্ত পরিদর্শন শেষে ফেরার পথে এই হামলার ঘটনা ঘটে। হামলায় চারজন আহত হয়েছেন বলে দাবি করা হয়। আহতদের মধ্যে রয়েছেন - ছাত্রশক্তি নেতা খান মিফতাহুল মোস্তাফিজ অমিত, তাসকিন আহমেদ তাজিম ও যুবশক্তি নেতা রুপম আহসান অর্নব। তবে এনসিপির মুখ্য সমন্বয়ক নাসীরুদ্দীন পাটওয়ারী ও যুগ্ম সদস্য সচিব ফরিদুল হকসহ দলের অন্য নেতারা নিরাপদে ঢাকার উদ্দেশ্যে রওয়ানা দিয়েছেন। হামলার ঘটনায় তাৎক্ষণিকভাবে কারা জড়িত ছিল এবং হামলার কারণ সম্পর্কে বিস্তারিত জানা যায়নি। এনসিপির কেন্দ্রীয় কমিটির সদস্য খালিদ সাইফুল্লাহ জানান, যশোরের বেনাপোলের সাদিপুর সীমান্তে `পুশ-ইন, চেষ্টার প্রতিবাদে নাসীরুদ্দীন পাটওয়ারীর নেতৃত্ব বুধবার দুপুরে পরিদর্শন করেন এনসিপির নেতা-কর্মীরা। এসময় কেন্দ্রীয় ও স্থানীয় নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। সাদিপুরে পরিদর্শন শেষে গাড়িতে ওঠার সময় গাড়িতে ডিম নিক্ষেপ করে কিছু যুবক পালিয়ে

যায়। পরে দুটি গাড়িতে বেনাপোল বাজারে পৌঁছালে বিএনপির নেতারা হামলা করে বলে তিনি অভিযোগ করেন। (জাগো নিউজ ওয়েব পেজ:০৩.০৬.২০২৬ রিহাব)

## ডিএসইতে বছরের সর্বোচ্চ লেনদেন, উড়ছে শেয়ারবাজার

ঈদুল আজহার ছুটি শেষে দেশের শেয়ারবাজারে টানা ঊর্ধ্বমুখী প্রবণতা দেখা দিয়েছে। প্রতিনিয়ত বেশিরভাগ প্রতিষ্ঠানের শেয়ার দাম বাড়ার পাশাপাশি লেনদেনের গতিও বাড়তে দেখা যাচ্ছে। ফলে শেয়ারবাজার নিয়ে আবারও আশাবাদী হয়ে উঠছেন বিনিয়োগকারীরা। বুধবার (৩ জুন) প্রধান শেয়ারবাজার ঢাকা স্টক এক্সচেঞ্জ (ডিএসই) এবং অন্য শেয়ারবাজার চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জে (সিএসই) বেশিরভাগ কোম্পানির শেয়ারের দাম বাড়ায় মূল্য সূচকও বেড়েছে। একইসঙ্গে ডিএসইতে চলতি বছরের সর্বোচ্চ লেনদেনের ঘটনা ঘটেছে। ডিএসইতে এদিন লেনদেন হয়েছে ১ হাজার ২৭৯ কোটি ১৩ লাখ টাকা। আগের কার্যদিবসে লেনদেন হয় ১ হাজার ৮০ কোটি ৪২ লাখ টাকা। এ হিসাবে আগের কার্যদিবসের তুলনায় লেনদেন বেড়েছে ১৯৮ কোটি ৭১ লাখ টাকা। এর মাধ্যমে গত বছরের ৮ সেপ্টেম্বরের পর ডিএসইতে সর্বোচ্চ লেনদেন হলো। (জাগো নিউজ ওয়েব পেজ:০৩.০৬.২০২৬ রিহাব)

## সীমান্ত থেকে সেই ১০ জনকে সরিয়ে নিলো বিএসএফ

যশোরের বেনাপোল সীমান্তের শূন্যরেখায় সাদিপুর মাঠে `পুশইনের, উদ্দেশ্যে জড়ো করা কথিত বাংলাদেশিদের তিনদিন পর মঙ্গলবার (২ জুন) বিকেলে সরিয়ে নিয়েছে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী (বিএসএফ)। এতে সীমান্তে উত্তেজনা কমেছে। তবে তারা অন্য সীমান্ত পথে বাংলাদেশে ঢুকে পড়েছেন, না ওপাড়ে অবস্থান করছেন, তা নিশ্চিত হওয়া যায়নি। বি জিবির দাবি, বেনাপোল সীমান্ত পথে বিজিবির কঠোর প্রতিরোধ ব্যবস্থায় বিএসএফ তাদের সরিয়ে নিয়েছে। বুধবার (৩ জুন) সকালে সীমান্ত থেকে `পুশইনের, উদ্দেশ্যে জড়ো করা ব্যক্তিদের বিএসএফ সরিয়ে নিলে উত্তেজনা কমে আসে। শূন্যরেখা থেকে ওই ব্যক্তিদের সরিয়ে নেওয়ার পর সীমান্ত থেকে বিজিবির অতিরিক্ত সদস্যও প্রত্যাহার করা হয়েছে। বর্তমানে সীমান্তের ওই এলাকায় স্বাভাবিক টহল চলছে। এর আগে, মঙ্গলবার সাদিপুর সীমান্ত এলাকা দিয়ে অবৈধ পুশইনকে কেন্দ্র করে গত তিনদিন ধরে বিজিবি ও বিএসএফের মধ্যে উত্তেজনা বিরাজ করছিল। এসময় মানবেতর জীবনযাপন করছিলেন সীমান্তের শূন্যরেখায় আটকে থাকা ১০ জন।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৩.০৬.২০২৬ রিহাব)

## যুগ্ম-সচিব ছেলের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে: জনপ্রশাসন প্রতিমন্ত্রী

মিরপুরে বসবাসরত বৃদ্ধা নুরজাহান বেগমের মৃত্যুর ঘটনায় তার ছেলে হিসেবে আলোচিত যুগ্ম-সচিব এ কে এম আনিসুর রহমানের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে বলে জানিয়েছেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী মো. আব্দুল বারী। তিনি বলেছেন, বিষয়টি যাচাই-বাছাই করা হচ্ছে এবং প্রচলিত আইন ও বিধান অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে। বুধবার (৩ জুন) সকালে জনপ্রশাসন প্রতিমন্ত্রী জাগো নিউজকে এ কথা বলেন। যুগ্ম-সচিব আনিসুর রহমান এখন মোংলা বন্দর কর্তৃপক্ষের সদস্য (প্রকৌশল ও উন্নয়ন) হিসেবে দায়িত্ব পালন করছেন। এ কে এম আনিসুর রহমানের মায়ের মৃত্যুসংক্রান্ত বিষয়টি সম্পর্কে জানতে চাইলে জনপ্রশাসন প্রতিমন্ত্রী বলেন, ”তাকে তো ফোনে কাল রাতে পাইনি। এখন তার সঙ্গে কথা বলে আগে নিশ্চিত হতে হবে যে, বিষয়টি তার মাকে কেন্দ্র করেই কি না। আমরা সেটা দেখছি।„ পরবর্তীতে সরকারের পক্ষ থেকে কী পদক্ষেপ নেওয়া হবে জানতে চাইলে প্রতিমন্ত্রী বলেন, ”আমরা বিষয়টি দেখবো। একটা আইন আছে, যেখানে বাবা-মায়ের ভরণ-পোষণ সংক্রান্ত বিধান রয়েছে। সেটি কার্যকর থাকলে আইন অনুযায়ী আমরা ব্যবস্থা নেবো।„ একজন উচ্চপদস্থ সরকারি কর্মকর্তার নৈতিক দায়বদ্ধতার বিষয়টি তুলে ধরলে তিনি বলেন, ”সেটা তো অবশ্যই আসবে। আপনি যে বিষয়গুলো বলছেন, সেগুলোও বিবেচনায় রয়েছে। ওই বিষয়গুলো দিয়েই আমরা এটাকে অ্যাড্রেস করবো।„ (জাগো নিউজ ওয়েব পেজ:০৩.০৬.২০২৬ রিহাব)

## এক মামলায় জামিন পেলেন ডা. দীপু মনি, ৬টিতে রুল

রাজধানীর বিভিন্ন থানায় করা সাত মামলার মধ্যে একটিতে জামিন পেয়েছেন সাবেক মন্ত্রী ও কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ডা. দীপু মনি। বাকি ছয় মামলায় তার জামিন কেন মঞ্জুর করা হবে না, তা জানতে চেয়ে রুল জারি করেছেন আদালত। এ সংক্রান্ত বিষয়ে দায়ের করা আবেদনের শুনানি নিয়ে বুধবার (৩ জুন) হাইকোর্টের বিচারপতি মো. খায়রুল আলম ও বিচারপতি শেখ আবু তাহেরের সমন্বয়ে গঠিত বেঞ্চ এই আদেশ দেন। এর আগে, রাজধানীর বিভিন্ন থানায় করা সাত মামলায় হাইকোর্টে জামিন চান দীপু মনি। ওই জামিন আবেদনের ওপর গতকাল মঙ্গলবার (২ জুন) শুনানি শেষ হয়েছে। শুনানি শেষে আদেশের জন্য আজ দিন ধার্য করেন হাইকোর্ট। তারই ধারাবাহিকতায় আজ এই আদেশ দেন হাইকোর্ট। (জাগো নিউজ ওয়েব পেজ:০৩.০৬.২০২৬ রিহাব)

## আদাবরে ঢাবি শিক্ষার্থী অপহরণের ঘটনায় গ্রেফতার ৯

রাজধানীর আদাবর –শ্যামলী এলাকায় সক্রিয় একটি অপহরণ ও ছিনতাই চক্রের সঙ্গে জড়িত থাকার অভিযোগে নয়জনকে গ্রেফতার করেছে পুলিশ। বুধবার (৩ জুন) রাজধানীর ডিএমপি মিডিয়া সেন্টারে আয়োজিত এক সংবাদ

সম্মেলনে এ তথ্য জানান ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) তেজগাঁও বিভাগের অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার মো. ফজলুল করিম। মো. ফজলুল করিম বলেন, আদাবর এলাকায় বেশ কিছুদিন ধরে অপহরণ করে মুক্তিপণ আদায়ের একাধিক ঘটনার তথ্য পাচ্ছে পুলিশ। এর আগেও একই ধরনের অপরাধে জড়িত একটি চক্রকে গ্রেফতার করেছিল মোহাম্মদপুর থানা পুলিশ। তিনি বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী সাদমান সাকিব রাত প্রায় ১১টার দিকে শ্যামলী বাসস্ট্যান্ড এলাকায় পৌঁছালে তিন থেকে চারজন ব্যক্তি দেশীয় অস্ত্রের ভয় দেখিয়ে তাকে অপহরণ করে। পরে তাকে একটি সরু গলিতে নিয়ে গিয়ে তার কাছে থাকা মোবাইল ফোন, টাকা-পয়সা ও মানিব্যাগ ছিনিয়ে নেয়। এরপর অপহরণকারীরা সাদমানের পরিবারের কাছে বিকাশের মাধ্যমে ৫০ হাজার টাকা মুক্তিপণ দাবি করে। ওই সরু গলিতেই তারা জিম্মি করে রেখে অপহরণ ও মুক্তিপণ আদায়ের কার্যক্রম চালিয়ে যাচ্ছিল বলে জানান পুলিশের এই কর্মকর্তা। ডিএমপির তেজগাঁও বিভাগের অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার বলেন, শ্যামলী বাসস্ট্যান্ড এলাকায় নিয়মিত টহলে থাকা পুলিশের একটি দল ঘটনাস্থলের কাছাকাছি পৌঁছালে অপহরণকারীরা তাদের হাতে থাকা চাকু লুকিয়ে ফেলার চেষ্টা করে। এ সময় ভুক্তভোগী সাদমান সাকিব পুলিশের গাড়ি দেখে সাহস পান এবং চিৎকার শুরু করেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৩.০৬.২০২৬ রিহাব)

## নারায়ণগঞ্জ থেকে মোহাম্মদপুরে এসে ছিনতাই করতো তারা

ঈদুল আজহার ছুটি শেষ করে রাজধানীর মোহাম্মদপুরে বাসার সামনে ছিনতাইয়ের শিকার হন দুই বোন। এ ঘটনায় জড়িত ছিনতাইকারী চক্রের দুই সদস্যকে গ্রেফতার করেছে পুলিশ। পুলিশ বলছে, এই ঘটনায় জড়িতরা পেশাদার ছিনতাইকারী। তারা এক সময় মোহাম্মদপুরে থাকতো। তবে পরে গ্রেফতার এড়াতে নারায়ণগঞ্জে নতুন আস্তানা গড়ে তোলে। নারায়ণগঞ্জ থেকে মোহাম্মদপুরে এসে নিয়মিত ছিনতাই করতো তারা। বুধবার (৩ জুন) ডিএমপি মিডিয়া সেন্টারে মোহাম্মদপুরের আলোচিত ছিনতাইয়ের ঘটনার আসামি গ্রেফতার ও মালামাল উদ্ধার প্রসঙ্গে সংবাদ সম্মেলনে এসব কথা বলেন ঢাকা মেট্রোপলিটন পুলিশের (ডিএমপি) তেজগাঁও বিভাগের অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার মো. ফজলুল করিম। ফজলুল করিম বলেন, গত (৩১ মে) রাত আনুমানিক ৩টা ৪০ মিনিটে ঠাকুরগাঁও থেকে ঈদের ছুটি কাটিয়ে ঢাকায় ফেরেন দুই বোন। মোহাম্মদপুরের নূরজাহান রোড এলাকায় বাসার সামনে মালামাল নিয়ে নামার পর একটি পিকআপে করে আসা তিন ব্যক্তি তাদের চাপাতি দেখিয়ে ভয়ভীতি প্রদর্শন করে। পরে একটি ট্রলি ব্যাগ, একটি হ্যান্ডব্যাগ ও আরও একটি ব্যাগ ছিনিয়ে নিয়ে যায় তারা। (জাগো নিউজ ওয়েব পেজ:০৩.০৬.২০২৬ রিহাব)

## চমেক ইন্টার্নদের ৬ দফা, বাস্তবায়নে ৪৮ ঘণ্টার আলটিমেটাম

স্বাস্থ্য মন্ত্রণালয়ের একটি নোটিশকে 'অযৌক্তিক, আখ্যা দিয়ে এর নিন্দা ও প্রতিবাদ জানিয়েছে চট্টগ্রাম মেডিকেল কলেজ (চমেক) হাসপাতাল ইন্টার্ন ডক্টরস অ্যাসোসিয়েশন। একইসঙ্গে সংগঠনটি ৬ দফা দাবি উত্থাপন করে ৪৮ ঘণ্টার মধ্যে বাস্তবায়নের আলটিমেটামও দিয়েছে। বুধবার (৩ জুন) ইন্টার্ন ডক্টরস অ্যাসোসিয়েশনের দপ্তর সম্পাদক ডা. মোহাম্মদ ইরফানুর রহমানের সই করা এক বিজ্ঞপ্তিতে এ দাবি জানানো হয়। বিজ্ঞপ্তিতে বলা হয়, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় গত ১৯ মে এফসিপিএস প্রশিক্ষণ সংক্রান্ত যে সিদ্ধান্ত নিয়েছে, তা ৪৮ ঘণ্টার মধ্যে বাতিল করে নতুন নির্দেশনা জারি করতে হবে। সংগঠনটির দাবির মধ্যে রয়েছে, চিকিৎসক ও স্বাস্থ্যকর্মীদের সুরক্ষায় 'স্বাস্থ্যকর্মী নিরাপত্তা আইন, প্রণয়ন এবং ওই আইনের আওতায় দ্রুত বিচার ট্রাইব্যুনালে বিচার নিশ্চিত করা।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৩.০৬.২০২৬ রিহাব)

## পতেঙ্গায় তিন টন চোরাই কয়লাসহ দুই কাঠের বোট জব্দ

চট্টগ্রাম নগরীর পতেঙ্গা এলাকায় অভিযান চালিয়ে প্রায় তিন টন চোরাই খনিজ কয়লা ও দুটি কাঠের বোট জব্দ করেছে বাংলাদেশ কোস্ট গার্ড। তবে অভিযানের সময় চোরাকারবারিরা পালিয়ে যাওয়ায় কাউকে আটক করা সম্ভব হয়নি। বুধবার (৩ জুন) সকালে গণমাধ্যমে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানায় কোস্ট গার্ড পূর্ব জোন। এর আগে, মঙ্গলবার দুপুরে পতেঙ্গা থানার ১৫ নম্বর ঘাট এলাকায় এ অভিযান পরিচালনা করা হয়। কোস্ট গার্ড পূর্ব জোনের লেফটেন্যান্ট কমান্ডার (মিডিয়া) সুমন আল মুকিত জানান, গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে দুটি কাঠের বোট জব্দ করা হয়। অভিযানিক দলের উপস্থিতি টের পেয়ে বোটে থাকা ব্যক্তিরা দ্রুত পালিয়ে যায়।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৩.০৬.২০২৬ রিহাব)

## হজে গিয়ে সৌদি আরবে ৪৪ বাংলাদেশির মৃত্যু

সৌদি আরবে আরও তিনজন বাংলাদেশি হাজির মৃত্যু হয়েছে। এ নিয়ে সৌদি আরবে হজ করতে গিয়ে এখন পর্যন্ত ৪৪ জন হাজি মৃত্যুবরণ করেছেন। অন্যদিকে, মঙ্গলবার (২ জুন) দিনগত রাত ৩টা পর্যন্ত ৫২টি ফিরতি ফ্লাইটে মোট ২১ হাজার ৩৪৩ জন হাজি বাংলাদেশে পৌঁছেছেন। ধর্ম মন্ত্রণালয়ের হজ পোর্টালে আইটি হেল্প ডেস্কের প্রতিদিনের বুলেটিন থেকে এ তথ্য জানা গেছে। গত ২৬ মে সৌদি আরবে হজ অনুষ্ঠিত হয়। বুলেটিন অনুযায়ী, সৌদি আরবে মৃত্যুবরণ করা বাংলাদেশি হাজিদের মধ্যে ২৯ জন পুরুষ ও ১৫ জন নারী। তাদের মধ্যে মক্কায় ৩৪ জন এবং মদিনায় ১০ জনের মৃত্যু হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:০৩.০৬.২০২৬ রিহাব)

## পাঁচবারের এমপি ও বীর মুক্তিযোদ্ধা এ কে এম রহমতুল্লাহ মারা গেছেন

ঢাকার পাঁচবারের সাবেক সংসদ সদস্য , বীর মুক্তিযোদ্ধা ও বাংলাদেশ আওয়ামী লীগের উপদেষ্টা পরিষদের সদস্য এ কে এম রহমতুল্লাহ মারা গেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন )। বুধবার (৩ জুন) ভোর ৩টা ৪৫ মিনিটে রাজধানীর স্কয়ার হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তিনি শেষ নিশ্বাস ত্যাগ করেন। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৭৬ বছর। তিনি দীর্ঘদিন ধরে বার্ধক্যজনিত বিভিন্ন রোগে ভুগছিলেন। হাসপাতাল সূত্রে জানা গেছে , ভোরে চিকিৎসকরা তাকে মৃত ঘোষণার পর সকালে পরিবারের সদস্যরা মরদেহ হাসপাতাল থেকে নিয়ে যান। রহমতুল্লাহর ভাগনে ফারুক হোসাইন গণমাধ্যমকে জানান , মৃত্যুর খবর পাওয়ার পর মরদেহ বাড্ডার বেরাইদে তার নিজ বাসভবনে নেওয়া হয়েছে। পরিবারের পক্ষ থেকে জানানো হয়েছে , আজ বুধবার বিকেল ৪টায় বাড্ডার বেরাইদ মাঠে মরহুমের জানা জা অনুষ্ঠিত হবে। জানাজা শেষে বেরাইদ কবরস্থানে দাফন করা হবে। এ কে এম রহমতুল্লাহ ঢাকার রাজনীতিতে এক পরিচিত নাম। তিনি দীর্ঘদিন ঢাকা মহানগর উত্তর আওয়ামী লীগের সভাপতির দায়িত্ব পালন করেছেন। এছাড়া, তৃণমূল ও কেন্দ্রীয় রাজনীতিতে সক্রিয় থেকে দলটির উপদেষ্টা পরিষদের সদস্য মনোনীত হন।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৩.০৬.২০২৬ রিহাব)

## আদ-দ্বীনের আসামিরা কোনো ছাড় পাবে না: স্বাস্থ্যমন্ত্রী

দেশের সামগ্রিক স্বাস্থ্যখাতকে দুর্নীতিমুক্ত করার পাশাপাশি তৃণমূলের মানুষের দো রগোড়ায় আধুনিক চিকিৎসাসেবা পৌঁছে দিতে একগুচ্ছ বড়ো পরিকল্পনার কথা জানি য়েছেন স্বাস্থ্যমন্ত্রী সরদার মো . সাখাওয়াত হোসেন। মঙ্গলবার (২ জুন) প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গে দেশের ভবিষ্যৎ স্বাস্থ্যখাতের রূপরেখা নির্ধারণে অনুষ্ঠিত এক গুরুত্বপূর্ণ সভার সিদ্ধান্তসমূহ জানাতে আজ বুধবার (৩ জুন) মন্ত্রণালয়ের সভাকক্ষে এক সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়। এতে আদ-দ্বীনের চরম অবহেলার প্রমাণ ও অননুমোদিত কাঠামোর কারণে আসামিরা কোনো ছাড় বা বেনিফিট পাবে না বলে মন্ত্রী দৃঢ় আশাবাদ ব্যক্ত করেন। শুরুতে স্বাস্থ্যমন্ত্রী জানান, বিগত ১৭ বছরের দুর্নীতি ও অবহেলার বৃত্ত থেকে বেরিয়ে একটি দুর্নীতিমুক্ত স্বাস্থ্য খাত গড়তে কাজ শুরু করেছে সরকার। এর অংশ হিসেবে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের চিকিৎসকদের আবাসন সংকট দূর করতে প্রায় ১১০০ কোটি টাকা ব্যয়ে নতুন আবাসিক ভবন নির্মাণ করা হচ্ছে, যার কাজ আগামী জুলাই মাসে প্রধানমন্ত্রী সরাসরি উপস্থিত থেকে উদ্‌বোধন করবেন। এছাড়া, স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ (মিডফোর্ড) হাসপাতালের ঝুঁকিপূর্ণ ভবনসমূহ উচ্ছেদ করে সেখানে নতুন আধুনিক হাসপাতাল ভবন নির্মাণ করা হবে। একইসঙ্গে চীন ও বাংলাদেশের যৌথ অর্থায়নে দেশের পাঁচটি বৃহৎ শহরে বা শহর সংলগ্ন উন্মুক্ত স্থানে শুধু মা ও বোনদের জন্য ১০০০ বেডের পাঁচটি আধুনিক ও বিশেষায়িত হাসপাতাল নির্মাণকাজ এই অর্থবছরের মধ্যেই শুরু হবে। আগামী ১৫ আগস্ট প্রধানমন্ত্রী ন্যাশনাল ইনস্টিটিউট অব নিউরোসায়েন্সেস ও হাসপাতাল (মিনস)-এর ইকুইপমেন্ট ও জনবলসহ নতুন ভবন পুরোদমে উদ্‌বোধন করবেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৩.০৬.২০২৬ রিহাব)

## শাহজালালে ১৫০ হজযাত্রীর লাগেজ কেটে চুরির অভিযোগ, সত্য নয় দাবি বিমানের

ঢাকার হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে ১৫০ হজযাত্রীর লাগেজ কেটে মালামাল চুরির অভিযোগ উঠেছে। তবে, এ অভিযোগকে সত্য নয় বলে দাবি করেছে বিমান বাংলাদেশ এয়ারলাইন্স কর্তৃপক্ষ। বুধবার (৩ জুন) মোস্তফা কামাল পলাশ নামের এক হজযাত্রীর ছেলে ফেসবুক পোস্টে এ অভিযোগ করেন। পোস্টের সঙ্গে তিনি লাগেজ কাটার একটি ছবিও যুক্ত করেন। তার দাবি অনুযায়ী, মঙ্গলবার (২ জুন) দিবাগত রাতে বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের একটি ফ্লাইটে ৪১৯ জন হজযাত্রী দেশে ফেরেন। পরে প্রায় ১৫০ জন হাজির লাগেজ কাটা অবস্থায় পাওয়া যায়। অভিযোগে বলা হয়, এসব লাগেজ থেকে মূল্যবান জিনিসপত্রও খোয়া গেছে। এ ঘটনায় তিনি প্রধানমন্ত্রীর হস্তক্ষেপ কামনা করেছেন বলেও উল্লেখ করেন। এ ধরনের অভিযোগের পর ফেসবুক পো স্টটি দ্রুত ছড়িয়ে পড়ে। পরে বিকে ল সাড়ে ৫টার দিকে বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের মহাব্যবস্থাপক (জনসংযোগ) বোসরা ইসলাম এ বিষয়ে একটি তদন্ত প্রতিবেদন সাংবাদিকদের কাছে পাঠান। প্রতিবেদনটি প্রস্তুত করেন বিমানবন্দরের গ্রাউন্ড হ্যান্ডলিং ও এয়ারপোর্ট সার্ভিসেস বিভাগের মহাব্যবস্থাপক শাহনূর আহমাদ।(জাগো নিউজ ওয়েব পেজ: ০৩.০৬.২০২৬ রুবাইয়া)

## মোহাম্মদপুরের কিশোর গ্যাং লিডার আকাশ ও তার দুই সহযোগী গ্রেফতার

ঢাকার মোহাম্মদপুরের বসিলা এলাকার দুর্ধর্ষ সন্ত্রাসী ও কিশোর গ্যাং লিডার মো . আকাশ ও তার চক্রের দুই সদস্যকে গ্রেফতার করেছে পুলিশ। গ্রেফতাররা অন্য দু -জন হলেন মো. রবিন ও আরাফাত। বুধবার (৩ জুন) ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) তেজগাঁও বিভাগের মোহাম্মদপুর জোনের অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার (এডিসি) জুয়েল রানা এ তথ্য নিশ্চিত করেছেন। তিনি বলেন , গোপন সংবাদের ভিত্তিতে আশুলিয়ায় অভিযান চালিয়ে আকাশ ও তার দুই সহযোগীকে গ্রেফতার করা হয়েছে। আকাশের নেতৃত্বে দীর্ঘদিন ধরে মোহাম্মদপুর এলাকায় তার সহযোগীরা ছিনতাইসহ বিভিন্ন অপরাধমূলক কর্মকাণ্ডে জড়িত ছিল। তিনি আরও বলেন , আকাশ ও তার সহযোগীরা সম্প্রতি

মোহাম্মদপুরের চন্দ্রিমা হাউজিং এলাকার বিকাশের দোকান কর্মচারী হৃদয়কে কুপিয়ে আহত করে। নগদ দুই লাখ টাকা ছিনতাই এবং এক লাখ টাকা মূল্যে র তিনটি মোবাইল ফোন নিয়ে যায়। এর কয়েকদিন পর নবীনগর হাউজিং এলাকায় কুরিয়ার সার্ভিসের গাড়ি থামিয়ে ৯৫ হাজার টাকা ও দুটি মোবাইল নিয়ে যায়। এছাড়াও তুরাগ ও বুড়িগঙ্গা নদীর পাড়ের ওয়াকওয়েতে নিয়মিত ছিনতাই করতো চক্রটি। জুয়েল রানা বলেন , গ্রেফতারদের রেকর্ড যাচাই -বাছাই করে দেখা গেছে, আকাশের নামে বিভিন্ন অপরাধে থানায় সাতটি মামলা রয়েছে। এছাড়া , তার সহযোগী রবিনের বিরুদ্ধে একটি ডাকাতির প্রস্তুতি মামলা রয়েছে। গ্রেফতারদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা প্রক্রিয়াধীন।
(জাগো নিউজ ওয়েব পেজ: ০৩.০৬.২০২৬ রুবাইয়া)

## নীলফামারী-হবিগঞ্জে হবে ৫৩টি বিদ্যালয়-আশ্রয়কেন্দ্র, ব্যয় ৪২৩ কোটি

বিশ্বব্যাংক ও বাংলাদেশ সরকারের অর্থায়নে নীলফামারী ও হবিগঞ্জ জেলায় ৫৩টি সরকারি প্রাথমিক বিদ্যালয় কাম বন্যা আশ্রয়কেন্দ্র নির্মাণের সিদ্ধান্ত নিয়েছে সরকার। এতে ব্যয় হবে ৪২৩ কোটি ৩৯ লাখ ৯৫ হাজার ৪৪০ টাকা। স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের (এলজিইডি) অধীনে বাস্তবায়নাধীন `সহনশীল অবকাঠামোর মাধ্যমে অভিযোজন ও ঝুঁকি হ্রাস (রিভার) (প্রথম সংশোধিত), শীর্ষক প্রকল্পের আওতায় এই সরকারি প্রধামিক বিদ্যালয় কাম বন্যা আশ্রয়কেন্দ্র নির্মাণ করা হবে। বুধবার (৩ জুন) সচিবালয়ে অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত সরকারি ক্রয়-সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠকে এ সংক্রান্ত দুটি প্রস্তাব অনুমোদন দেওয়া হয়েছে। বৈঠক সূত্রে জানা গেছে , বিশ্বব্যাংক ও বাংলাদেশ সরকারের অর্থায়নে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) বাস্তবায়নাধীন `সহনশীল অবকাঠামোর মাধ্যমে অভিযোজন ও ঝুঁকি হ্রাস (রিভার) (প্রথম সংশোধিত), প্রকল্পের আওতায় নীলফামারী ও হবিগঞ্জ জেলায় ৫৩টি সরকারি প্রাথমিক বিদ্যালয় কাম বন্যা আশ্রয়কেন্দ্র নির্মাণের দুটি প্রস্তাব নিয়ে স্থানীয় সরকার বিভাগ। মন্ত্রিসভা কমিটি প্রস্তাব দুটি পর্যালোচনা করে অনুমোদন দিয়েছে।
(জাগো নিউজ ওয়েব পেজ: ০৩.০৬.২০২৬ রুবাইয়া)

## মিরসরাই অর্থনৈতিক অঞ্চলে ওয়াকওয়ে নির্মাণে ব্যয় হবে১০৯ কোটি টাকা

জাতীয় বিশেষ অর্থনৈতিক অঞ্চল উন্নয়ন প্রকল্পের আওতায় চট্টগ্রামের মিরসরাইয়ে ঘাট ও ওয়াকওয়ে নির্মাণসহ খাল উন্নয়ন ও লাইনিং কাজে ১০৮ কোটি ৯২ লাখ ১৬ হাজার ২৯ টাকা (প্রায় ১০৯ কোটি) ব্যয়ের সিদ্ধান্ত নিয়েছে সরকার। বুধবার (৩ জুন) সচিবালয়ে অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত সরকারি ক্রয়সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠকে এ সংক্রান্ত একটি প্রস্তাব অনুমোদন দেওয়া হয়েছে। বৈঠক সূত্রে জা না যায়, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (বেজা) কর্তৃক বাস্তবায়নাধীন `জাতীয় বিশেষ অর্থনৈতিক অঞ্চল উন্নয়ন (প্রথম সংশোধিত), প্রকল্পের আওতায় চট্টগ্রামের মিরসরাইয়ে ঘাট ও ওয়াকওয়ে নির্মাণসহ খাল উন্নয়ন ও লাইনিং কাজের একটি প্রস্তাব নিয়ে আসে প্রধানমন্ত্রীর কার্যালয়। মন্ত্রিসভা কমিটি প্রস্তাবটি পর্যালোচনা করে অনুমোদন দিয়েছে।
(জাগো নিউজ ওয়েব পেজ: ০৩.০৬.২০২৬ রুবাইয়া)

## প্রধানমন্ত্রীর সভাপতিত্বে ঢাকা-নারায়ণগঞ্জ-ডেমরা বাঁধ নিয়ে সভা

প্রধানমন্ত্রী তারেক রহমানের সভাপতিত্বে ঢাকা -নারায়ণগঞ্জ-ডেমরা (ডিএনডি) বাঁধ-সংক্রান্ত একটি সভা অনুষ্ঠিত হয়েছে। বুধবার (৩ জুন) বিকেলে সচিবালয়ের মন্ত্রিপরিষদ বিভাগের প্রধানমন্ত্রীর দপ্তরে এ সভা অনুষ্ঠিত হয়। বিষয়টি জানিয়েছেন প্রধানমন্ত্রীর ডেপুটি প্রেস সেক্রেটারি সুজাউদ্দৌলা সুজন মাহমুদ। সভায় পানি সম্পদমন্ত্রী শহীদ উদ্দিন চৌধুরী এ্যানি, প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন আজাদ , স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় প্রতিমন্ত্রী মীর শাহে আলম , ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের প্রশাসক আব্দুস সালাম এবং রাজউকের চেয়ারম্যান প্রকৌশলী মো . রিয়াজুল ইসলামসহ সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত ছিলেন।(জাগো নিউজ ওয়েব পেজ: ০৩.০৬.২০২৬ রুবাইয়া)

# রেডিও টুডে

## ক্ষতিগ্রস্ত কৃষকদের ঋণ বিতরণে বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা

কৃষক স্মার্ট কার্ডধারী প্রান্তিক ও ভূমিহীন কৃষক এবং সাম্প্রতিক অতিবৃষ্টিতে ক্ষতিগ্রস্ত কৃষকদের ঋণ প্রদানে অগ্রাধিকার দিতে দেশের সব তফশিলি ব্যাংককে নির্দেশ দিয়েছে বাংলাদেশ ব্যাংক। বাংলাদেশ ব্যাংকের আর্থিক অন্তর্ভুক্তি বিভাগ (এফআইডি) এ বিষয়ে একটি সার্কুলার লেটার জারি করে দেশের সব তফশিলি ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তার কাছে পাঠিয়েছে। সার্কুলারে বলা হয়েছে, `১০, ৫০ ও ১০০ টাকার হিসাবধারী প্রান্তিক ও ভূমিহীন কৃষক, নিম্ন আয়ের পেশাজীবী, স্কুল ব্যাংকিং হিসাবধারী এবং ক্ষুদ্র ব্যবসায়ীদের জন্য গঠিত পুনরর্থায়ন স্কিম,-এর আওতায় কৃষকদের ঋণ সহায়তা আরও সহজ ও কার্যকর করতে এ নির্দেশনা দেওয়া হয়েছে। নির্দেশনা অনুযায়ী, কৃষি মন্ত্রণালয়ের অধীন কৃষি সম্প্রসারণ অধিদপ্তর প্রণীত `কৃষক স্মার্ট কার্ড নীতিমালা-২০২৫,-এর আলোকে কৃষক স্মার্ট কার্ডধারী প্রান্তিক ও ভূমিহীন কৃষকদের ১০ টাকার ব্যাংক হিসাব খোলা এবং পুনরর্থায়ন স্কিমের আওতায় ঋণ

বিতরণে অগ্রাধিকার দিতে হবে। তবে একইসঙ্গে কার্ডবিহীন প্রান্তিক ও ভূমিহীন কৃষকরা যেন এ স্কিমের আওতায় ঋণ সুবিধা থেকে বঞ্চিত না হন, সে বিষয়েও ব্যাংকগুলোকে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে বলা হয়েছে।
(রেডিও টুডে ওয়েব পেজ: ০৩.০৬.২০২৬ এলিনা)

## মাদ্রাসার এমপিওভুক্ত শিক্ষকদের বদলি নীতিমালা জারি

বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান মাদ্রাসায় কর্মরত এমপিওভুক্ত শিক্ষকদের দীর্ঘদিনের প্রত্যাশিত বদ লি ব্যবস্থা চালু করতে নতুন নীতিমালা জারি করেছে শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ। 'স্বয়ংক্রিয় সফটওয়্যারের মাধ্যমে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে (মাদ্রাসা) কর্মরত এমপিওভুক্ত শিক্ষক বদলি নীতিমালা -২০২৬, শীর্ষক এ নীতিমালার আওতায় শিক্ষক বদলির পু রো কার্যক্রম অনলাইনে ও সফ্টওয়্যারভিত্তিক পদ্ধতিতে সম্পন্ন হবে। মঙ্গলবার থেকে কার্যকর হওয়া এ নীতিমালার মাধ্যমে দেশের বিভিন্ন অঞ্চলে কর্মরত এমপিওভুক্ত মাদ্রাসা শিক্ষকদের জন্য একটি স্বচ্ছ , দ্রুত ও প্রযুক্তিনির্ভর বদলি ব্যবস্থা নিশ্চিত করার উদ্যোগ নেওয়া হয়েছে । এর ফলে শিক্ষকরা নির্ধারিত শূন্যপদের বিপরীতে অনলাইনে আবেদন করতে পারবেন এবং নির্দিষ্ট যোগ্যতা ও অগ্রাধিকারের ভিত্তিতে বদলির সুযোগ পাবেন। নীতিমালা অনুযায়ী, প্রথম যোগদানের পর কমপক্ষে দুই বছর চাকরি সম্পন্ন না হলে কোনো শিক্ষক বদলির আবেদন করতে পারবেন না। একইভাবে একবার বদলি হয়ে নতুন কর্মস্থলে যোগদানের পর পুনরায় বদলির আবেদন করতে হলেও কমপক্ষে দুই বছর কর্মরত থাকতে হবে। একজন শিক্ষক তার পুরো চাকরি জীবনে সর্বোচ্চ তিনবার বদলির সুযোগ পাবেন। বদলির ক্ষেত্রে আবেদনকারী শিক্ষক বা শিক্ষিকা সাধারণত নিজ জেলার শূন্যপদের বিপরীতে আবেদন করবেন। নিজ জেলায় শূন্যপদ না থাকলে নিজ বিভাগের অন্য জেলার প্রতিষ্ঠানে আবেদন করা যাবে। পারিবারিক বা প্রশাসনিক বিশেষ কারণে অন্য জেলার জন্যও আবেদন করার সুযোগ রাখা হয়েছে।
(রেডিও টুডে ওয়েব পেজ: ০৩.০৬.২০২৬ এলিনা)

## জাতিসংঘে দেওয়া প্রথম বক্তব্যে ৬ দফা তুলে ধরলেন খলিলুর রহমান

জাতিসংঘের সাধারণ পরিষদের ৮১তম অধিবেশনের সভাপতি পদে নির্বাচিত হওয়ার পর জাতিসংঘে দেওয়া প্রথম বক্তব্যে বৈশ্বিক শান্তি , টেকসই উন্নয়ন , মানবাধিকার ও বহুপাক্ষিক সহযোগিতা জোরদারে ছয়টি কর্মস্তম্ভভিত্তিক কর্মপরিকল্পনার ঘোষণা দিয়েছেন বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমান। গতকাল মঙ্গলবার (২ জুন) জাতিসংঘে সদস্য রাষ্ট্রগুলোর প্রতি কৃতজ্ঞতা জানিয়ে তিনি বলেন , তাদের আস্থা ও সমর্থনের কারণেই তিনি জাতিসংঘ সাধারণ পরিষদের ৮১তম অধিবেশনের সভাপতির দায়িত্ব গ্রহণের সুযোগ পেয়েছেন। তিনি এই দায়িত্বকে বিনয় ও শ্রদ্ধা র সঙ্গে গ্রহণ করছেন বলে উল্লেখ করেন। ড . খলিলুর রহমান এ সময় তাকে মনোনয়ন দেওয়ার জন্য প্রধানমন্ত্রী তারেক রহমানকে ধন্যবাদ জানান। পাশাপাশি প্রচারণা চলাকালে সহযোগিতা করা দেশের জনগণ , তার টিম এবং বিশ্বের বিভিন্ন প্রান্তের শুভানুধ্যায়ীদের প্রতিও কৃতজ্ঞতা প্রকাশ করে ন। তিনি প্রতিদ্বন্দ্বী প্রার্থী আন্দ্রেয়াস কাকৌরিসের প্রশংসা করে বলেন, তিনি একটি গঠনমূলক ও দৃষ্টান্তমূলক প্রচারণা পরিচালনা করেছেন , যা ভবিষ্যতে সদস্য রাষ্ট্রগুলোর জন্য একটি অনুসরণীয় উদাহরণ হয়ে থাকবে। বক্তব্যে নির্বাচিত সভাপতি হিসেবে খলিলুর রহমান বলেন , জাতিসংঘ তার নবম দশকে প্রবেশ করতে যাচ্ছে এমন এক সময়ে , যখন সংস্থাটির প্রতি বৈশ্বিক আস্থা বিভিন্ন দিক থেকে পরীক্ষার মুখোমুখি। যুদ্ধ ও সংঘাতের কারণে বিশ্বজুড়ে মানবিক সংকট অব্যাহত রয়েছে, উন্নয়ন অর্জনগুলো ঝুঁকির মধ্যে রয়েছে এবং অনেক ক্ষেত্রে পিছিয়ে যাচ্ছে। একইসঙ্গে মানবাধিকার ও মৌলিক স্বাধীনতার ক্ষেত্রেও পশ্চাদপসরণ দেখা যাচ্ছে। তিনি বলেন, বহুপাক্ষিক ব্যবস্থার ওপর ক্রমবর্ধমান চাপ এবং জাতিসংঘের আর্থিক সংকট সংস্থাটির কার্যকারিতা নিয়ে জনমনে প্রশ্ন তৈরি করছে। এসব চ্যালেঞ্জ মোকাবিলায় সদস্য রাষ্ট্রগুলোর সঙ্গে যৌথভাবে কাজ করা র অঙ্গীকার করেন তিনি। শান্তি ও নিরাপত্তা খাতে নিজের অগ্রাধিকার তুলে ধরে ড . খলিলুর রহমান বলেন, বাংলাদেশের শান্তিরক্ষীদের অভিজ্ঞতা ও অবদান থেকে তিনি অনুপ্রেরণা নেবেন। সাইপ্রাস থেকে সুদান পর্যন্ত বিভিন্ন দেশে বাংলাদেশের শান্তিরক্ষীরা আন্তর্জাতিক শান্তি ও নিরা পত্তা রক্ষায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছেন। তিনি বলেন , সংঘাত প্রতিরোধ, রাজনৈতিক সমাধান, শান্তি প্রতিষ্ঠা জোরদার এবং বেসামরিক নাগরিকদের সুরক্ষাকে অগ্রাধিকার দিয়ে একটি সমন্বিত শান্তিরক্ষা কাঠামো গড়ে তোলার পক্ষে তিনি কাজ করবেন। একইসঙ্গে শান্তিরক্ষা কার্যক্রে মে নারীদের অংশগ্রহণ বাড়ানোর বিষয়েও গুরুত্বারোপ করেন। টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) বাস্তবায়নের বিষয়ে খলিলুর রহ মান বলেন, ২০৩০ অ্যাজেন্ডা বাস্তবায়নে প্রতিশ্রুতি ও অর্জনের মধ্যে এখনও বড়ো ধরনের ব্যবধান রয়েছে। ২০২৭ সালের এসডিজি সম্মেলনকে সামনে রেখে পিছিয়ে থাকা লক্ষ্যগুলো অর্জনে সদস্য রাষ্ট্রগুলোর সঙ্গে নিবিড়ভাবে কাজ করার প্রত্যয় ব্যক্ত করেন তিনি। এ ছাড়া, এসডিজি অর্থায়নের ঘাটতি পূরণ, ঋণের স্থায়িত্ব নিশ্চিত করা, আন্তর্জাতিক আর্থিক কাঠামোর সংস্কার এবং নারী ও কন্যাশিশুদের পূর্ণ ও অর্থবহ অংশগ্রহণ নিশ্চিত করার বি ষয়েও গুরুত্বারোপ করেন ইউএনজিএর নবনির্বাচিত সভাপতি। স্বল্পোন্নত দেশগুলোর জন্য গৃহীত দোহা কর্মসূচিসহ উন্নয়ন -সংক্রান্ত আন্তর্জাতিক অঙ্গীকার বাস্তবায়নে তিনি বিশেষ নজর দেবেন।(রেডিও টুডে ওয়েব পেজ: ০৩.০৬.২০২৬ এলিনা)

## পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমানকে যুক্তরাষ্ট্রের অভিনন্দন

জাতিসংঘ সাধারণ পরিষদের (ইউএনজিএ) ৮১তম অধিবেশনের সভাপতি নির্বাচিত হওয়ায় বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমানকে অভিনন্দন জানিয়েছে যুক্তরাষ্ট্র। এ বছরের সেপ্টেম্বরে এই অধিবেশন শুরু হবে। গতকাল নিউইয়র্কে জাতিসংঘ সদর দপ্তরে এই নির্বাচন অনুষ্ঠি ত হয়। নির্বাচন সম্পন্ন হওয়ার পর , বাংলাদেশে নিযুক্ত মার্কিন রাষ্ট্রদূত ব্রেন্ট টি ক্রিস্টেনসেন এই অভিনন্দন জানান। এক বার্তায় মার্কিন দূত বলেন , "জাতিসংঘের ৮১তম সাধারণ পরিষদের সভাপতি নির্বাচিত হওয়ায় , পররাষ্ট্রমন্ত্রী খলিলুর রহমানকে অভিনন্দন। „ আগামী ৮ সেপ্টেম্বর জাতিসংঘ সাধারণ পরিষদের ৮১তম অধিবেশন শুরু হওয়ার কথা রয়েছে। এর দুই সপ্তাহ পর বিশ্ব নেতারা বার্ষিক উচ্চপর্যায়ের আলোচনা সভায় অংশ নিতে নিউইয়র্কে জাতিসংঘ সদর দপ্তরে সমবেত হবেন। একটি গোপন ব্যালট নির্বাচনে সাইপ্রাসের প্রার্থী আন্দ্রেয়াস কাকোরিসকে পরাজিত করে ঐতি হাসিক জয়লাভ করেন পররাষ্ট্রমন্ত্রী ড . খলিলুর রহমান। কাস্টিং হওয়া ১৯০টি ভোটের মধ্যে ড. খলিলুর পান ৯৯টি ভোট ও কাকোরিস পান ৯১টি ভোট। নির্বাচনে কোনো ভোট বাতিল হয়নি এবং কেউ ভোটদান থেকে বিরতও ছিলেন না। এই জয় বাংলাদেশের জন্য একটি তাৎপর্যপূর্ণ কূটনৈতিক সাফল্য। এটি বহুপক্ষীয় সহযোগিতা ও দেশের নেতৃত্বের প্রতি আন্তর্জাতিক সম্প্রদায়ের আস্থারই বহিঃপ্রকাশ। আগামী সেপ্টেম্বর মাসে অধিবেশন শুরু হলে ড . খলিলুর ৮১তম জাতিসংঘ সাধারণ পরিষদের সভাপতির দায়িত্বভার গ্রহণ করবেন।(রেডিও টুডে ওয়েব পেজ: ০৩.০৬.২০২৬ এলিনা)

## জনশক্তিতে সিন্ডিকেট বন্ধ করতে না পারলে পদ ছাড়বেন মন্ত্রী

বিদেশে কর্মী পাঠানোর কাজে সিন্ডিকেটমুক্ত পরিবেশ নিশ্চিত করতে না পারলে মন্ত্রিত্ব ছেড়ে দেবেন বলে ঘোষণা দিয়েছেন প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থানমন্ত্রী আরিফুল হক চৌধুরী। মঙ্গলবার প্রবাসী কল্যাণ মন্ত্রণালয়ে আয়োজিত এক সংবাদ সম্মেলনে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি বলেন , সিন্ডিকেটমুক্ত করা আমার চ্যালেঞ্জ। এটা যদি না করতে পারি , চলে যাব। প্রথম দিন থেকে বলে আসছি , যদি এখানে মন্ত্রী থাকি , এখানে কোনো ধরনের সিন্ডিকেটের সুযোগ থাকবে না , জিরো টলারেন্স। মালয়েশিয়ার শ্রমবাজার নিয়ে এক প্রশ্নের জবাবে আরিফুল হক চৌধুরী বলেন , চলতি মাসে প্রধানমন্ত্রী তারেক রহমান মালয়েশিয়া সফরে যাচ্ছেন। তবে ওই সফরে শ্রমবাজার - সংক্রান্ত কোনো নতুন সমঝোতা স্মারক সই হবে কিনা , সে বিষয়ে এখন পর্যন্ত কোনো তথ্য নেই। সংবাদ সম্মেলনে নির্বাচনি প্রতিশ্রুতির অংশ হিসেবে প্রবা সীদের জন্য একটি সমন্বিত কার্ড চালুর পরিকল্পনার কথাও জানান মন্ত্রী। তিনি বলেন, প্রবাসী কার্ড চালু হলে আলাদা বিএমইটি কার্ড থাকবে না। একটি কার্ডের মাধ্যমেই প্রবাসীরা প্রয়োজনীয় সব সুবিধা পাবেন। এ লক্ষ্যে কাজ চলছে। আরিফুল হক চৌধুরী বলেন , দেশের নাগরিকদের জীবন ঝুঁ কিতে ফেলা এবং প্রতারণামূলকভাবে বিদেশে পাঠানোর মতো অপরাধের সঙ্গে জড়িত কোনো চক্র, সংস্থা, ব্যক্তি বা গোষ্ঠীকে ছাড় দেওয়া হবে না। কোনো এজেন্সির অসততার কারণে বৈদেশিক কর্মসংস্থান ক্ষতিগ্রস্ত হতে দেওয়া হবে না।

(রেডিও টুডে ওয়েব পেজ:০৩.০৬.২০২৬ আসাদ)

## নির্বাচনি প্রতিশ্রুতি বাস্তবায়নে পদক্ষেপ নিয়েছে সরকার: মির্জা ফখরুল

এলজিআরডি মন্ত্রী ও বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন , ক্ষমতা গ্রহণের মাত্র তিন মাসের মধ্যেই সরকার প্রত্যেকটা নির্বাচ নি প্রতিশ্রুতি পালনের পদক্ষেপ গ্রহণ করেছে। বুধবার দুপুরে জেলার রুহি য়া হাইস্কুল মাঠে উপজেলা বিএনপির আয়োজনে এক জনাকীর্ণ গণসংবর্ধনায় তিনি একথা বলেন। উল্লেখ্য , গত ৭ মে প্রশাসনিক পুনর্বিন্যাস সংক্রান্ত জাতীয় বাস্তবায়ন কমিটি র ১২০তম সভায় সরকার `রুহিয়াকে, পূর্ণাঙ্গ উপজেলা হিসেবে গঠনের অনুমোদন দেওয়ায় আজ এ গণসংবর্ধনার আয়োজন করা হয়। গণসংবর্ধনায় অংশ নিয়ে তিনি বলেন, "ক্ষমতা গ্রহণের মাত্র তিন মাস হলেও এ স্বল্প সময়ের মধ্যেই সরকারের দেওয়া নানা অঙ্গীকারের বাস্তবায়ন দৃশ্যমান হয়েছে। ইতোমধ্যেই ঠাকুরগাঁও বিশ্ববিদ্যালয়, ঠাকুরগাঁও মেডিকেল কলেজ ও ইঞ্জিনিয়ারিং কলেজ চালু , ঠাকুরগাঁও বিমানবন্দর পুনরায় চালু এবং ইপিজেড নির্মাণ - ইত্যাদি উন্নয়নমূলক কাজের মধ্যদিয়ে সরকার তার সবগুলো নির্বাচ নি প্রতিশ্রুতি পালনের বাস্তব পদক্ষেপ গ্রহণ করেছে।„ মির্জা ফখরুল জানান, সরকার বিগত তিন মাসে ঠাকুরগাঁওয়ে বিভিন্ন মাদ্রাসা, মসজিদসহ বিভিন্ন প্রতিষ্ঠানে ৭২ কোটি টাকার উন্নয়ন স হযোগিতাও করেছে। জনকল্যাণের উদ্দেশ্যে দেওয়া সকল শপথ বাস্তবায়নে দেশজুড়ে এ ধরনের উন্নয়নমূলক কাজ চালিয়ে যাবে সরকার। তিনি বলেন , বাংলাদেশ আগামী এক বছরের জন্য জাতিসংঘ সাধারণ পরিষদের সভাপতি নির্বাচিত হয়েছে, যা এ দেশের জন্য বিরল সম্মান বয়ে এনেছে। উন্নয়নের পথে বাংলাদেশ এভাবেই দৃপ্ত পদক্ষেপে অগ্রসর হতে থাকবে। তিনি আরও বলেন, তবে এত ভালো কাজের ভেতরেও একটি মহল দেশকে অস্থিতিশীল করার জন্য ষড়যন্ত্র করছে , এদের বিরুদ্ধে সকলকে সজাগ থাকতে হবে। তরুণদের এগিয়ে আসতে হবে , সকল ষড়যন্ত্র রুখে দিয়ে আগামীর বাংলাদেশের নেতৃত্ব হাতে তুলে নি তে হবে। মাদক, আগ্রাসন, অন্যায় ও দুর্নীতির বিরুদ্ধে লড়াই চালিয়ে যেতে হবে।

(রেডিও টুডে ওয়েব পেজ:০৩.০৬.২০২৬ আসাদ)

## হাম উপসর্গে আরও ৭ জনের মৃত্যু

হামের উপসর্গ নিয়ে গত ২৪ ঘণ্টায় দেশে আরও ৭ জনের মৃত্যু হয়েছে। তবে এ সময়ে নিশ্চিত হামে কোনো মৃত্যুর ঘটনা ঘটেনি। এই সময়ের মধ্যে হাম ও হামের উপসর্গ নিয়ে আক্রান্ত হয়েছে ১ হাজার ২১০ জন। বুধবার বিকেলে স্বাস্থ্য অধিদপ্তরের হাম-বিষয়ক হালনাগাদ প্রতিবেদন থেকে এ তথ্য জানা যায়। বিজ্ঞপ্তিতে বলা হয়, গত ২৪ ঘণ্টায় দেশে ১২১০ জন শিশু সন্দেহজনক হামে আক্রান্ত হয়েছেন। গত ১৫ মার্চ থেকে ৩০ মে পর্যন্ত দেশে মোট সন্দেহজনক হাম রোগীর সংখ্যা দাঁড়িয়েছে ৭৪ হাজার ৫৭২ জনে। (রেডিও টুডে ওয়েব পেজ:০৩.০৬.২০২৬ আসাদ)

## হাইকোর্টে রিট খারিজ, বিসিবি নির্বাচনে বাধা নেই

বাংলাদেশ ক্রিকেট বোর্ডের বিসিবি নির্বাচনের তফশিল ও ভোটার তালিকার বৈধতা চ্যালেঞ্জ করা রিট খারিজ করে দিয়েছেন হাইকোর্ট। এতে করে বিসিবি নির্বাচনে আর বাধা নেই। বিচারপতি ভীষ্মদেব চক্রবর্তী ও বিচারপতি মো. আসিফ হাসানের সমন্বয়ে গঠিত একটি হাইকোর্ট ডিভিশন বেঞ্চ শুনানির পর উত্থাপিত হয়নি মর্মে রিটটি খারিজ করে আজ আদেশ দেন। এই আদেশের ফলে আগামী ৭ জুন অনুষ্ঠেয় বিসিবি নির্বাচনে বাধা নেই বলে জানিয়েছেন রাষ্ট্র পক্ষের আইনজীবী। আদালতে রিটের পক্ষে ছিলেন সিনিয়র আইনজীবী মোহাম্মদ হোসেন, অ্যাডভোকেট আজিম উদ্দিন পাটোয়ারী ও শফিকুল ইসলাম। আর রাষ্ট্রপক্ষে ছিলেন অ্যাটর্নি জেনারেল ব্যারিস্টার মো. রুহুল কুদ্দুস কাজল। বিসিবির পক্ষে ছিলেন ব্যারিস্টার মাহিন এম রহমান। (রেডিও টুডে ওয়েব পেজ:০৩.০৬.২০২৬ আসাদ)

## আইএমএফের কাছে অর্থ সহায়তা চাইলো বাংলাদেশ

দেশের চলমান অর্থনৈতিক সংস্কার কার্যক্রমকে সমর্থন দিতে আন্তর্জাতিক মুদ্রা তহবিল আইএমএফ-এর কাছে একটি নতুন আর্থিক সহায়তা কর্মসূচির আবেদন করেছে বলে জানিয়েছেন আইএমএফের বাংলাদেশ মিশন প্রধান ইভো ক্রজনার। বুধবার প্রকাশিত এক বিবৃতিতে এ তথ্য জানিয়েছে আইএমএফ। এতে ক্রজনার বলেন, নতুন কর্মসূচি বিবেচনার অংশ হিসেবে আইএমএফের কর্মকর্তারা বাংলাদেশের কর্তৃপক্ষের সঙ্গে তাদের সংস্কার পরিকল্পনা এবং নীতিগত অগ্রাধিকার নিয়ে আলোচনা করছেন। তিনি জানান, ২০২৩ সালের জানুয়ারিতে অনুমোদিত এক্সটেন্ডেড ক্রেডিট ফ্যাসিলিটি, এক্সটেন্ডেড ফান্ড ফ্যাসিলিটি এবং রেজিলিয়েন্স অ্যান্ড সাসটেইনেবিলিটি ফ্যাসিলিটির অধীনে চলমান কর্মসূচিগুলো একটি কঠিন সময়ে গুরুত্বপূর্ণ নীতিগত ভিত্তি হিসেবে কাজ করেছে। তবে বর্তমানে দেশের সামষ্টিক অর্থনীতি ও রাজনৈতিক প্রেক্ষাপট উল্লেখযোগ্যভাবে পরিবর্তিত হয়েছে, যার ফলে নতুন করে সংস্কার প্রচেষ্টা প্রয়োজন। বিবৃতিতে ব্যাংকিং খাতের দুর্বলতা এবং রাজস্ব আহরণের নিম্ন হার প্রধান চ্যালেঞ্জ হিসেবে উল্লেখ করা হয়েছে, যা দীর্ঘমেয়াদি সংস্কারের প্রয়োজনীয়তা তুলে ধরে। এতে জানানো হয়, নতুন কর্মসূচির জন্য এই আবেদন আইএমএফ এবং বাংলাদেশের মধ্যে এমন একটি কাঠামো তৈরির সুযোগ তৈরি করেছে, যা বর্তমান অর্থনৈতিক বাস্তবতার প্রতিফলন ঘটাবে এবং কর্তৃপক্ষের অগ্রাধিকারকে অন্তর্ভুক্ত করবে। যে-কোনো নতুন কর্মসূচি দেশের বৈদেশিক লেনদেনের প্রয়োজনের ওপর নির্ভর করবে এবং এর জন্য শক্তিশালী নীতিগত প্রতিশ্রুতি, বিশ্বাসযোগ্য সংস্কার পরিকল্পনা এবং আইএমএফ নির্বাহী বোর্ডের অনুমোদন প্রয়োজন হবে।
(রেডিও টুডে ওয়েব পেজ:০৩.০৬.২০২৬ আসাদ)

## তিন দেশ থেকে আসছে পাঁচ কার্গো এলএনজি

আন্তর্জাতিক বাজার থেকে পাঁচ কার্গো তরলীকৃত প্রাকৃতিক গ্যাস এলএনজি কেনার সিদ্ধান্ত নিয়েছে সরকার। আজ বুধবার সচিবালয়ে অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত সরকারি ক্রয়সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠকে এই এলএনজি কেনার অনুমোদন দেওয়া হয়েছে । সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, ক্রয়কৃত এসব এলএনজির মধ্যে সুইজারল্যান্ড থেকে ২ কার্গো, যুক্তরাজ্য থেকে ২ কার্গো এবং সিঙ্গাপুর থেকে ১ কার্গো এলএনজি কেনা হবে। সূত্র মতে, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের প্রস্তাবের পরিপ্রেক্ষিতে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০২৫-এর বিধি ১০৫(৩)(ক) অনুসরণ করে আন্তর্জাতিক কোটেশন সংগ্রহ পদ্ধতিতে ৩ কার্গো এলএনজি কেনার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। অনুমোদিত প্রস্তাব অনুযায়ী , ২০২৬ সালের ২৬-২৭ জুন সময়ের জন্য ২৬তম কার্গো, ৩০ জুন-১ জুলাই সময়ের জন্য ২৭তম কার্গো এবং ৬-৭ জুলাই সময়ের জন্য ২৮তম কার্গো, এই তিন কার্গো এলএনজি কেনা হবে। ক্রয় প্রস্তাবের আওতায় এক কার্গো এলএনজি সিঙ্গাপুরভিত্তিক প্রতিষ্ঠান বিপি সিঙ্গাপুর প্রাইভেট লিমিটেড এবং দুই কার্গো যুক্তরাজ্যভিত্তিক টোটাল ইঞ্জিনিয়ারিং গ্যাস অ্যান্ড পাওয়ার লিমিটেডের কাছ থেকে সংগ্রহ করা হবে। এই তিন কার্গো এলএনজি কিনতে মোট ব্যয় ধরা হয়েছে ২ হাজার ৩৭২ কোটি ২১ লাখ ১৮ হাজার ৭৮৪ টাকা।
(রেডিও টুডে ওয়েব পেজ:০৩.০৬.২০২৬ আসাদ)

## নেপালকে হারিয়ে টানা তৃতীয়বার সাফের ফাইনালে বাংলাদেশ

রুদ্ধশ্বাস এক লড়াইয়ে নেপালকে ২-১ গোলে হারিয়ে সাফ নারী চ্যাম্পিয়নশিপের ফাইনালে পৌঁছে গেছে বাংলা দেশ। ভারতের গোয়ায় সেমিফাইনালের হাই-ভোল্টেজ ম্যাচে পিছিয়ে পড়েও প্রত্যাবর্তনের গল্প লিখেছে বর্তমান চ্যাম্পিয়নরা। ম্যাচের অন্তিম মুহূর্তে নেপালের আত্মঘাতী গোল বাংলাদেশের জয় নিশ্চিত করে। তাতেই টানা তৃতীয়বার নারী সাফের ফাইনালে উঠল বাংলাদেশ নারী দল। ফাইনালে ওঠার লড়াইয়ে শুরু থেকেই বেশ ছন্নছাড়া ছিল বাংলাদেশ। সেই সুযোগে ম্যাচের ২৩তম মিনিটে লিড নেয় নেপাল। দীপা শাহির নেওয়া কর্নার কিক থেকে গোল করে নেপালিদের এগিয়ে নেন গীতা রানি। ৩৬তম মিনিটে দ্বিতীয় গোল হজম করা থেকে অলৌকিকভাবে বেঁচে যায় লাল -সবুজ শিবির। নেপালের প্রীতি রাজের একটি দূরপাল্লার জোরালো শট গোলরক্ষক মিলি আক্তারের হাতে লেগে পোস্টে প্রতিহত হয়। পিছিয়ে পড়া বাংলাদেশ প্রথমার্ধের শেষ দিকে গোলের জন্য মরিয়া হয়ে একের পর এক আক্রমণ চালাতে থাকে। অবশেষে বিরতির বাঁশি বাজার ঠিক আগ মুহূর্তে অবিশ্বাস্য এক গোল করেন ঋতুপর্ণা চাকমা। ক র্নার কিক থেকে সরাসরি বাঁকানো শটে নেপালের জালে বল পাঠিয়ে দলকে ১-১ সমতায় ফেরান তিনি। বিরতির পর দুই দলই জয়ের নেশায় মরিয়া হয়ে আক্রমণ চালাতে থাকে। দ্বিতীয়ার্ধের শুরুতেই অল্পের জন্য দ্বিতীয় গোল হজম থেকে বাঁচে বাংলাদেশ। নেপালের রেখা গোলকিপারকে ফাঁকি দিয়ে বল ফাঁকা জালের দিকে ঠেলে দিলেও তা পোস্টে লেগে দিক পরিবর্তন করে। ম্যাচের ৬৯ মিনিটে নেপালের সারু লিম্বুর একটি বাঁকানো শট গোলপোস্টের সামান্য ওপর দিয়ে চলে গেলে আবারও রক্ষা পায় বাংলাদেশ। ৭৮ মিনিটে গোল করার সহজ সুযোগ পেয়েছিলেন বাংলাদেশের সাগরিকা। তবে নেপাল অধিনায়ক গোলকি পার সুব্বা লাফিয়ে উঠে ঘুসি মেরে সাগরিকার শটটি ফিরিয়ে দেন। অবশেষে ম্যাচের যোগ করা সময়ে ভাগ্য সহায় হয় বাংলাদেশের। শামসুন্নাহার জুনিয়রের একটি পাস ছিল সাগরিকার উদ্দে শ্যে। সাগরিকার চাপে নেপালের রক্ষণভাগ তালগোল পাকিয়ে ফেলে এবং আত্মঘাতী গোল দিয়ে বসে। এই গোলেই ২-১ ব্যবধানের জয় নিয়ে ফাইনালের টিকিট নিশ্চিত করে পিটার বাটলারের শিষ্যরা। (রেডিও টুডে ওয়েব পেজ:০৩.০৬.২০২৬ আসাদ)

## ইসলামী ব্যাংক উদ্ধারে বিরোধী দলের নেতাকর্মীরা মাঠে নামতে প্রস্তুত: জামায়াতের আমির

ইসলামী ব্যাংক দখল নিয়ন্ত্রণের পাঁয়তারা জনগণ মেনে নেবে না ব লে হুঁশিয়ারি দিয়েছেন বিরোধীদলীয় নেতা শফিকুর রহমান। জামায়াতে ইসলামীর আমির বলেছেন , সরকার ইসলামী ব্যাংককে সাবেক ফ্যাসিস্ট সরকারের আমলে নিয়োগপ্রাপ্ত ব্যক্তিদের হাতে তুলে দেওয়ার চেষ্টা করছে। ইসলামী ব্যাংক উদ্ধারের জন্য বিরোধী দলের নেতাকর্মীরা মাঠে নামতে প্রস্তু ত। ইসলামী ব্যাংক নিয়ে টানাটানির সুযোগ কাউকে দেওয়া হবে না। বুধবার রাতে রাজধানীর মিরপুরে ঢাকা-১৫ আসনের নেতাকর্মীদের ঈদ পুনর্মিলনী অনুষ্ঠানে এসব কথা বলেন শফিকুর রহমান। তিনি বলেন , আওয়ামী লীগ সরকারের আমলে ইসলামী ব্যাংক থেকে ৩৪ হাজার কোটি টাকা লুটপাট করা হ য়েছে। আবারও ফ্যাসিবাদী কায়দায় ব্যাংক খাতকে ক্ষতিগ্রস্ত করার চেষ্টা চলছে। ইসলামী ব্যাংকের ক্ষতি হলে দেশের অর্থনীতি মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হবে। সরকারকে ব্যাংকিং খাতে স্থিতিশীলতা বজায় রাখার আহ্বান জানিয়ে বাংলাদেশ ব্যাংক গভর্নরের সমালোচনা করেন জামায়াত আমি র। তিনি বলেছেন, দেশ এভাবে চলতে পারে না। একদল পালিয়ে গেছে পাশের দেশে। বাকি দল যাবে কোথায় , এমন প্রশ্ন তোলেন। বিরোধী দলের ভূমিকা প্রসঙ্গে শফিকুর রহমান বলেন , জনগণের স্বার্থে জামায়াত শক্তিশালী কণ্ঠস্বর হিসেবে কাজ করবে। গৃহপালিত বিরোধী দল হবে না।
(রেডিও টুডে ওয়েব পেজ:০৩.০৬.২০২৬ আসাদ)

## বিদ্যুতের নতুন দরে চাপ বাড়ল সিএনজি খাতে, কমিশন সমন্বয়ের দাবি

বিদ্যুতের মূল্যবৃদ্ধির প্রভাব সমন্বয় ও কমিশন বাড়ানোর দাবি জানিয়েছে বাংলাদেশ সিএনজি ফিলিং স্টেশন ও কনভার্সন ওয়ার্কশপ ওনার্স অ্যাসোসিয়েশন। সংগঠনটির মহাসচিব ফারহান নূর বুধবার সমকালকে বলেন, গত কয়েক বছরের বিদ্যুতের মূল্যবৃদ্ধির কারণে প্রতি ঘনমিটার সিএনজি উৎপাদনে অতিরিক্ত ১.৬০ টাকা খরচ যুক্ত হয়েছে। এছাড়া, বাজার পরিস্থিতি ও ক্রমবর্ধমান ব্যয় বিবেচনায় কমিশন বা মার্জিন ন্যূনতম ৩ টাকা ৫০ টাকা বাড়ানো দরকার। সব মিলিয়ে মোট কমিশন ৫ টাকা ১০ টাকা বাড়ানোর জন্য গত কয়েক বছর ধরে দাবি জানানো হলেও সরকার তা মানছে না। এর মধ্যে বুধবার বিদ্যুতের দাম আরও ১৭ শতাংশ বাড়ানো হয়েছে। এখন ৮ টাকা কমিশনের ৬ টাকাই বিদ্যুতে খরচ হবে। বাকি ২ টাকা দিয়ে ব্যবসা কীভাবে হবে। তিনি বলেন, বিদ্যুতের নতুন দাম বৃদ্ধির কারণে কমিশন ৬ টাকা বাড়াতে হবে। সম্প্রতি সিএনজি মালিকদের বিদ্যুৎ বিভাগে পাঠানো এক চিঠিতে বলা হয়, ২০১৫ সাল থেকে দফায় দফায় বিদ্যুতের দাম বাড়লেও সে অনুযায়ী সিএনজি স্টেশন মালিকদের কমিশন সমন্বয় করা হয়নি। এতে লাইসেন্স ফি, ইজারা ব্যয়, ব্যাংক সুদ, রক্ষণাবেক্ষণ ব্যয়, কর্মচারীদের বেতন ও যন্ত্রাংশের দাম বৃদ্ধির কারণে অনেক স্টেশন এখন লোকসানে চলছে বলে দাবি করা হয়। সংগঠনটি আরও জানায়, ২০১৩ ও ২০১৭ সালের মন্ত্রণালয়ের নির্দেশনায় মূল্য সমন্বয়ের সুপারিশ থাকলেও তা বাস্তবায়িত হয়নি। পরবর্তীতে ২০২৪ ও ২০২৫ সালেও পৃথকভাবে চিঠি দেওয়া হলেও কার্যকর কোনো পদক্ষেপ নেওয়া হয়নি। (রেডিও টুডে ওয়েব পেজ:০৩.০৬.২০২৬ আসাদ)

## মেট্রোরেল চলাচলের সময় আরও বাড়ছে, ৭ জুন থেকে কার্যকর

নগরবাসীর যাতায়াত আরও সহজ করতে মেট্রোরেলের চলাচলের সময় বাড়ানোর উদ্যোগ নিয়েছে ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড। নতুন সিদ্ধান্ত অনুযায়ী, রাতের শেষ ট্রেনের সময় ২০ মিনিট বাড়ানো হচ্ছে। আগামী ৭ জুন (রোববার) থেকে এই নতুন সময়সূচি কার্যকর হওয়ার কথা রয়েছে। বুধবার মেট্রোরেলের দায়িত্বশীল সূত্র এ তথ্য নিশ্চিত করেছে। সূত্র জানিয়েছে, উত্তরা ও মতিঝিল– উভয় প্রান্ত থেকে সর্বশেষ ট্রেন ছাড়ার সময় ২০ মিনিট বাড়ানোর প্রস্তাব অনুমোদন পেয়েছে। বর্তমানে সপ্তাহের সাত দিনই উত্তরা উত্তর স্টেশন থেকে শেষ ট্রেন ছেড়ে যায় রাত সাড়ে ৯টায় এবং মতিঝিল থেকে রাত ১০টা ১০ মিনিটে। নতুন সময়সূচি অনুযায়ী, উত্তরা থেকে শেষ ট্রেন ছাড়বে রাত ৯টা ৫০ মিনিটে এবং মতিঝিল থেকে রাত ১০টা ৩০ মিনিটে। অতিরিক্ত এই ২০ মিনিট সময়ের মধ্যে নতুন কোনো ট্রেন যুক্ত করা হচ্ছে না। সংশ্লিষ্ট সূত্র জানিয়েছে, বিদ্যমান সূচির ধারাবাহিকতায় ২০ মিনিট হেডওয়ে বজায় রেখেই শেষ ট্রেন পরিচালনা করা হবে। সূত্র আরও জানায়, সময় বাড়ানোর বিষয়ে প্রয়োজনীয় পরীক্ষামূলক কার্যক্রম ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। সব ধরনের প্রস্তুতিও শেষ। এখন কেবল আনুষ্ঠানিক ঘোষণা দেওয়ার অপেক্ষা। এক-দুই দিনের মধ্যেই এ বিষয়ে বিজ্ঞপ্তি প্রকাশ হতে পারে। (রেডিও টুডে ওয়েব পেজ:০৩.০৬.২০২৬ আসাদ)

## হাদি হত্যার বিচার দাবিতে কর্মসূচি ঘোষণা ইনকিলাব মঞ্চের

ইনকিলাব মঞ্চের মুখপাত্র শরিফ ওসমান বিন হাদি হত্যার দ্রুত বিচার নিশ্চিত ও খুনিদের দেশে ফিরিয়ে আনার দাবিতে বিক্ষোভ সমাবেশের ডাক দিয়েছে ইনকিলাব মঞ্চ। বৃহস্পতিবার সন্ধ্যায় মশাল মিছিল ও শুক্রবার বাদ জুমা সারা দেশে বিক্ষোভ সমাবেশের ডাক দিয়েছে প্ল্যাটফর্মটি। বুধবার বিকেলে ঢাকা বিশ্ববিদ্যালয়ের মধুর ক্যান্টিনের সামনে সংবাদ সম্মেলনে এ কর্মসূচি ঘোষণা দেন ইনকিলাব মঞ্চের সদস্য সচিব আব্দুল্লাহ আল জাবের। তিনি বলেন, বৃহস্পতিবার সন্ধ্যায় ইনকিলাব মঞ্চের উদ্যোগে মশাল মিছিল অনুষ্ঠিত হবে। এ ছাড়া শুক্রবার জুমার নামাজের পর ঢাকা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মসজিদ থেকে বিক্ষোভ মিছিল করা হবে। একই দাবিতে দেশের বিভিন্ন স্থানে কর্মসূচি পালনেরও ঘোষণা দেওয়া হয়। তিনি বলেন, ওসমান হাদি হত্যার বিচার কার্যক্রমকে বাধাগ্রস্ত করতে বিভিন্ন সময় নানা অপপ্রচার চালানো হয়েছে। এ পর্যন্ত ১৪ থেকে ১৫ বার ওসমান হাদি হত্যার তদন্ত প্রতিবেদন পেছানো হয়েছে। আমরা আর এটি পেছাতে দেব না। (রেডিও টুডে ওয়েব পেজ:০৩.০৬.২০২৬ আসাদ)

# BBC

### US AND IRAN LAUNCH NEW STRIKES, AS KUWAIT SAYS AIRPORT HIT BY IRANIAN DRONES

The US military has said it launched "self-defence" strikes on Iran overnight, and shot down ballistic missiles and drones fired at ships and Gulf countries. The strikes on Qeshm Island, in the Strait of Hormuz, were "in response to attempted attacks by Iran across the Middle East", US Central Command (Centcom) said. Centcom said Iran had fired two missiles at Kuwait and three at Bahrain, all of which broke apart or were intercepted. Iran said it had attacked US bases and helicopters in a "regional country" using missiles and drones in retaliation. One person was killed in Kuwait and more than 60 injured when drones hit buildings including its international airport, officials said.

(BBC News Web Page: 03/06/26, FARUK)

### ISRAEL STRIKES SOUTHERN LEBANON BUT PARTIAL TRUCE WITH HEZBOLLAH APPEARS TO HOLD

Israel continued its attacks in southern Lebanon on Tuesday, but did not strike Beirut following a partial ceasefire agreement with the Iran-backed armed group Hezbollah. Lebanon said that, under an agreement announced by US President Donald Trump late on Monday, Israeli forces would not bomb the capital in exchange for Hezbollah not attacking Israel. It came after Iran said Israeli action in Lebanon jeopardized talks on a deal to end its war with the US. Following the ceasefire announcement, the Israeli military said it had intercepted two projectiles fired into northern Israel. Hezbollah said it had attacked Israeli forces in southern Lebanon, where officials reported deadly Israeli strikes. The Lebanese health ministry also said four people had been killed and 127 injured when Israeli air strikes hit buildings next to Jabal Amel hospital in the city of Tyre on Monday afternoon.
(BBC News Web Page: 03/06/26, FARUK)

**EIGHT KILLED AFTER DRONE HITS BUS IN RUSSIA-CONTROLLED PART OF UKRAINE**

Eight people have been killed and 10 others injured after a drone hit a passenger bus travelling through a Russia-controlled part of Ukraine, Russian state media have said. Denis Pushilin, the Kremlin-installed leader of Ukraine's eastern Donetsk region, said the bus was struck in the early hours of Wednesday as it was travelling between Moscow and Simferopol, in Russian-occupied Crimea. Black smoke could also be seen rising over St Petersburg on Wednesday morning, with Ukraine President Volodymyr Zelensky confirming the city's oil terminal had been hit. The attack comes as the city hosts the annual International Economic Forum, an event designed to showcase Russia to the world.
(BBC News Web Page: 03/06/26, FARUK)

**SHELL PUMPED OIL THROUGH NIGERIA PIPELINE FOR YEARS DESPITE POLLUTION EVIDENCE, DOCUMENTS SHOW**

British multinational Shell continued operating a major oil pipeline in Nigeria for years even though it knew it was causing widespread pollution - despite a warning from its own staff and its own technical standards, internal documents obtained by the BBC show. The files, including emails and presentations, reveal that a senior Shell executive cautioned as early as 2008 about the risks of continuing to pump millions of barrels of unrefined fuel through one of the company's main pipelines in Africa's biggest oil producer while it was subject to massive and destructive uncontrolled theft and infrastructure failures. Across Nigeria's oil-rich southern Niger Delta, decades of oil spills have left a landscape deeply scarred, with wetlands increasingly coated in crude and contaminated sediment.
(BBC News Web Page: 03/06/26, FARUK)

**FOREIGN NATIONALS AMONG AT LEAST 21 KILLED IN DELHI FIRE**

At least 21 people have been killed and many others injured after a fire tore through a multi-storey building in south Delhi, police in India's capital say. Many of the victims were foreigners - including people from South Asian and African countries - who had travelled to India for medical treatment or to accompany relatives undergoing care, local media reported. The building in the Malviya Nagar area allegedly operated as a bed-and-breakfast catering to patients and relatives of those receiving treatment at a nearby private hospital. More than 40 people were rescued and taken to hospital. It remains unclear how many were inside the building when fire broke out. It cause is not yet known. The blaze is one of the deadliest in recent years in the Indian capital. (BBC News Web Page: 03/06/26, FARUK)

**MAYOR CANCELS DR CONGO FRIENDLY WITH CHILE IN SPAIN OVER EBOLA CONCERN**

Democratic Republic of Congo's international friendly against Chile in Spain next week has been cancelled after authorities raised health concerns over the Ebola outbreak in the African nation. Juan Franco, mayor of the city of La Linea de la Concepcion, has signed a decree which prevents the fixture from going ahead on 9 June as planned. The decision was described as a "precautionary measure" and comes after recommendations from the Andalusian regional health service and the municipality's own medical department. La Linea, a coastal resort in the of around 65,000 people in the province of Cadiz close to the Gibraltar border, had been due to host the match as both nations continued their preparations for the World Cup. (BBC News Web Page: 03/06/26, FARUK)

**BRITISH COUPLE LOSE IRAN JAIL SENTENCE APPEAL: FAMILY**

A British couple jailed in Iran on espionage charges have lost an appeal against their 10-year sentence, according to their family. Lindsay and Craig Foreman were arrested in January 2025 while passing through Iran on a round-the-world motorcycle trip. They were accused of spying - charges they adamantly deny - and were sentenced in February. Both are currently on hunger strike in Tehran's Evin prison. A member of their legal team in the UK told the BBC no reason was given for the rejection of their appeal. Lindsay's son, Joe Bennett, said they were "not permitted to attend their own appeal hearing". He added: "It is a serious human rights violation, and it is one more reason why two British citizens, with no other options left, are now starving themselves in protest." A Foreign Office spokesperson said: "We are disappointed by the appeal decision and will continue working to ensure that Craig and Lindsey are returned safely to the UK." (BBC News Web Page: 03/06/26, FARUK)

**UKRAINIAN DRONES HIT ST PETERSBURG AS PUTIN'S FLAGSHIP ECONOMIC FORUM OPENS**

Ukraine has carried out a strike on the outskirts of Russia's St Petersburg, hours before the opening of a major economic forum designed to attract foreign investment into the country. As dawn broke black plumes of smoke rose over Russia's second city, where Vladimir Putin is due to address the financial event on Friday. Thousands of guests from 130 countries are due to attend, including a low-key US delegation. Local authorities said air defences shot down 59 drones overnight and that three different districts of St Petersburg had been hit, although no one was killed. Kremlin spokesman Dmitry Peskov said Moscow would respond to the strikes. "Our responses will be systemic in nature," he said on Wednesday. Mobile internet was disrupted and St Petersburg's Pulkovo Airport was temporarily closed, while some regions of nearby Latvia and Estonia also issued air raid alerts.
(BBC News Web Page: 03/06/26, FARUK)

**US ANNOUNCES NEW TARIFFS OVER FORCED LABOUR CONCERNS**

The US has announced new tariffs of 10-12.5% on dozens of countries accounting for almost all its imports over concerns they are not doing enough to tackle forced labour. It is the second time President Donald Trump’s administration has announced new import taxes since the US Supreme Court struck down many of his previous duties in February. The US Trade Department said these countries will face the tariffs because of their failure to address the importing of goods made with forced labour. The UK said it is tackling forced labour, China denied goods are made with forced labour, the EU said the tariffs were unjustified. Meanwhile, an India analyst said the move was a pressure tactic. The 60 trading partners listed – including the UK, the EU, Canada, India and Japan – account for almost all of the goods sold to the US. (BBC News Web Page: 03/06/26, FARUK)

## :: THE END ::